# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

[[ উপজেলা পরিষদের জুলাই-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]]

সভাপতি : জনাব মোঃ সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৫-০৭-২০২৩ খ্রিঃ

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সদস্য হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য-কে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যদের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন | সভাপতি সভায় সামগ্রিক উন্নয়ন ও ব্যবস্থাপনা ক্যাটাগরীতে উল্লেখযোগ্য ও প্রশংসনীয় অবদানের স্বীকৃতিস্বরূপ সিভিল সার্ভিসের সর্বোচ্চ পদক বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক-২০২৩ চূড়ান্তভাবে মনোনীত হওয়ায় জনাব মোঃ সাদি উর রহিম জাদিদ, উপজেলা নির্বাহী অফিসার-কে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করার প্রস্তাব করেন। | সামগ্রিক উন্নয়ন ও ব্যবস্থাপনা ক্যাটাগরীতে উল্লেখযোগ্য ও প্রশংসনীয় অবদানের স্বীকৃতিস্বরূপ সিভিল সার্ভিসের সর্বোচ্চ পদক বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক-২০২৩ চূড়ান্তভাবে মনোনীত হওয়ায় উপজেলা পরিষদের পক্ষ হতে জনাব মোঃ সাদি উর রহিম জাদিদ, উপজেলা নির্বাহী অফিসার-কে ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের জুন-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের জুন-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | |
| স্থায়ী কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | সংশ্লিষ্ট সকল |
| বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা সভায় জানান উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে। | জুয়ার আড্ডা ও ইয়াবাসহ অন্যান্য মাদকদ্রব্য বিক্রি/সেবন প্রতিরোধ এবং গরু চুরি বন্ধে টহল আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় বিশ্বম্ভরপুর শক্তিয়ারখলা রাস্তার নতুন পাড়া অংশ মেরামত করে জনদুর্ভোগ নিরসন করার প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় কারেন্টের বাজার-ধনপুর রাস্তায় মতিন মৌলানার বাড়ীর নিকট রাস্তার মেরামতযোগ্য অংশ মেরামতের প্রস্তাব করেন। | ০১। বিশ্বম্ভরপুর শক্তিয়ারখলা রাস্তার নতুন পাড়া অংশটুকু মেরামত করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ও উপজেলা [illegible] |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান,সদুকাবাদ ইউপি সভায় বাগবেড় বাজারে কিশ শেড ও ড্রেন নির্মাণের প্রস্তাব করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় শক্তিয়ারখলা বাজারে নারী উদ্যোক্তা কেন্দ্র ও বাদাঘাট দঃ ইউনিয়ন পরিষদ সেবা কুঞ্জ নির্মাণের প্রস্তাব করেন; এ বাবদ ১৪ লক্ষ টাকার বিল উপজেলা হাট বাজার তহবিল ১৫% হতে (পিআইসি পদ্ধতিতে ২লক্ষ টাকা করে মোট ৭টি পিআইসি) পরিশোধের প্রস্তাব করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জনান স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প-এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের সক্ষমতা মূল্যায়নে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর মনোনীত হয়েছে। বাছাইকৃত উপজেলায় মোট ৪০ (চল্লিশ ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হবে। উক্ত টাকা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের নির্দেশনা ও শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করে অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রদান করা হবে। তিনি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ০৮-০৬-২০২৩ তারিখের ১৫১৩ নং স্মারকের নির্দেশনা ও শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করে বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পসমূহ (পরিশিষ্ট:খ-তে সংযুক্ত) চূড়ান্ত অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। | ০২। বাগবেড় বাজারে কিশ শেড ও ড্রেন নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়; কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০৩। শক্তিয়ারখলা বাজারে নারী উদ্যোক্তা কেন্দ্র ও বাদাঘাট দঃ ইউনিয়ন পরিষদ সেবা কুঞ্জ নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়; এ বাবদ ১৪ লক্ষ টাকার বিল উপজেলা হাট বাজার তহবিল ১৫% হতে (পিআইসি পদ্ধতিতে ২লক্ষ টাকা করে মোট ৭টি পিআইসি) পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প-এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পসমূহ (পরিশিষ্ট: খ-তে সংযুক্ত) চূড়ান্ত অনুমোদিত হয়; পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর-কে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান সাম্প্রতিক সময়ে ডেঙ্গু নিয়ে সকলেই উদ্বিগ্ন। ঢাকা থেকে আগতদের মধ্যে ডেঙ্গুর লক্ষণ দেখা দিলে দ্রুত ডাক্তারের স্বরণাপন্ন হওয়ার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। এছাড়াও জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী,রোগ নিয়ন্ত্রণ শাখা,স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য জনপ্রতিনিধিসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br><br>চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি সভায় জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কুক মশালচি জনাব মোঃ মফিজ মিয়া'র মাদক সেবন এবং দীর্ঘদিন একই কর্মস্থলে থাকায় মাদক সেবনের একটি সিন্ডিকেট তৈরি করে হাসপাতালের স্বাস্থ্য সেবার পরিবেশ বিনষ্ট করার অভিযোগের বিষয়ে কি পদক্ষেপ নেয়া হয়েছে মর্মে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি এ বিষয়ে কোন তথ্য দিতে পারেননি। | ০১। সাম্প্রতিক সময়ে ডেঙ্গুর সংক্রমণ উদ্বিগ্নিক হারে বৃদ্ধি পাওয়ায় ঢাকা থেকে আগতদের মধ্যে ডেঙ্গুর লক্ষণ দেখা দিলে দ্রুত ডাক্তারের স্বরণাপন্ন হওয়ার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>০২। ডেঙ্গু ভাইরাস বহনকারী এডিস মশার বিস্তার প্রতিরোধে বাড়ির আশপাশের ঝোপঝাড়,ফুলের টব,জঙ্গল,জলাশয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা,মশা নিধন স্প্রে ও কয়েল ব্যবহারের পাশাপাশি দিনে ও রাতে মশারি ব্যবহার,বাসার চারপাশে জমে থাকা পানি অবশ্যই তিন দিনের মধ্যে ফেলে দেয়া সহ জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী ,রোগ নিয়ন্ত্রণ শাখা,স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউপিকে অনুরোধ করা হয়।<br><br>০৩। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কুক মশালচি জনাব মোঃ মফিজ মিয়া'র বিরুদ্ধে মাদক সেবন ও সেবনকারীদের নিয়ে সিন্ডিকেট তৈরির অভিযোগের বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক কি পদক্ষেপ নেয়া হয়েছে তা পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর ও চেয়ারম্যান,সকল ইউপি |
| উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ডিপিপি মোতাবেক উপজেলা | সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ডিপিপি মোতাবেক উপজেলা | উপজেলা নির্বাহী অফিসার ও |

| | | | |
|---|---|---|---|
| | পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের সংস্থান রয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি ঢাকা'র ২০/৬/২০২৩ তারিখের ২৮৮০(৬৮৪ নং স্মারকমূলে প্রাপ্ত পত্রখানা সভায় উপস্থাপন করে। | যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের স্থান নির্বাচন পূর্বক একটি স্কেচ ম্যাপ প্রস্তুত করে প্রকল্প পরিচালকের কার্যালয়ে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান মৎস্যজীবিদের নিবন্ধন কার্যক্রম চলমান; বিল নার্সারী স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। তিনি জানান বিগত ১৬/৭/২৩ ও ২১/৭/২৩ তারিখে অভিযান চালিয়ে ১ লক্ষ টাকা মূল্যের কোনা জাল এবং ১,৫০,০০০ হাজার টাকা মূল্যের প্লাস্টিকের তৈরি চাই জব্দ করে উপজেলা পরিষদ চত্বরে ধ্বংস করা হয়। বর্তমানে ২৪-৩০ জুলাই পর্যন্ত মৎস্য সপ্তাহের কার্যক্রম চলমান রয়েছে। | ০১। মৎস্যসম্পদ বৃদ্ধির লক্ষ্যে পোনা মাছ নিধন ও নিষিদ্ধ জাল ও চাই ব্যবহার বন্ধ করার বিষয়ে অভিযান পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়।<br>০২। ২৪-৩০ জুলাই, ২০২৩ পর্যন্ত মৎস্য সপ্তাহের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান আইনশৃংখলা বাহিনীর টহল জোরদারসহ স্থানীয় জনপ্রতিনিধিবৃন্দকে সতর্ক থাকার কারনে গত ঈদ উল আজহা উপলক্ষ্যে পার্শ্ববর্তী দেশ ভারত হতে অবৈধভাবে গবাদি পশু আসতে পারেনি। | ০১। বিভাগীয় কার্যক্রম নীতিমালা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। ইউনিয়ন পরিষদে অবস্থিত শেডে টিকাদান কার্যক্রম জোরদার করার নিমিত্ত এআই টেকনিশিয়ানদের নিয়মিত কর্মস্থলে অবস্থানসহ সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ৩১,১২২জন সক্ষম দম্পতি, পদ্ধতি গ্রহনকারী ২৪,১০৩জন, হার ৭৭.৪৫% প্রাতিষ্ঠানিক ডেলিভারী ২০জন। তিনি আরো জানান নবদম্পতিদের জন্য ইনফরমেশন কক্ষ প্রদানে চালু হয়েছে।<br>তিনি আরো জানান ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মাটি ভরাট ও রাস্তা নির্মাণ কাজে প্রায় ১লক্ষ ঘনফুট বালি প্রয়োজন। উক্ত বালি উত্তোলনে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের অনুমতি গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন।<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান পলাশ ও ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে জনবল সংকট রয়েছে। | ০১। মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনার স্থায়ী, অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপ করার ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মাটি ভরাট ও রাস্তা নির্মাণ কাজের জন্য প্রয়োজনীয় বালি উত্তোলনে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের অনুমতি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি তার দপ্তরের ছাদ, দরজা জানালা মেরামতের প্রস্তাব করেন। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা সমবায় অফিসের ছাদ, দরজা জানালা মেরামতের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে টিআর সাধারন কর্মসূচির কাজ চলমান।<br>উপজেলা নির্বাহী অফিসার পিবিজি ও বিবিজি প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। | পিবিজি ও বিবিজি প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| উপজেলা প্রাথমিক বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন জোরদার করা হয়েছে। বিদ্যালয়ের মাঠে | ০১। বিদ্যালয় বিহীন এলাকায় ১০০০ বিদ্যালয় স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলার বিদ্যালয় বিহীন গ্রামে বিদ্যালয় স্থাপনের বিষয়টি শতভাগ | উপজেলা নির্বাহী অফিসার ও |

| | | | |
|---|---|---|---|
| | মাটি ভরাটের নির্দেশনা পাওয়া গেছে। তিনি আরো জানান ঝুঁকিপূর্ণ ভবনে পাঠদান বন্ধ করে ইমার্জেন্সি ইন ইডুকেশন প্রকল্পের অর্থায়নে অস্থায়ী পাঠদান কেন্দ্র নির্মাণ করা হবে।<br>উপজেলা শিক্ষা অফিসার জানান বিদ্যালয় বিহীন এলাকায় ১০০০ বিদ্যালয় স্থাপনের নির্দেশনা পাওয়া গেছে; এ পর্যন্ত ১জনের নিকট হতে জমিসহ বিদ্যালয় স্থাপনের প্রস্তাবনা পাওয়া গেছে। কমপক্ষে ২টি বিদ্যালয় স্থাপনের প্রস্তাবনা প্রেরণের জন্য সভায় মতামত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান,ধনপুর ইউপি সভায় জানান তিনি প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে নিয়মিত প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন।<br>পরিদর্শনকালে তিনি দেখতে পান মাহিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব শামসুজ্জামান, সহকারি শিক্ষক জনাব মোঃ মহরম আলী,রাশনা শারমিন তানজিনা,বিলকিছ আক্তার,ধনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ হাইদুর রহমান,শিলডোয়ার বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব নাজমিন নাহার, চিনাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব শহীদুল ইসলাম আকিক,বাইতকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মোঃ নুরুল ইসলাম সময়মত বিদ্যালয়ে উপস্থিত থাকেননা। যার ফলে শিক্ষক ও বিদ্যালয়ের প্রতি কোমলমতি শিক্ষার্থী ও অভিভাবকদের অনীহা,ক্ষোভ ও বিরূপ ধারণা তৈরি হয়েছে।<br>চেয়ারম্যান,বাদাঘাট(দ.) নং ইউপি জানান দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা নিয়ে স্থানীয় পর্যায়ে বিরোধ রয়েছে। উক্ত বিদ্যালয়ের সীমানা নির্ধারণ করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের সময়মত বিদ্যালয়ে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণের প্রস্তাব করেন। | নিশ্চিত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়; কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br>০২। যেসকল বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবনে পাঠদান করা হয় সেসকল ঝুঁকিপূর্ণ ভবনে পাঠদান বন্ধ করে ইমার্জেন্সি ইন ইডুকেশন প্রকল্পের অর্থায়নে ভবন নির্মাণ করে পাঠদান কার্যক্রম পরিচালনার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br>০৩। যেসকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগন সময়মত বিদ্যালয়ে উপস্থিত থাকেননা তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়; চেয়ারম্যান,ধনপুর ইউপির আনীত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৪। দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা নির্ধারণ করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৫। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের সুনির্দিষ্ট বিদ্যালয়ে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণের জন্য সকল প্রধান শিক্ষককে নির্দেশনা প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়; যেসকল প্রধান শিক্ষক উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণে ব্যর্থ হবেন তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | [illegible] |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় উপকারভোগীদের স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন চলমান। ২০২৩-২৪ অর্থ বছরের নতুন প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন ১ আগস্ট ২০২৩ তারিখ হতে শুরু হবে। এছাড়াও সুদমুক্ত ক্ষুদ্রঋণ,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান।<br>উপজেলা সমাজসেবা কার্যালয়ের ইউনিয়ন সমাজকর্মী জনাব অজয় শর্মা প্রতিবন্ধি ভাতার বই বিতরনকালে উপকারভোগীদের কাছ থেকে অনৈতিকভাবে অর্থ আদায়ের অভিযোগের প্রেক্ষিতে কৈফিয়ত তলব করা হয়। সে প্রেক্ষিতে ক্ষতিগ্রস্ত উপকারভোগী ২জনকে অর্থ ফেরত দেয়ায় তারা অভিযোগ প্রত্যাহার করেন এবং অজয় শর্মা ভবিষ্যতে এরকম কাজ করবেননা মর্মে লিখিত অঙ্গিকার করেন। | ০১। সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় উপকারভোগীদের স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন কার্যক্রম ও ২০২৩-২৪ অর্থ বছরের নতুন প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় উপকারভোগীদের কাছ থেকে অনৈতিকভাবে অর্থ আদায় বন্ধে উপজেলা সমাজসেবা কার্যালয়ে কর্মরত সকল কর্মচারীর বিষয়ে কঠোর নজরদারি করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান<br>সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান [illegible] দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল ১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপের [illegible] কাজ চলমান। | ২০২২-২৩ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০২টি গভীর সাব মার্সিবল নলকূপ স্থাপন কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান । দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। ২০২৩-২৪ অর্থ বছরে অত্র উপজেলায় অ-প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স ১৪টি ব্যাচের মাধ্যমে ৪২০জন যুব/যুবনারীকে বিভিন্ন বিষয়ে এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উদ্দেশ্যে ২০জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>তিনি আরো জানান যুব উন্নয়ন অধিদপ্তর হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত বিশ্বম্ভরপুর রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি সেবামূলক সংগঠন হিসেবে সুনামগঞ্জ জেলায় ১ম স্থান অধিকার করেছেন। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরে অত্র উপজেলায় অ-প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স ১৪টি ব্যাচের মাধ্যমে ৪২০জন যুব/যুবনারীকে বিভিন্ন বিষয়ে এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উদ্দেশ্যে ২০জন খামারীকে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। বিশ্বম্ভরপুর রুরাল ডেভেলপমেন্ট সোসাইটি সেবামূলক সংগঠন হিসেবে সুনামগঞ্জ জেলায় ১ম স্থান অধিকার করায় অত্র সংগঠনের সভাপতি জনাব জন্নাত মরিয়মকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং সেবামূলক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে; আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ করা হচ্ছেনা। তিনি আরো জানান, বিগত মাসে ১ কোটি টাকা ঋণ আদায় এবং ১ কোটি ২০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখা এবং আদায় কার্যক্রমে সদস্যদের কোন প্রকার চাপ প্রয়োগ না করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান বিশ্বম্ভরপুর উপজেলায় ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা: ৭৮৬ মেটন,অর্জন: ৭৪৬ মেটন। তিনি জানান ৪০ মেটন জিংক ধান ক্রয়ের নির্দেশনা পাওয়া গেছে; জিংক ধান না পাওয়ায় জিংক ধানের পরিবর্তে সাধারণ ধান ক্রয়ের প্রস্তাব করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপণন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। জিংক ধান না পাওয়ায় ৪০ মেটন জিংক ধানের পরিবর্তে সাধারণ ধান ক্রয়ের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| | বিবিধ | | |
| | ক. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান (জুন ও জুলাই-২০২৩),ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই-২০২৩ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের জুলাই-২০২৩ | ০১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদ চেয়ারম্যান (জুন ও জুলাই-২০২৩),ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই-২০২৩ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের জুলাই-২০২৩ | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |

| | |
|---|---|
| মাসের মজুরী বিল, জুলাই -২০২৩ মাসের আপ্যায়ন ও আনুষঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১০০২৯ জ্বালানী বিল বাবদ= ২,৪৩,৩১৮ টাকা,জীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১০০২৯ মেরামত বাবদ =১০০০০০ টাকা, উপজেলা পরিষদের বর্জ্য ব্যবস্থাপনা বিল বাবদ =১০০০০০ টাকা, উপজেলা পরিষদ আবাসিক এলাকার টয়লেটের ৫টি ট্যাংকি পরিষ্কার,প্রাক্তন নীচতলা পশ্চিম ভবন মেরামত এবং কবরী ভবনের ০১টি নতুন পানির ট্যাংকি ক্রয়পূর্বক স্থাপন বাবদ = ৫০০০০ টাকা, উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়ার্টারে বৈদ্যুতিক লাইন সংস্কার বাবদ =৩২০০ টাকা ,উপজেলা পরিষদের প্রিন্টার মেরামত বাবদ= ১০,৮০০ টাকা,উপজেলা কমপ্লেক্স ভবনের বৈদ্যুতিক কাজ বাবদ =১৪,০০০ টাকা,উপজেলা সীমান্ত ভবনের নতুন মোটর ক্রয়পূর্বক স্থাপন বাবদ =৮৭৬৫ টাকার বর্ণিত বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য প্রস্তাব করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জ্যেষ্ঠ পুত্র শেখ কামাল ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর জন্মবার্ষিকী এবং ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ এর অনুষ্ঠান বাবদ = ৩৭,০০০/- টাকার বিল অগ্রীম উত্তোলনের প্রস্তাব করেন।<br><br>খ. <u>উপজেলা পরিষদ কার্যালয়ে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে কর্মরত জনাব মো: এমরান কবির এর ১ম উচ্চতর গ্রেড স্কেল মঞ্জুর এবং পরবর্তী উচ্চতর গ্রেড এ উন্নীত করে বেতন নির্ধারণের প্রশাসনিক অনুমতি/মঞ্জুরী আদেশ প্রদান প্রসঙ্গে:</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-১ শাখার [illegible] ইং/২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-[illegible] নং পরিপত্রের আলোকে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ,বাস্তবায়ন অনুবিভাগ,বাস্তবায়ন শাখা-৪ এর ২০/১০/২০২২ খ্রি. তারিখের ১১৭ নং স্মারকের মতামতের আলোকে স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-১ শাখার ২৪/০৭/২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-৩৫৩ নং স্মারকমূলে উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর এর চাকরী ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় পরবর্তী উচ্চতর গ্রেড অনুযায়ী বেতন ভাতাদি প্রদানের নির্দেশনা পাওয়া যায়।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৭(১) নং অনুচ্ছেদ অনুযায়ী এবং অর্থ মন্ত্রণালয়,বাস্তবায়ন অনুবিভাগ এর ২১/০৯/২০১৬ খ্রি তারিখের ২৩২ সংখ্যক স্মারকে জারিকৃত পরিপত্রের ৭(৩) নং অনুচ্ছেদ মোতাবেক পদোন্নতি ব্যতিরেকে চাকুরীকাল একই পদে ১০ (দশ) বছর পূর্তিতে এবং চাকুরীকাল সন্তোষজনক হওয়ায় চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ মহোদয়ের অনুমোদনক্রমে সুনামগঞ্জ জেলাধীন বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদ কার্যালয়ে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে কর্মরত জনাব মো: এমরান কবির-কে ০৩-০৫-২০২২ তারিখ হতে ১ম উচ্চতর গ্রেড স্কেল (১৪ তম গ্রেড হতে ১৩ তম গ্রেড) মঞ্জুর এবং পরবর্তী উচ্চতর গ্রেড এ উন্নীত করে বেতন নির্ধারণের প্রশাসনিক অনুমতি/মঞ্জুরী আদেশ প্রদান করার প্রস্তাব করেন। | মাসের মজুরী বিল, জুলাই -২০২৩ মাসের আপ্যায়ন ও আনুষঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১০০২৯ জ্বালানী বিল বাবদ= ২,৪৩,৩১৮ টাকা,জীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১০০২৯ মেরামত বাবদ =১০০০০০ টাকা, উপজেলা পরিষদের বর্জ্য ব্যবস্থাপনা বিল বাবদ =১০০০০০ টাকা, উপজেলা পরিষদ আবাসিক এলাকার টয়লেটের ৫টি ট্যাংকি পরিষ্কার,প্রাক্তন নীচতলা পশ্চিম ভবন মেরামত এবং কবরী ভবনের ০১টি নতুন পানির ট্যাংকি ক্রয়পূর্বক স্থাপন বাবদ = ৫০০০০ টাকা, উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়ার্টারে বৈদ্যুতিক লাইন সংস্কার বাবদ =৩২০০ টাকা,উপজেলা পরিষদের প্রিন্টার মেরামত বাবদ= ১০,৮০০ টাকা, উপজেলা কমপ্লেক্স ভবনের বৈদ্যুতিক কাজ বাবদ =১৪,০০০ টাকা,উপজেলা সীমান্ত ভবনের নতুন মোটর ক্রয়পূর্বক স্থাপন বাবদ =৮৭৫০ টাকার বর্ণিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিল পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জ্যেষ্ঠ পুত্র শেখ কামাল ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর জন্মবার্ষিকী এবং ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ এর অনুষ্ঠান বাবদ = ৩৭,০০০/- টাকার বিল অগ্রীম উত্তোলনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>০২। জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৭(১) নং অনুচ্ছেদ অনুযায়ী এবং অর্থ মন্ত্রণালয়,বাস্তবায়ন অনুবিভাগ এর ২১/০৯/২০১৬ খ্রি তারিখের ২৩২ সংখ্যক স্মারকে জারিকৃত পরিপত্রের ৭(৩) নং অনুচ্ছেদ মোতাবেক পদোন্নতি ব্যতিরেকে চাকুরীকাল একই পদে ১০ (দশ) বছর পূর্তিতে এবং চাকুরীকাল সন্তোষজনক হওয়ায় চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ মহোদয়ের অনুমোদনক্রমে সুনামগঞ্জ জেলাধীন বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদ কার্যালয়ে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে কর্মরত জনাব মো: এমরান কবির-কে ০৩-০৫-২০২২ তারিখ হতে ১ম উচ্চতর গ্রেড স্কেল (১৪ তম গ্রেড হতে ১৩ তম গ্রেড) মঞ্জুর এবং পরবর্তী উচ্চতর গ্রেড এ উন্নীত করে বেতন নির্ধারণের প্রশাসনিক অনুমতি/মঞ্জুরী আদেশ প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৭/২৩

(মো: সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৫.০০২.২১- ৬০

তারিখ: ২৭-০৭-২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা..................................................কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দ:,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব,..................................................।
১২। অফিস কপি।

২৭/০৭/২৩

(মো: সাদি উর রহিম জাদিদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

[ উপজেলা পরিষদের জুলাই-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]

পরিশিষ্ট 'খ'

অর্থায়ন: উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্প

| ক্রমিক | প্রকল্পের নাম | মোট বরাদ্দ |
|---|---|---|
| ১ | বিশ্বম্ভরপুর উপজেলার মাধ্যমিক ও প্রাথমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু বেঞ্চ সরবরাহ | ১৫ লক্ষ |
| ২ | বিশ্বম্ভরপুর উপজেলার ০২টি কমিউনিটি ক্লিনিকে ডেলিভারি কক্ষ নির্মাণ | ১৫ লক্ষ |
| ৩ | উপজেলা কৃষি অফিসের জন্য ০৫টি পাওয়ার টিলার ক্রয় | ১০ লক্ষ |

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

॥ উপজেলা পরিষদের আগস্ট-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ॥

সভাপতি : জনাব মোঃ সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৮-০৮-২০২৩ খ্রিঃ

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য-কে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যদের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের জুলাই-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের জুলাই-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | |
| বিভিন্ন কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা সভায় জানান, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান সলুকাবাদ ইউনিয়নের নিকাহ রেজিষ্ট্রার টাকার বিনিময়ে বাল্য বিবাহ পড়ান। এছাড়াও তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে সরকার বিরোধী কার্যকলাপ ও উষ্কানিমূলক মন্তব্য করেন।<br>চেয়ারম্যান, ধনপুর ইউপি সভায় মাদক ও চোরাচালান বন্ধে বিজিবি-কে আরো সতর্ক থাকার অনুরোধ করেন। তিনি আরো জানান অনলাইনে জুয়া খেলা মারাত্মক হারে বৃদ্ধি পেয়েছে। সামাজিক অবক্ষয়সহ যুব সমাজ প্রায় ধ্বংসের দ্বারপ্রান্তে। চায়ের দোকানসহ চিহ্নিত বিভিন্ন স্পটে জুয়া খেলা হয়।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ যেসকল মাদ্রাসায় জামায়াতের তৎপরতা বেশী সেগুলোকে চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। সামাজিক যোগাযোগ মাধ্যমে সরকার বিরোধী কার্যকলাপ ও উষ্কানিমূলক মন্তব্য প্রদানসহ টাকার বিনিময়ে বাল্য বিবাহ পড়ানোর অভিযোগের বিষয়ে সলুকাবাদ ইউনিয়নের নিকাহ রেজিষ্ট্রারের বিরুদ্ধে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে অনুরোধ করা হয়।<br>০২। অনলাইনে জুয়া খেলা ও ইয়াবাসহ অন্যান্য মাদকদ্রব্য বিক্রি/সেবন প্রতিরোধ এবং গরু চুরি বন্ধে টহল আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>০৩। আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি ও নাশকতা রোধে যেসকল মাদ্রাসায় জামায়াতের তৎপরতা বেশী সেগুলোকে চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দের পরিমান ২৯ লক্ষ টাকা। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি জিওবি অংশের প্রাপ্ত ১ম কিস্তির ভিত্তিতে ০২ কিস্তিতে সর্বমোট = ৫৮ লক্ষ টাকার প্রকল্প (পরিশিষ্ট 'খ'তে সংযুক্ত) চুড়ান্ত অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি জিওবি অংশের প্রাপ্ত ১ম কিস্তির ভিত্তিতে ৩য় ও ৪র্থ কিস্তিতে সর্বমোট = ৫৮ লক্ষ টাকার প্রকল্প প্রস্তাবনা অবহিত করেন।<br>চেয়ারম্যান,বালাঘাট দঃ ইউপি সভায় জানান মিঠাখালী রাবারড্যাম এর রাবার ছিদ্রসহ বিভিন্ন অংশ মেরামতযোগ্য হয়েছে। এছাড়াও নৌকা চলাচলের নির্ধারিত ব্যবস্থা থাকা সত্ত্বেও পাহারাদার না থাকায় অনেক নৌকা রাবারের উপর দিয়ে চলাচল করছে।<br>চেয়ারম্যান,ফতেপুর ইউপি সভায় জানান দুলভারচর বাজার-কৌয়া পয়েন্ট পর্যন্ত রাস্তাটি গুরুত্বপূর্ণ। তিনি বর্ণিত রাস্তাটি পাকাকরনের জন্য প্রস্তাবনা পেশ করেন।<br>চেয়ারম্যান,পলাশ ইউপি সভায় জানান পলাশ-রংপুর পর্যন্ত রাস্তাটি গুরুত্বপূর্ণ। তিনি বর্ণিত রাস্তাটির আংশিক মেরামতের জন্য প্রস্তাবনা পেশ করেন।<br>সভাপতি চলমান উন্নয়ন কাজের স্বার্থে পলাশ মসজিদ এর কলাম্বা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ও জরাজীর্ণ বাথরুম ভাঙার জন্য সভায় প্রস্তাবনা পেশ করেন।<br>চেয়ারম্যান,ফতেপুর ইউপি চলমান উন্নয়ন কাজের স্বার্থে ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন ভাঙা এবং অপ্রয়োজনীয় ১টি আকাশি গাছ কর্তনের জন্য সভায় প্রস্তাবনা পেশ করেন।<br>চেয়ারম্যান,বালাঘাট দঃ ও সলুকাবাদ ইউপি চলমান উন্নয়ন কাজের স্বার্থে ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে অপ্রয়োজনীয় গাছ কর্তনের জন্য সভায় প্রস্তাবনা পেশ করেন।<br>চেয়ারম্যান,পলাশ ইউপি সভায় জানান ইউনিয়ন পরিষদের জায়গা স্বল্পতার কারনে পরিষদে আগত সেবা গ্রহিতাদের নাগরিক সেবা প্রদানে সমস্যা হচ্ছে। এছাড়াও পলাশ উচ্চ বিদ্যালয়ের পুরাতন টিনশেড ভবনের ২টি কক্ষ পরিষদ সংলগ্ন হওয়ায় শিক্ষার্থীদের পাঠদানেও মারাত্মক সমস্যা হচ্ছে। তিনি পরিষদ সংলগ্ন বিদ্যালয়ের ২টি কক্ষ ভেঙে ইউনিয়ন পরিষদের আওতায় নিয়ে পরিষদ ও বিদ্যালয়ের সীমানা পৃথক করে বাউন্ডারী ওয়াল নির্মাণ করলে নাগরিক সেবা প্রদান সহজতর হবে এবং শিক্ষার্থীদের পাঠদানেও সমস্যা হবেনা।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির ০২-০৮-২০২৩ তারিখের সভায় গৃহীত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি জিওবি অংশের প্রাপ্ত ১ম কিস্তির ভিত্তিতে ০২ কিস্তিতে সর্বমোট = ৫৮ লক্ষ টাকার প্রকল্প (পরিশিষ্ট 'খ'তে সংযুক্ত) সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। মিঠাখালী রাবারড্যাম এর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নৌকা চলাচলে নিষেধাজ্ঞা আরোপসহ দৃশ্যমান স্থানে বড় আকারে সতর্কীকরণ সাইনবোর্ড টাঙানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য মিঠাখালী রাবারড্যাম ব্যবস্থাপনা কমিটির সভাপতি-কে অনুরোধ করা হয়।<br>০৩। দুলভারচর বাজার-কৌয়া পয়েন্ট পর্যন্ত রাস্তা পাকাকরণ, ফতেপুর নতুন বাজারের ব্রীজের এপ্রোচ মেরামত এবং পলাশ-রংপুর রাস্তাটির আংশিক মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী-কে অনুরোধ করা হয়।<br>০৪। চলমান উন্নয়ন কাজের স্বার্থে পলাশ মসজিদ ও কলাম্বা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ও জরাজীর্ণ বাথরুম ও ফতেপুর ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন ভাঙার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এতদসংক্রান্ত বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৫। চলমান উন্নয়ন কাজের স্বার্থে ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে অপ্রয়োজনীয় গাছ কর্তনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এতদসংক্রান্ত বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী-কে অনুরোধ করা হয়।<br>০৬। পলাশ ইউনিয়ন পরিষদে আগত সেবা গ্রহিতাদের নাগরিক সেবা প্রদান ও পলাশ উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদানের সমস্যা নিরসনে পরিষদ সংলগ্ন বিদ্যালয়ের ২টি কক্ষ ভেঙে ইউনিয়ন পরিষদের আওতায় নিয়ে পরিষদ ও বিদ্যালয়ের সীমানা পৃথক করে বাউন্ডারী ওয়াল নির্মাণের লক্ষ্যে স্কেচ ম্যাপ প্রণয়নসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়:<br>উপজেলা প্রকৌশলী - আহবায়ক<br>চেয়ারম্যান,পলাশ ইউপি - সদস্য<br>উপজেলা শিক্ষা অফিসার - সদস্য<br>প্রধান শিক্ষক,পলাশ উচ্চ বিদ্যালয় - সদস্য<br>প্রধান শিক্ষক, মধ্যইট সঃ প্রাঃ বিদ্যালয় - সদস্য<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা- সদস্য সচিব<br>গঠিত কমিটিকে এ সংক্রান্ত একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।<br>০৭। উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির ০২-০৮-২০২৩ তারিখের সভায় গৃহীত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়; কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৮। ফতেপুর ইউনিয়ন পরিষদে মুক্তমঞ্চ ও শহীদ | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>ও<br>উপজেলা<br>চেয়ারম্যানগণ<br>[illegible] |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন ,২নং ইউনিয়ন পরিষদে মুক্তমঞ্চ ও শহীদ মিনার নির্মাণ এ.ডি.এ বাবদ ব্যয় কিস উপজেলা পরিষদ উ: ১১ ও ১৭ শ হতে পরিশোধের প্রস্তাব করেন।<br>ভাইস চেয়ারম্যান সভায় ফতেপুর নতুন বাস ডেরা ব্রীজের এপ্রোচ মেরামতের প্রস্তাব করেন। | মিনার নির্মাণের প্রস্তাবসহ গঠিত পিআইসি সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। প্রদান = ২,০০০০০/- (দুই লক্ষ) টাকার ব্যয় বিল উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হিসাব নং ৫২৯ হতে পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান সাম্প্রতিক সময়ে ডেঙ্গু নিয়ে সকলেই উদ্বিগ্ন। ঢাকা থেকে আগতদের মধ্যে ডেঙ্গুর লক্ষণ দেখা দিলে দ্রুত ডাক্তারের স্বরণাপন্ন হওয়ার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। এছাড়াও জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী,রোগ নিয়ন্ত্রণ শাখা,স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য জনপ্রতিনিধিসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরকারীভাবে একটি মিনি এম্বুলেন্স বরাদ্দ পাওয়া গেছে। সরকারীভাবে কোন বরাদ্দ কিংবা চালক পদায়ন না থাকায় সকল ইউনিয়ন পরিষদের যৌথ উদ্যোগে ১জন চালক নিয়োগ এবং তার বেতন ভাতা প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। | ০১। সাম্প্রতিক সময়ে ডেঙ্গু'র সংক্রমন মারাত্মক হারে বৃদ্ধি পাওয়ায় ঢাকা থেকে আগতদের মধ্যে ডেঙ্গুর লক্ষণ দেখা দিলে দ্রুত ডাক্তারের স্বরণাপন্ন হওয়ার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। ডেঙ্গু ভাইরাস বহনকারী এডিস মশার বিস্তার প্রতিরোধে বাড়ির আশপাশের ঝোপঝাড়,ফুলের টব,জঙ্গল,জলাশয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা,মশা নিধন স্প্রে ও কয়েল ব্যবহারের পাশাপাশি দিনে ও রাতে মশারি ব্যবহার,বাসার চারপাশে জমে থাকা পানি অবশ্যই তিন দিনের মধ্যে ফেলে দেয়া সহ জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী,রোগ নিয়ন্ত্রণ শাখা,স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউপিকে অনুরোধ করা হয়।<br>০৩। সরকারীভাবে কোন বরাদ্দ কিংবা চালক পদায়ন না হওয়া পর্যন্ত মিনি এম্বুলেন্সের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সকল ইউনিয়ন পরিষদ হতে =১০০০/-টাকা করে (১০০০/-*৫ইউনিয়ন) সর্বমোট =৫০০০/- টাকা মজুরী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। মজুরীর টাকা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ব্যাংক হিসাব নাম্বারে হিসাবে জমা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিববৃন্দকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর<br>ও<br>চেয়ারম্যান,সকল ইউপি |
| উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্পের আওতায় ডিপিপি মোতাবেক উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের ম্যাপ তৈরিপূর্বক প্রকল্প পরিচালকের কার্যালয়ে পাঠানো হয়েছে। প্রস্তাবিত স্থানে মাটি ভরাট করতে হবে। মাটি ভরাটে উপজেলা পরিষদ হতে আর্থিক সহায়তা প্রদানের প্রস্তাব করেন।<br>সভাপতি সভায় পলাশ ইউনিয়নের ৭নং ওয়ার্ডের খুচরা সার ডিলারের মৃত্যুতে শূণ্য পদে ডিলার নিয়োগ দেয়ার প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি সভায় তার ইউনিয়নের ৪ নং ওয়ার্ডে এবং চেয়ারম্যান,বাদাঘাট দ: ইউপি তার ইউনিয়নের ৮ নং ওয়ার্ডে খুচরা সার ডিলার নিয়োগ দেয়ার জন্য পুনরায় প্রস্তাব করেন। | ০১। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরন প্রকল্পের আওতায় ডিপিপি মোতাবেক উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের কৃষি যন্ত্রপাতি ও উপকরন সংরক্ষণাগার নির্মাণের জন্য প্রস্তাবিত স্থানে কাবিটা প্রকল্পের মাধ্যমে মাটি ভরাটের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। পলাশ ইউনিয়নের ৭নং ওয়ার্ডের খুচরা সার ডিলারের মৃত্যুতে শূণ্য পদে ডিলার নিয়োগসহ সলুকাবাদ ইউনিয়নের ৪ নং ওয়ার্ডে এবং বাদাঘাট দ: ইউনিয়নের ৮ নং ওয়ার্ডে খুচরা সার ডিলার নিয়োগ দেয়ার জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় উপস্থাপনপূর্বক পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান মৎস্যজীবিদের নিবন্ধন কার্যক্রম চলমান। বিল নার্সারী | ০১। মৎস্যসম্পদ বৃদ্ধির লক্ষ্যে পোনা মাছ নিধন ও নিষিদ্ধ জাল ও চাই ব্যবহার বন্ধ করার বিষয়ে | উপজেলা মৎস্য কর্মকর্তা |

২৫ [illegible]

| | | | |
|---|---|---|---|
| | স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে।<br>তিনি জানান বিগত ১৬-৮-২৩ তারিখে খড়চার আশপাশ ০৩টি পুকুর,আশ্রয়ন প্রকল্প ও মাদ্রাসার পুকুরে ৪০০ কেজি পোনা অবমুক্ত করা হয়। ২১-৭-২৩ তারিখে অভিযান চালিয়ে ২০,১১০/- টাকা মূল্যের জব্দ করে উপজেলা পরিষদ চত্বরে ধ্বংস করা হয়। ২৪-৩০ জুলাই পর্যন্ত মৎস্য সপ্তাহের কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে।<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় তার দপ্তরে একটি বাথরুম নির্মাণের প্রস্তাব করেন। | অভিযান পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়।<br>০২। উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে বাথরুম নির্মানের প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়। এ বাবদ ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান লাম্পি স্কিন ডিজিজ প্রতিরোধে টিকা কার্যক্রম প্রয়োজন। এখন পর্যন্ত সরকারিভাবে এই টিকার পর্যাপ্ত যোগান না থাকায় বেসরকারিভাবে টিকা সংগ্রহ করা যাবে। তিনি উপজেলা পরিষদের অর্থায়নে লাম্পি স্কিন ডিজিজ প্রতিরোধে টিকা সংগ্রহ করার প্রস্তাব করেন।<br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ে বিভিন্ন প্রজাতীর গবাদি প্রাণীর চিকিৎসা করানো হয়। দপ্তরের সামনে স্থান সংকুলান না হওয়ায় গবাদি প্রাণীর চিকিৎসার সুবিধার্থে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ের পশ্চিম পার্শ্বে মাটি ভরাট করে গবাদি প্রাণীর চিকিৎসার জন্য সেড নির্মানের প্রস্তাব করেন। | ০১। বিভাগীয় কার্যক্রম নীতিমালা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। ইউনিয়ন পরিষদে অবস্থিত শেডে টিকাদান কার্যক্রম জোরদার করার নিমিত্ত এআই টেকনিশিয়ানদের নিয়মিত কর্মস্থলে অবস্থানসহ সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা পরিষদের অর্থায়নে লাম্পি স্কিন ডিজিজ প্রতিরোধে টিকা সংগ্রহ করার প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়। এ বাবদ ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৪। গবাদি প্রাণীর চিকিৎসার সুবিধার্থে জরুরী সেবা স্থাপনের নিমিত্ত উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়ের পশ্চিম পার্শ্বে কাবিটা প্রকল্পের অর্থায়নে মাটি ভরাট করে গবাদি প্রাণীর চিকিৎসার জন্য সেড নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় সভায় অনুপস্থিত। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বছরে ১ম পর্যায়ে টিআর = এবং কাবিটা বরাদ্দ পাওয়া যায়। বিভাজন অনুযায়ী প্রকল্প তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার পিবিজি ও বিবিজি প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরে ১ম পর্যায়ে টিআর এবং কাবিটা'র বিভাজন অনুযায়ী প্রকল্প তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>০২। পিবিজি ও বিবিজি প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |
| উপজেলা প্রাথমিক শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার জানান প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন জোরদার করা হয়েছে। বিদ্যালয় বিহীন এলাকায় ১০০০ বিদ্যালয় স্থাপনের নির্দেশনা পাওয়া গেছে। এ পর্যন্ত ১জনের নিকট হতে জমিসহ বিদ্যালয় স্থাপনের প্রস্তাবনা পাওয়া গেছে। কমপক্ষে ২টি বিদ্যালয় স্থাপনের প্রস্তাবনা প্রেরণের জন্য সভায় মতামত ব্যক্ত করেন। | ০১। বিদ্যালয় বিহীন এলাকায় ১০০০ বিদ্যালয় স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলার বিদ্যালয় বিহীন গ্রামে বিদ্যালয় স্থাপনের বিষয়টি শতভাগ নিশ্চিত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার সভায় ধনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি কমিটির অর্থ আদায়ের বিষয়টি সভায় উপস্থাপন করেন। বিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ও নিরাপত্তা ব্যবস্থা স্বাভাবিক রাখার স্বার্থে ০৩টি সিসি ক্যামেরা স্থাপনের প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান ইদানিং লক্ষ্য করা গেছে বেশ কিছু সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এসএমসি কমিটি ও শিক্ষকদের মধ্যে গ্রুপিং সৃষ্টির কারনে বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ বিনষ্ট হচ্ছে। চলমান গ্রুপিং নিরসনে পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভাপতি সভায় জুলাই-২০২৩ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের সময়মত বিদ্যালয়ে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণের সিদ্ধান্ত হয়। সে প্রেক্ষিতে আপলোডকৃত ছবি পর্যালোচনাক্রমে বাস্তবতার আলোকে উপজেলা শিক্ষা অফিসারের প্রস্তাবিত ৫৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের আগামী ০৩-০৯-২০২৩ তারিখ হতে ছবি আপলোড হতে অব্যাহতি প্রদানের প্রস্তাব করেন।<br>সভাপতি সভায় ধনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নলকূপ মেরামতের প্রস্তাব করেন। | ০২। ধনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ ও নিরাপত্তা ব্যবস্থা স্বাভাবিক রাখার স্বার্থে ০৩টি সিসি ক্যামেরা স্থাপনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। শিক্ষার পরিবেশ ও নিরাপত্তা ব্যবস্থা স্বাভাবিক রাখার স্বার্থে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি কমিটি ও শিক্ষকবৃন্দের মধ্যে গ্রুপিং নিরসনের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৪। বাস্তবতার আলোকে উপজেলা শিক্ষা অফিসারের প্রস্তাবিত ৫৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্ত ০৩-০৯-২০২৩ তারিখ হতে কার্যকর হবে।<br>০৫। ধনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নলকূপ মেরামতের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় উপকারভোগীদের স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন চলমান। ২০১৩-২৪ অর্থ বছরের নতুন প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন ১০ সেপ্টেম্বর পর্যন্ত চলমান থাকবে। এছাড়াও সুদমুক্ত ক্ষুদ্রঋণ, মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান। | ০১। সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় উপকারভোগীদের স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন কার্যক্রম ও ২০১৩-২৪ অর্থ বছরের নতুন প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় উপকারভোগীদের কাছ থেকে অনৈতিকভাবে অর্থ আদায় বন্ধে উপজেলা সমাজসেবা কার্যালয়ে কর্মরত সকল কর্মচারীর বিষয়ে কঠোর নজরদারী করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান<br>সকল ইউপি |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর ৫২টি এবং অগভীর ১৩টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ বিভাজন ও সাইট সিলেকশন করার বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রাপ্ত নলকূপের বরাদ্দ বিভাজন ও সাইট সিলেকশন করার নিমিত্ত উপজেলা ওয়াটসান কমিটির সভা আহবানের জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। ২০২৩-২৪ অর্থ বছরে অত্র উপজেলায় অ-প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স ১৪টি ব্যাচের মাধ্যমে ৪২০জন যুব/যুবনারীকে বিভিন্ন বিষয়ে এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উদ্দেশ্যে ২০জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>তিনি আরো জানান ২০১৫ হতে অদ্য পর্যন্ত বিদেশ ফেরত প্রবাসীদের তথ্য প্রেরণের জন্য নির্দেশনা | ০১। ২০২৩-২৪ অর্থ বছরে অত্র উপজেলায় অ-প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স ১৪টি ব্যাচের মাধ্যমে ৪২০জন যুব/যুবনারীকে বিভিন্ন বিষয়ে এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উদ্দেশ্যে ২০জন খামারীকে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | পাওয়া গেছে। সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। | ০২। ২০১৫ সাল হতে অদ্য পর্যন্ত বিদেশ ফেরত প্রবাসীদের তথ্য প্রেরণে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২২৬৩ জন উপকারভোগীদেরকে ৩০ কেজি হারে মোট ৬৭.৮৯০ মেটন চালের জুন-২০২৩ মাসের ভিও ছাড় করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জুলাই-২৩ মাসের ভিও ছাড় করা হবে।<br>তিনি আরো জানান মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। | মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | উপজেলা [illegible] বিষয়ক [illegible] |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ৪০ লক্ষ টাকা ঋণ আদায় এবং ৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় [illegible] |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান বিশ্বম্ভরপুর উপজেলায় মজুদ আছে চাল: ৩২৫.৭৪৪ মেটন আদ: ১৪৬.০০ মেটন।<br>মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ জানান নীতিমালা লংঘন করে খাদ্য বান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ দেয়া হয়েছে। তিনি নিয়োগ কমিটির একজন সদস্য হওয়া সত্ত্বেও তাকে এ বিষয়ে কোন অবগত করা হয়নি। খাদ্য বান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ বাতিলসহ নীতিমালা মোতাবেক নতুন করে ফেয়ার প্রাইসের ডিলার নিয়োগ দেয়ার প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান,বাদাঘাট দঃ ও সলুকাবাদ ইউপি এ বিষয়ে একমত পোষণ করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপণন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করতে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। খাদ্য বান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ সংক্রান্ত উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান-এর অভিযোগ যাচাই-বাছাইপূর্বক পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| বিবিধ | | | |
| | ক. *উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে*<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর আগস্ট-২০২৩ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং সুনাম-ঘ-১১০০২৯ জ্বালানী বিল বাবদ= ২,০৯,২৩০/- টাকা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব আ ক ম মোজাম্মেল হক কর্তৃক গত ২৩-০৮- | ০১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়: উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর আগস্ট-২০২৩ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং সুনাম-ঘ-১১০০২৯ জ্বালানী বিল বাবদ= ২,০৯,২৩০/- টাকা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব আ ক ম | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |

| | | | |
|---|---|---|---|
| | ২০২৩ খ্রি: তারিখে বিশ্বম্ভরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন উদ্বোধনী অনুষ্ঠান বাবদ =১০,৫০০/- টাকা, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গরীব অসহায় শিক্ষার্থীকে(জনাব হেলেনা আক্তার,পরিসংখ্যান বিভাগ ,১ম বর্ষ ১ম সেমিস্টার,শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়)ভর্তি বাবদ আর্থিক সহায়তা =৪০০০/- টাকার বাহিত বিল অনুমোদনপূর্বক পরিশোধের জন্য প্রস্তাব করেন।<br><br>খ. জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপন প্রসঙ্গে: উপজেলা নির্বাহী অফিসার সভায় জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপন করার জন্য স্থানীয় সরকার বিভাগের ২৪-০৮-২০২৩ তারিখের ৮৫৫ নং স্মারকের নির্দেশনা সভায় উপস্থাপন করেন। তিনি জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপন করার নিমিত্ত গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য সভায় প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকল জনপ্রতিনিধিবৃন্দ উপজেলা পর্যায়ে ০৩ দিন ব্যাপী জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা আয়োজনের জন্য একমত পোষণ করেন। | মোজাম্মেল হক কর্তৃক গত ২৩-০৮-২০২৩ খ্রি: তারিখে বিশ্বম্ভরপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন উদ্বোধনী অনুষ্ঠান বাবদ =১০,৫০০/- টাকা, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গরীব অসহায় শিক্ষার্থীকে(জনাব হেলেনা আক্তার,পরিসংখ্যান বিভাগ ,১ম বর্ষ ১ম সেমিস্টার,শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়)ভর্তি বাবদ আর্থিক সহায়তা =৪০০০/- টাকার বাহিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়; অনুমোদিত বিল পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০২। স্থানীয় সরকার বিভাগের ২৪-০৮-২০২৩ তারিখের ৮৫৫ নং স্মারকের নির্দেশনা মোতাবেক জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপন সংক্রান্ত গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/৮/২৩

(মো: সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০২.২১- ৮৫

তারিখ: ৩১-০৮-২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা.................................................... কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দ:,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব.................................................... ।
১২। অফিস কপি।

৩১/০৮/২৩

(মো: সানি উর রহিম জাহিদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

॥ উপজেলা পরিষদের আগস্ট-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ॥

পরিশিষ্ট 'খ'

অর্থায়ন: বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২৩-২৪

| ক্রঃনং | প্রকল্পের নাম | মোট বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | দি লিটল বার্ড একাডেমি সংস্কার | ২ লক্ষ | পিআইসি |
| ২ | উপজেলা প্রশাসন মাল্টিপারপাস সেন্টারের শিশু পার্কে মাটি ভরাট | ২ লক্ষ | পিআইসি |
| ৩ | উপজেলা প্রশাসন মাল্টিপারপাস সেন্টারের শিশু পার্কের সৌন্দর্যবর্ধন | ২ লক্ষ | পিআইসি |
| ৪ | চেংকিল পাহাড় বিলাশ সংস্কার | ২ লক্ষ | পিআইসি |
| ৫ | পুরান মুক্তিখলা কলেজ রোড মসজিদ উন্নয়ন | ১ লক্ষ | পিআইসি |

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

## ।। উপজেলা পরিষদের অক্টোবর -২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ।।

প্রধান অতিথি : জনাব অ্যাডভোকেট পীর ফজলুর রহমান মিসবাহ্,সংসদ সদস্য,২২৭ সুনামগঞ্জ-৪।
সভাপতি : জনাব মোঃ সফর উদ্দিন,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
সভার তারিখ : ১৭-১০-২০২৩ খ্রি
সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

জনাব অ্যাডভোকেট পীর ফজলুর রহমান মিসবাহ,সংসদ সদস্য,২২৭ সুনামগঞ্জ-৪ মহোদয় উপস্থিত সকল সদস্য-কে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যদের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের আগস্ট-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগন কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের আগস্ট-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক, | |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয় উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।<br>মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয় হিন্দু সম্প্রদায়ের আসন্ন প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা শান্তিপুর্ণ সুশৃঙ্খল এবং উৎসবমুখর পরিবেশে উদযাপনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনী,বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ,জনপ্রতিনিধিবৃন্দ,রাজনৈতিক নেতৃবৃন্দ,পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ,হিন্দু বৌদ্ধ খ্রীষ্টান ঐক্য পরিষদের নেতৃবৃন্দ,পূজামন্ডপের সভাপতি/সাধারণ সম্পাদকবৃন্দকে অনুরোধ জানান।<br>অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় জানান উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে। | ০১। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০২। হিন্দু সম্প্রদায়ের আসন্ন প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপুজা শান্তিপুর্ণ সুশৃঙ্খল এবং উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে ০৯-১০-২০২৩ খ্রি তারিখে অনুষ্ঠিতব্য দুর্গাপুজা উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ আবশ্যিকভাবে প্রতিপালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। অনলাইনে জুয়া খেলা ও ইয়াবাসহ অন্যান্য মাদকদ্রব্য বিক্রি/সেবন প্রতিরোধ এবং গরু চুরি বন্ধে টহল আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান,ধনপুর ইউপি সভায় মাদক ও চোরাচালান বন্ধে বিজিবি-কে আরো সতর্ক থাকার অনুরোধ করেন। তিনি আরো জানান অনলাইনে জুয়া খেলা মারাত্মক হারে বৃদ্ধি পেয়েছে; সামাজিক অবক্ষয়সহ যুব সমাজ প্রায় ধ্বংসের দ্বারপ্রান্তে। চায়ের স্টলসহ চিহ্নিত বিভিন্ন স্পটে জুয়া খেলা হয়।<br>ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ যেসকল মাদ্রাসায় জামায়াতের তৎপরতা বেশী সেগুলোকে চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানার দৃষ্টি আকর্ষণ করেন। | ০৪। আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি ও নাশকতা রোধে যেসকল মাদ্রাসায় জামায়াতের তৎপরতা বেশী সেগুলোকে চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা প্রকৌশল বিভাগ | মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয় ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি'র অর্থ বিভাজন কি প্রক্রিয়ায় করা হয়েছে সে বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান এডিপি'র নীতিমালা মোতাবেক অর্থ বিভাজন করা হয়েছে।<br>মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয় উপজেলার উন্নয়নমূলক কাজ শতভাগ স্বচ্ছতার সাথে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরো জানান তাঁর নিজস্ব বরাদ্দ এবং মন্ত্রণালয় হতে ডিও লেটার মাধ্যমে প্রায় ৮০ লক্ষ টাকা বিশেষ বরাদ্দ আনয়ন করে পিছিয়ে পড়া বিশ্বম্ভরপুর উপজেলাকে একটি দৃষ্টি নন্দন উপজেলায় পরিণত করা হয়েছে এবং উন্নয়নের এধারা অব্যাহত থাকবে।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি ১ম-কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দের পরিমান ২৯ লক্ষ টাকা। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি জিওবি অংশের প্রাপ্ত ১ম কিস্তির ভিত্তিতে ০২ কিস্তিতে সর্বমোট = ৫৮ লক্ষ টাকার প্রকল্প প্রস্তাবনা আহবান করেন।<br>চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় পলাশ-মুজিব বাজার রাস্তা এবং রঙ্গিয়ারচর-সাতগাও রাস্তা নির্মাণের জন্য মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয়কে অনুরোধ জানান।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় জানান পলাশ-মুজিব বাজার রাস্তা এবং রঙ্গিয়ারচর-সাতগাও রাস্তা নির্মাণের বিষয়টি মহান জাতীয় সংসদের চলতি অধিবেশনে উত্থাপন করা হবে।<br>চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি সভায় পুরানগাও সামালের পয়েন্ট হতে এলজিইডি রাস্তা পাকাকরন,কাটাখালী বাজার সংলগ্ন ব্রীজ মেরামত এবং উমরপুর গ্রামে ব্রীজ নির্মাণের জন্য মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয়কে অনুরোধ জানান এবং বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা রাস্তা উন্নয়ন কার্যক্রমের প্রস্তাব কি অবস্থায় রয়েছে সে বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় জানান বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা রাস্তা উন্নয়ন কার্যক্রমের নকশা প্রণয়ন হয়েছে; আগামী ১ সপ্তাহের মধ্যে টেন্ডার আহবান করা হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান তাঁর বাসভবন মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি জিওবি অংশের প্রাপ্ত ১ম কিস্তির ভিত্তিতে ০২ কিস্তিতে সর্বমোট =৫৮ লক্ষ টাকার প্রকল্প প্রস্তাবনা আহবানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। পলাশ-মুজিব বাজার রাস্তা এবং রঙ্গিয়ারচর-সাতগাও রাস্তা নির্মাণের বিষয়টি মহান জাতীয় সংসদের চলতি অধিবেশনে উত্থাপন করার জন্য মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয়কে অনুরোধ করা হয়।<br>০৩। পুরানগাও সামালের পয়েন্ট হতে এলজিইডি রাস্তা পাকাকরন,কাটাখালী বাজার সংলগ্ন ব্রীজ মেরামত এবং উমরপুর গ্রামে ব্রীজ নির্মাণের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয়কে অনুরোধ করা হয়।<br>০৪। বিশ্বম্ভরপুর [illegible] উচ্চ বিদ্যালয় হতে নতুন পাড়া রাস্তার কাজ মামলা জনিত [illegible] বন্ধ থাকায় চেয়ারম্যান,বাদাঘাট দঃ ও পলাশ ইউপিকে বাদীদের সাথে যোগাযোগ করে মামলা তুলে নেয়ার বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>০৫। সলুকাবাদ ইউনিয়ন পরিষদ সংলগ্ন পাশ্ববর্তী গর্ত ভরাট করে বঙ্গবন্ধু ম্যুরাল নির্মানের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয়কে অনুরোধ করা হয়।<br>০৬। জনগনের চাহিদার তুলনায় সাব-মার্সিবল নলকূপের বরাদ্দ অপ্রতুল থাকায় মন্ত্রণালয় হতে বিশেষ বরাদ্দ ছাড়করণ ও পলাশ ইউনিয়ন পরিষদের হলরুম সংস্কার করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয়কে অনুরোধ করা হয়।<br>০৭। ধনপুর ইউনিয়নের ইসলামপুর মতিন মৌলানার বাড়ি সংলগ্ন ৩০০ ফুট রাস্তা আরসিসিকরন এবং পলাশ-ধনপুর রাস্তা সংস্কার করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয়কে অনুরোধ করা হয়।<br>০৮। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের প্রস্তাব (বরাদ্দঃ ৫ লক্ষ টাকা,বাস্তবায়ন পদ্ধতিঃ পিআইসি) সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বাবদ বাহিত ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | মাননীয় সংসদ সদস্য,সুনামগঞ্জ-৪ মহোদয়<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | ফসল পরিবহন করা হয়। বর্ণিত রাস্তা দুটি জরুরী ভিত্তিতে মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**চেয়ারম্যান,ধনপুর ইউপি জানান,** ইসলা পুর-কাটাখালী রাস্তা এবং গামাইরতলা বতনের ঘাট হতে গামাইরতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় তথা শিলডোয়ার কবরস্থান পর্যন্ত রাস্তাটি ঝুঁকিপূর্ণ। বর্ণিত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**চেয়ারম্যান,পলাশ ইউপি জানান,** পলাশ পুলের ঘাট হতে বনবিদ্যা পর্যন্ত রাস্তাটি ঝুঁকিপূর্ণ। বর্ণিত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের পুকুরে ঘাটলা নির্মাণের প্রস্তাব করেন।<br><br>**চেয়ারম্যান পলাশ ইউপি জানান,** এলজিইডি কর্তৃক নির্মিত গ্রামীন সড়কের ধার ঘেঁষে পুকুর বা সেচ নালা খনন করার ফলে সড়কের পার্শ্ব-ঢাল এবং আড়-ঢাল ক্ষতিগ্রস্ত হয়। এসব ক্ষেত্রে সড়ক সীমানার বাইরে ন্যূনতম দূরত্ব বজায় রেখে ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত কার্যক্রম গ্রহণ নিশ্চিত করা না হলে সরকারি রাস্তার ক্ষতিসাধন কমানো সম্ভব হবেনা। | ০৫। এলজিইডি কর্তৃক নির্মিত গ্রামীন সড়কের ধার ঘেঁষে প্রচলিত আইন/বিধি-বিধানের ব্যত্যয় ঘটিয়ে ন্যূনতম দূরত্ব বজায় না রেখে পুকুর বা সেচ নালা খননকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান,** ইসপাতালে এক্সরে টেকনিশিয়ানসহ অন্যান্য টেকনিশিয়ান পদে জনবল না থাকায় অত্যন্ত মূল্যবান মেশিনগুলো ব্যবহার অনুপযোগি হয়ে পড়ছে।<br><br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ১জন জুনিয়র কনসালটেন্ট (গাইনি),১জন জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) এবং ১জন জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) এই ০৩টি গুরুত্বপূর্ণ পদ শূণ্য থাকায় স্বাস্থ্য সেবা প্রদানে সমস্যা হচ্ছে। তিনি উল্লিখিত পদে জনবল পদায়ন করার জন্য উর্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণের জন্য মতামত ব্যক্ত করেন।<br><br>**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান,** সাম্প্রতিক সময়ে ডেঙ্গু নিয়ে সকলেই উদ্বিগ্ন। ঢাকা থেকে আগতদের মধ্যে ডেঙ্গুর লক্ষণ দেখা দিলে দ্রুত ডাক্তারের শরনাপন্ন হওয়ার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করাতে হবে। এছাড়াও জাতীয় ম্যালেরিয়া নির্মুল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী,রোগ নিয়ন্ত্রণ শাখা,স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য জনপ্রতিনিধিসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ০১।"বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ১জন জুনিয়র কনসালটেন্ট (গাইনি),১জন জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) এবং ১জন জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) পদে জনবল পদায়নের জন্য উর্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।"<br><br>০২। সাম্প্রতিক সময়ে মশার উৎপাত মারাত্মক হারে বৃদ্ধি পাওয়ায় মশা নির্মুলে প্রাথমিক অবস্থায় প্রত্যেক বাজারে যত্রতত্র ময়লা না ফেলা এবং ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সকল জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়।<br><br>০৩। মশার বিস্তার প্রতিরোধে বাড়ির আশপাশের ঝোপঝাড়,ফুলের টব,অঙ্গন,জলাশয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা,মশা নিধন স্প্রে ও কয়েল ব্যবহারের পাশাপাশি দিনে ও রাতে মশারি ব্যবহার,বাসার চারপাশে জমে থাকা পানি অবশ্যই তিন দিনের মধ্যে ফেলে দেয়া সহ জাতীয় ম্যালেরিয়া নির্মুল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী,রোগ নিয়ন্ত্রণ শাখা,স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউপিকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর<br>ও<br>চেয়ারম্যান,সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা নির্বাহী অফিসার জানান,** সাম্প্রতিক সময়ে মশার উৎপাত মারাত্মক হারে বৃদ্ধি পেয়েছে। মশা নির্মূলে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। প্রাথমিক অবস্থায় প্রত্যেক বাজারে যত্রতত্র ময়লা না ফেলা এবং ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল জনপ্রতিনিধিবৃন্দকে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান,** দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলায় মোট সক্ষম দম্পতি: ৩১,৪০৮ জন<br>মোট পদ্ধতি গ্রহণকারী: ২৪,৬২৮ জন<br>হার ৭৮.৪১%।<br>প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা: ১৭ জন<br>এএনসি: ৩৪৯ জন<br>পিএনসি: ৮৮ জন<br>শিশু সেবা: ৬৩১ জন<br>কিশোর কিশোরী সেবা: ১২৮ জন<br>সাধারণ রোগী সেবা: ১৬৬৭ জন<br>তিনি আরো জানান, ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মাটি ভরাট এবং বাদাঘাট দঃ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের দৃষ্টিনন্দন গেইট নির্মাণ প্রক্রিয়াধীন।<br>**চেয়ারম্যান,ফতেপুর ইউপি জানান,** ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ইলেকট্রিসিটি না থাকায় জনগনের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা প্রদানে মারাত্মক সমস্যা হচ্ছে।<br>২৫-৩০ নভেম্বর পরিবার পরিকল্পনা সেবা ও প্রচার সপ্তাহ চলবে। এবারের সেবা সপ্তাহ উপলক্ষ্যে কর্মপরিকল্পনাসমূহ নিম্নরূপ:<br>-স্যাটেলাইট ক্যাম্প-<br>পলাশ উপস্বাস্থ্য কেন্দ্র (২৬-১১-২০২৩)<br>সদর ক্লিনিক,স্বাস্থ্য কমপ্লেক্স (২৮-১১-২০২৩)<br>বাদাঘাট দঃ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র<br>( ২৫ হতে ২৯-১১-২০২৩)<br>-উঠান বৈঠক-<br>মাঝাইর মুজিব পল্লী (২৭-১১-২০২৩)<br>অলোকদহ( ১৮-১১-২০২৩)<br>শক্তিয়ারখলা ডাকনাম(২৬-১১-২০২৩)<br>শ্রীপতপুর ছাতিয়াগাম( ২৮-১১-২০২৩)<br>দুলালতের (২৬-১১-২০২৩)<br>ফতেপুর( ২৭-১১-২০২৩)<br>**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান,** ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ৩০,০০০ পিস ক্যালসিয়াম ট্যাবলেট ও মাঠ পর্যায়ে সেবার মান উন্নয়নে ৩০টি বিপি ও স্টেথোস্কোপ মেশিন বরাদ্দের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মাটি ভরাট ও রাস্তা নির্মাণ কাজের জন্য প্রয়োজনীয় বালি উত্তোলনে জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের অনুমতি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। ২৫-৩০ নভেম্বর পর্যন্ত পরিবার পরিকল্পনা সেবা ও প্রচার সপ্তাহ পালন এবং সেবা সপ্তাহ উপলক্ষে গৃহীত কর্মপরিকল্পনাসমূহ যথাযথভাবে পালনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ৩০,০০০ পিস ক্যালসিয়াম ট্যাবলেট ও মাঠ পর্যায়ে সেবার মান উন্নয়নে ৩০টি বিপি ও স্টেথোস্কোপ মেশিন উপজেলা পরিষদ রাজস্ব/এডিপি তহবিলের অর্থায়নে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>বিশ্বম্ভরপুর |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান,** রোপা আমন ধান কর্তন চলমান। যারা রোপা আমন ধান বিক্রি করতে আগ্রহী তাদের তালিকা উপজেলা খাদ্য অফিসে প্রেরণ করা হয়েছে। রবি/২০২৩-২৪ বোরো ধানের হাইব্রীড জাতের ধান বিতরণ প্রায় শেষ এবং উফশী জাতের প্রণোদনার সার ও বীজ বিতরন চলমান। | ০১। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নসহ উক্ত পরিকল্পনার অংশ হিসেবে রাস্তার দুই পাশের অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা কৃষি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান**, বিনামূল্যে কৃষকদের মাঝে সরিষার বীজ বিতরন করার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের প্রস্তাব করেন। তিনি জানান অনাবাদি জমি আবাদ ও উচ্চ ফলনশীল শস্য রোপন করার জন্য কৃষক পর্যায়ে সংশ্লিষ্ট সদস্য ও চেয়ারম্যানবৃন্দকে নিয়ে উদ্বুদ্ধকরণ সভা আহবান করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ উক্ত পরিকল্পনার অংশ হিসেবে রাস্তার দুই পাশের অনাবাদি জমিও আবাদের আওতায় আনার জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা কৃষি কর্মকর্তা জানান**, সেচ মৌসুম প্রায় আসন্ন। চলতি মাসে উপজেলা সেচ সংক্রান্ত কমিটির সভা আহবান করার জন্য প্রস্তাব করেন। | ০২। বিনামূল্যে কৃষকের মাঝে সরিষার বীজ বিতরন করার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। চলতি মাসে উপজেলা সেচ সংক্রান্ত কমিটির সভা আহবান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৪। অনাবাদি জমি আবাদ ও উচ্চ ফলনশীল শস্য রোপনে কৃষকদেরকে উদ্বুদ্ধকরনে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মৎস্য বিভাগ | **উপজেলা মৎস্য কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে; ২০২২-২৩ অর্থ বছরের জেলেদের ফিশারিজ আইডি কার্ড প্রদান কার্যক্রম চলমান।<br>**চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি জানান**, চলতি নদীতে সরকারিভাবে নিষিদ্ধ বিভিন্ন প্রকারের জাল ও চাই ব্যবহার করে কতিপয় জেলে পোনা মাছ নিধন করছে। | মৎস্যসম্পদ বৃদ্ধির লক্ষ্যে পোনা মাছ নিধন ও নিষিদ্ধ জাল ও চাই ব্যবহার বন্ধ করার বিষয়ে অভিযান পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিনা অনুমতিতে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম নিয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হচ্ছেনা, ফলে উক্ত দপ্তরের কার্যক্রমে স্থবিরতা দেখা দিয়েছে। তিনি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার অনুপস্থিতির বিষয়ে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক,বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। | অননুমোদিতভাবে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার অনুপস্থিতির বিষয়ে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক,বিআরডিবি,সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান ২০২৩-২৪ অর্থ বছরে ২য় পর্যায়ে টিআর = ১৮,৫৪,০৬৮ /- টাকা এবং কাবিখা (গম) = ২২.০৬০ মে: টন এবং চাল: =২২.০৬০ মে: টন বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ বিভাজন সাপেক্ষে তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ২০২৩-২৪ অর্থ বছরে ২য় পর্যায়ের টিআর এবং কাবিখা'র প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং ২০২৩-২৪ অর্থ বছরে ১ম পর্যায়ে টিআর,কাবিটা'র কার্যক্রম তদারকী করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা প্রাথমিক বিভাগ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের আওতায় আনার সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত থাকা সত্ত্বেও | ০১। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নের সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহনের উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা শিক্ষা অফিসার<br>ও |

| | | | |
|---|---|---|---|
| | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি এখন পর্যন্ত অবৈধদের আওতায় না আনায় ক্ষোভ প্রকাশ করেন এবং উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, সকল বিদ্যালয়ে শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>তিনি আরো জানান শিক্ষার হার বৃদ্ধি, উপস্থিতির হার বৃদ্ধির কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) জানান**, কুটিপাড়া পাখিজান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি সংক্রান্ত সমস্যার কারনে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা সম্ভব হচ্ছেনা। এছাড়াও রামপুর, বিশ্বম্ভরপুর আদর্শ ও আদুখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ করা হবে। ওয়াশ ব্লক নির্মাণের নির্ধারিত স্থানের গাছ কর্তনের জন্য নিলাম বিজ্ঞপ্তি প্রদান করা হবে।<br>**উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) জানান**, উপজেলা সদর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুমতিতে শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে। নতুন ভবনের জন্য একমাত্র ভবনটি ভেঙ্গে শ্রেণি কার্যক্রম পরিচালনার সুবিধার্থে অস্থায়ীভাবে পাঠদান কেন্দ্র নির্মাণ করার জন্য সংশ্লিষ্ট মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**চেয়ারম্যান, ধনপুর ইউপি জানান**, উমেদখালি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ করা হচ্ছেনা। এ বিষয়ে ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করা হলেও কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি।<br>**সভাপতি জানান**, জুলাই-২০২৩ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের সময়মত বিদ্যালয়ে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণের সিদ্ধান্ত হয়। সে প্রেক্ষিতে আপলোডকৃত ছবি পর্যালোচনাক্রমে বাস্তবতার আলোকে উপজেলা শিক্ষা অফিসারের প্রস্তাবমতে প্রথম পর্যায়ে ৫৭ টি ও ২য় পর্যায়ে ১৯টিসহ মোট ৭৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের ছবি আপলোড হতে অব্যাহতি প্রদান করা হয়। কিন্তু উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত অমান্য করে গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মুলজরি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণ না করায় উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষকদেরকে সতর্ক করার জন্য প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান, ধনপুর ইউপি জানান**, কাইতকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মোঃ নুরুল ইসলাম বিদ্যালয়ে উপস্থিত থাকেননা। | হয়। গৃহীত কার্যক্রমের উপর একটি পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী মাসিক সাধারণ সভায় উপস্থাপনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। শিক্ষার হার বৃদ্ধি, উপস্থিতির হার বৃদ্ধিসহ শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত অমান্য করে গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মুলজরি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণ না করায় উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষকদেরকে প্রাথমিকভাবে সতর্ক করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৪। কুটিপাড়া পাখিজান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা নির্ধারণ সংক্রান্ত জটিলতা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। এছাড়াও রামপুর, বিশ্বম্ভরপুর আদর্শ ও আদুখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণের নির্ধারিত স্থানের গাছ কর্তণ ও নিলাম কার্যক্রমে এতদসংক্রান্ত বিধি/বিধান যথাযথভাবে অনুসরণে নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৫। উপজেলা সদর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একমাত্র ভবনটি ভাঙ্গা পরবর্তী সময়ে শ্রেণি কার্যক্রম পরিচালনার সুবিধার্থে উপজেলা পরিষদ ও এসএমসি কমিটির সমন্বয়ে অস্থায়ীভাবে পাঠদান কেন্দ্র নির্মাণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৬। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিতভাবে অভিভাবক সমাবেশ আয়োজনের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৭। কাইতকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মোঃ নুরুল ইসলাম-কে তার কর্মস্থলে স্থানান্তর করে তার স্থলে অভিজ্ঞতা সম্পন্ন ২জন শিক্ষক সংযুক্ত করে উপজেলা শিক্ষা অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৮। ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো নভেম্বর-২০২৩ মাসের মধ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা [illegible] |

| | | | |
|---|---|---|---|
| | তিনি বিদ্যালয়ে অনুপস্থিত থেকে নীতিমালা বহির্ভূতভাবে শিক্ষা অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করেন। যার ফলে তার প্রতি কোমলমতি শিক্ষার্থী ও অভিভাবকদের অনীহা,ক্ষোভ ও বিরূপ ধারনা তৈরি হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো নভেম্বর-২০২৩ মাসের মধ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করতে হবে। | | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো নভেম্বর-২০২৩ মাসের মধ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করতে হবে। | ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো নভেম্বর-২০২৩ মাসের মধ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান**, ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় বয়স্ক ভাতা ১৬৬৮ জন,বিধবা ভাতা ১৮৩০ জন , প্রতিবন্ধী ভাতা ১৬৪৫ জন অনলাইন আবেদন করেছেন। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারের নির্দেশনা অনুযায়ী উন্মুক্ত পদ্ধতিতে ভাতাভোগী বাছাই সম্পন্ন হবে। এছাড়াও অনগ্রসর জনগোষ্ঠির বিশেষ ভাতা চলার জন্য চাহিদা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও সুদমুক্ত ক্ষুদ্রঋণ,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান। | ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় বয়স্ক ভাতা,বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনসমূহ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারের নির্দেশনা অনুযায়ী উন্মুক্ত পদ্ধতিতে ভাতাভোগী বাছাই সম্পাদন এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় লাইভ ভেরিফিকেশন কার্যক্রমে অনুপস্থিত এমন ভাতাভোগীদের বাছাই সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান<br>সকল ইউপি |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী জানান**, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর ৫২টি এবং অগভীর ১৩টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রাপ্ত নলকূপের বরাদ্দ বিভাজন ও সাইট সিলেকশন করার নিমিত্ত উপজেলা ওয়াটসন কমিটির সভা আহবানের জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ১লা নভেম্বর জাতীয় যুব দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। যুব দিবস উপলক্ষে ১,২০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২২৬৩ জন উপকারভোগীদেরকে ৩০ কেজি হারে মোট ৬৭,৮৯০ মেঃ টন চালের অক্টোবর-২০২৩ মাসের ডিও ছাড় করা হয়েছে।<br>তিনি আরো জানান, মা শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, স্বল্প পরিসরে ব্লক-বাটিক ও অন্যান্য আয়বর্ধন মূলক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে তার কার্যালয়ে একটি ওয়াশরুম নির্মাণের প্রস্তাব করেন। | ০১। মা শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০২। স্বল্প পরিসরে ব্লক-বাটিক ও অন্যান্য আয়বর্ধন মূলক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে একটি ওয়াশরুম নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | বিট কর্মকর্তা,পতিয়ারকূল বিট সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,পতিয়ারকূল-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা পতিয়ারকূল |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক এর প্রতিনিধি** জানান, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ৫৮লক্ষ টাকা ঋণ আদায় এবং ৫২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক এর প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ঋন বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। খেলাপী ঋন আদায়ে ঋন গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান**, পলাশ ইউনিয়নের খাদ্য বান্ধব কর্মসূচির ডিলার বিদেশ চলে যাওয়ায় উক্ত শূন্য পদে ডিলার নিয়োগসহ বাদাঘাট দ: ইউনিয়নের খাদ্য বান্ধব ডিলার জনাব মো: জুয়েল আলম এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রমে জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। পলাশ ইউনিয়নের খাদ্য বান্ধব ডিলার বিদেশ চলে যাওয়ায় উক্ত শূন্য পদে ডিলার নিয়োগসহ বাদাঘাট দ: ইউনিয়নের খাদ্য বান্ধব ডিলার জনাব মো: জুয়েল আলম এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা পরিষদের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত "অফিস সহায়ক" পদে জনবল নিয়োগ সংক্রান্ত | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, স্থানীয় সরকার বিভাগের আওতায় উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে অফিস সহায়ক (তৎকালীন এম,এল,এস,এস) পদে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ এর ১৪-০৮-২০১৪ খ্রি: তারিখের ৪৬.০৪৬.০১১.০০,০০,০০৪.২০১৪-৭০১ নং স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। উক্ত ছাড়পত্রের ভিত্তিতে ২জন এম,এল,এস,এস নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির বিরুদ্ধে উক্ত পদে আত্তীকরণের দাবীতে বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদে অস্থায়ীভাবে অফিস সহায়ক (তৎকালীন এম,এল,এস,এস) হিসেবে কর্মরত জনাব শাহিনুর ইসলাম,পিতা: মো: আব্দুল মান্নান,মাতা: মোছা: বেগম আক্তার,গ্রাম: আমড়াগড়া,পো: বড়ালগাও,ইউপি: সলুকাবাদ,উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ১৫৩৫/২০১৫ দায়ের করেন। মাননীয় আদালত কর্তৃক উক্ত মামলা শুনানীঅন্তে গত ১২/০৭/২০১৮ তারিখে নিম্নবর্ণিত রায়/আদেশ প্রদান করা হয়:<br>"Accordingly,the Rule is disposed of The respondents are directed to absorb the petitioner in his respective /equivalent post in | (১):- স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০১ শাখা'র ০২-১০-২০২৩ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১১.০০৪.২০১৪-৫৭৬ নং স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত " অফিস সহায়ক " এর ০১টি পদে জনবল নিয়োগ সংক্রান্ত নিম্নবর্ণিত বাছাই কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়:<br>(ক) উপজেলা নির্বাহী অফিসার ------ আহবায়ক<br>(খ) উপজেলা কৃষি অফিসার ---- সদস্য<br>(গ) উপজেলা মৎস্য অফিসার -- সদস্য<br>(ঘ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ---সদস্য<br>(২):-গঠিত বাছাই কমিটিকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত " অফিস সহায়ক " এর ০১টি পদে জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করে জনবল নিয়োগের তথ্যাদি জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর<br>ও<br>বাছাই কমিটির সকল |

| | | | |
|---|---|---|---|
| | the revenue budget, on being satisfied that he is otherwise not disqualified subject to availability of post."<br>মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৫৩৫/২০১৫-এর ১২/০৭/২০১৮ তারিখের রায়/আদেশের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য উক্ত রায়/আদেশের ছায়ালিপি এবং আনুসঙ্গিক কাগজপত্র সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং দৃষ্টি আকর্ষণপূর্বক উপসচিব,উপজেলা-১শাখা,স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ করা হয়। উক্ত রায়/আদেশের বিরুদ্ধে আপীল বিভাগে গত ৩০/০৫/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত কোন মামলা দায়ের/রুজু করা হয়নি। এমতাবস্থায় উক্ত রীট পিটিশন নং- ১৫৩৫/২০১৫ এর আলোকে 'অফিস সহায়ক' এর ০২টি পদের মধ্যে ০১টি পদ শূণ্য রেখে স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০১ শাখা এর ০২-১০-২০২৩ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৪৮.০১১.০০৪.২০১৪-৫৭৬ নং স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত " অফিস সহায়ক " এমন ০১টি পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণপূর্বক নিয়োগের তথ্যাদি জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা পাওয়া যায়। উক্ত নির্দেশনার আলোকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত " অফিস সহায়ক " এমন ০১টি পদে জনবল নিয়োগ সংক্রান্ত নিম্নোক্ত কমিটি গঠনের প্রস্তাব করেন:"<br>(ক) উপজেলা নির্বাহী অফিসার --- আহবায়ক<br>(খ) উপজেলা কৃষি অফিসার --- সদস্য<br>(গ) উপজেলা মৎস্য অফিসার --- সদস্য<br>(ঘ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা --সদস্য | | |
| | বিবিধ | | |
| | ক. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে: **উপজেলা নির্বাহী অফিসার জানান,** উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর অক্টোবর-২০২৩ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং- সুনাম-ঘ-১১০০২৯ জ্বালানী বিল বাবদ= ২,০২,৫৩৩/- টাকা, উপজেলা আনসার ক্যাম্পের নভেম্বর-২৩ মাসের জ্বালানী বিল বাবদ= ৩১৫০/- টাকা,উপজেলা পর্যায়ে কাব ক্যাম্পুরী ও কাউট সমাবেশ এর ৩৭,০০০/- টাকা, উপজেলা আনসার ক্যাম্প সংস্কার বাবদ =৫০,০০০/- টাকা, অফিস সরঞ্জামাদি মেরামত বাবদ = ৫০,০০০/- টাকা ও আসবাবপত্র মেরামত বাবদ =৩৭,০০০/- টাকাসহ সর্বমোট = ৮৭,০০০/- টাকার বাছিত বিল অনুমোদনের প্রস্তাব করেন।<br><br>খ. পল্লী বিদ্যুত সংযোগ এজিএম (ওএন্ডএম), বিশ্বম্ভরপুর সাব-জোন জানান, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নিরবিচ্ছিন্ন বিদ্যুত সরবরাহ নিশ্চিত করার জন্য রাইট অব ওয়ে সহ অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজ চলমান। তিনি সরকারি | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর অক্টোবর-২০২৩ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং- সুনাম-ঘ-১১০০২৯ জ্বালানী বিল বাবদ= ২,০২,৫৩৩/- টাকা,উপজেলা আনসার ক্যাম্পের নভেম্বর-২৩ মাসের জ্বালানী বিল বাবদ= ৩১৫০/- টাকা,উপজেলা পর্যায়ে কাব ক্যাম্পুরী ও কাউট সমাবেশ আয়োজন বাবদ = ৩৭,০০০/- টাকা, উপজেলা আনসার ক্যাম্প সংস্কার বাবদ =৫০,০০০/- টাকা, অফিস সরঞ্জামাদি মেরামত বাবদ = ৫০,০০০/-টাকা ও আসবাবপত্র মেরামত বাবদ =৩৭,০০০/- টাকাসহ সর্বমোট = ৮৭,০০০/- টাকার বাছিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিলসমূহ পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০২। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নিরবিচ্ছিন্ন বিদ্যুত সরবরাহ নিশ্চিত করার জন্য রাইট অব ওয়ে সহ অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজ পর্যবেক্ষণ করার জন্য এজিএম (ওএন্ডএম) বিশ্বম্ভরপুর সাব-জোনকে অনুরোধ করা হয়। | (ক)<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বিশ্বম্ভরপুর<br><br>(খ)<br>এজিএম<br>(ওএন্ডএম)<br>বিশ্বম্ভরপুর<br>সাব-জোন |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিষ্ঠানসমূহের বকেয়া বিদ্যুত বিল পরিশোধ করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>গ. মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন বাবদ অগ্রীম বিল উত্তোলন প্রসঙ্গে: **উপজেলা নির্বাহী অফিসার** জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩(খ) মোতাবেক (খাতঃ জাতীয় দিবস উদযাপন) মহান বিজয় দিবস-২০২৩ যথাযথভাবে উদযাপন করার নিমিত্ত =১,০০০০০/- (এক লক্ষ) টাকার অগ্রীম বিল উত্তোলন করার প্রস্তাব করেন। | ০৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩(খ) মোতাবেক (খাতঃ জাতীয় দিবস উদযাপন) মহান বিজয় দিবস-২০২৩ যথাযথভাবে উদযাপন করার নিমিত্ত =১,০০০০০/- (এক লক্ষ) টাকার বিল অগ্রীম উত্তোলন করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিল পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | (৭) উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১১/২৩

(মোঃ সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০২.২১- ৪৭

তারিখ: ২৩-১১-২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা.............................................. কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দঃ,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব..............................................
১২। অফিস কপি।

২৩/১১/২০২৩

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

॥ উপজেলা পরিষদের নভেম্বর-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ॥

সভাপতি : জনাব মো: সফর উদ্দিন,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার তারিখ : ২১-১১-২০২৩ খ্রি:

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | **সভায়** উপস্থাপিত উপজেলা পরিষদের অক্টোবর-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | **অক্টোবর-২০২৩** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | **অক্টোবর-২০২৩** মাসের মাসিক সাধারণ সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | **সভাপতি বলেন,** উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার বিষয়ে অনুরোধ জানান।<br>**অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা জানান,** উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরনের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** বিতর্কিত বক্তা নিয়ে যাতে ওয়াজ মাহফিল না করা হয় সে বিষয়টি নিশ্চিত করা এবং ওয়াজ মাহফিল/কীর্তন/বিভিন্ন ওরশ প্রশাসনের পূর্বানুমতি নিয়ে করার বিষয়ে সভায় প্রস্তাব করেন এবং এবিষয়টি ব্যাপক প্রচারের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। | ০১। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার অনুরোধ করা হয়।<br>০২। অনলাইনে জুয়া খেলা ও ইয়াবাসহ অন্যান্য মাদকদ্রব্য বিক্রি/সেবন প্রতিরোধ এবং গরু চুরি বন্ধে টহল আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>০৩। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি ও নাশকতা রোধে প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা আহবানসহ কমিটির কার্যক্রম জোরদার করনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ | উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |

| | | | |
|---|---|---|---|
| | **সভাপতি জানান,** বলাযাতি নং ইউনিয়নের বাগমারা গ্রামের আব্দুল আলী বাগমারা গ্রামসহ পার্শ্ববর্তী অনেক গ্রামে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করছে। কুচক্রেরী নিরীহ গ্রামবাসী তার অত্যাচারে অতিষ্ঠ ও নিরুপায়। দ্রুততর সময়ের মধ্যে অভিযুক্ত আব্দুল আলী-কে আইনের আওতায় আনার জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানার দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি ও নাশকতা রোধে প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা আহবানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান।<br>**অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা জানান,** গরু চুরি ও পল্লী বিদ্যুতের ট্রান্সফরমার চুরি বন্ধে টহল জোরদার রয়েছে। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ বিদ্যুতের পিলারে স্বল্প ব্যয়ে টেকসই চুরি নিরোধক লোহার খাঁচা তৈরির প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান,ধনপুর ইউপি বলেন,** মাদক ও চোরাচালান বন্ধে বিজিবি-কে আরো সতর্ক থাকার অনুরোধ করেন। তিনি আরো জানান অনলাইনে জুয়া খেলা মারাত্মক হারে বৃদ্ধি পেয়েছে; সামাজিক অবক্ষয়সহ যুব সমাজ প্রায় ধ্বংসের দ্বারপ্রান্তে। চায়ের স্টলসহ চিহ্নিত বিভিন্ন স্পটে জুয়া খেলা হয়। | ০৪। উপজেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত ফরম পূরণপূর্বক অঙ্গীকারনামা প্রদানসহ পূর্বানুমতি গ্রহণ করে ওয়াজ মাহফিল/কীর্তন/বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও বিতর্কিত বক্তা দিয়ে ওয়াজ মাহফিল না করার বিষয়টি নিশ্চিত করার জন্য ইসলামিক ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৫। পল্লী বিদ্যুতের ট্রান্সফরমার চুরি বন্ধে সচেতনতা বৃদ্ধিসহ স্বল্প ব্যয়ে টেকসই চুরি নিরোধক লোহার খাঁচা তৈরির জন্য উপকারভোগীদের উদ্বুদ্ধকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণে এজিএম(ওএন্ডএম)সাব-স্টেশন,পল্লী বিদ্যুত সমিতি,বিশ্বম্ভরপুরকে অনুরোধ করা হয়।<br>০৬। বাগমারা গ্রামসহ পার্শ্ববর্তী অনেক গ্রামে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির অভিযোগে দ্রুততর সময়ের মধ্যে অভিযুক্ত আব্দুল আলী-কে আইনের আওতায় আনার জন্য অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা প্রকৌশলী বিভাগ | **উপজেলা নির্বাহী অফিসার বলেন,** আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট কেন্দ্রের মেরামতযোগ্য সংযোগ রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা প্রকৌশলী জানান,** পলাশ-মুজিব বাজার রাস্তার ২৬০০-৫৬০০ মিটার পর্যন্ত টেন্ডার আহবান করা হয়েছে। বর্ণিত রাস্তার মেরামতযোগ্য ০০-২৬০০ মিটার পর্যন্ত ডিপিপিতে অন্তর্ভুক্ত না থাকায় রাস্তাটির টেন্ডার আহবান করা হয়নি।<br>**সভাপতি বলেন,** পলাশ-মুজিব বাজার রাস্তার ০০-২৬০০ মিটার পর্যন্ত মেরামতযোগ্য অংশ ডিপিপিতে অন্তর্ভুক্তকরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>**উপজেলা প্রকৌশলী জানান,** বিশ্বম্ভরপুর-শক্তিয়ারখলা রাস্তা,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের টেন্ডার আহবান করা হয়েছে। তিনি আরো জানান ধনপুর-আনন্দবাজার-বিরাপুশি রাস্তার কাজ শুরু করার পূর্বে ১৭টি বৈদ্যুতিক পিলার অপসারণ করতে হবে। নির্বাচিত ঠিকাদার ১৭টি বৈদ্যুতিক পিলার অপসারণ ব্যয় বিল পরিশোধ করবেন।<br>**চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি জানান,** জগন্নাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে জামালের বাড়ী ভায়া হাওর পর্যন্ত এবং চান মিয়ার বাড়ী হতে আঃ রহমানের বাড়ী পর্যন্ত রাস্তাটি জনগুরুত্বপূর্ণ। উক্ত রাস্তা দিয়ে বছরজুড়ে হাওরে উৎপাদিত ধান ও অন্যান্য | ০১। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট কেন্দ্রের সংযোগ রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামত করে নির্বাচনের পূর্বেই গাড়ি চলাচলের উপযোগী করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। পলাশ-মুজিব বাজার রাস্তার ০০-২৬০০ মিটার পর্যন্ত মেরামতযোগ্য অংশ জরুরী ভিত্তিতে ডিপিপিতেঅন্তর্ভুক্তকরণের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৩। (ক) জগন্নাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে জামালের বাড়ী ভায়া হাওর পর্যন্ত এবং চান মিয়ার বাড়ী হতে আঃ রহমানের বাড়ী পর্যন্ত রাস্তা, (খ) ইসলামপুর-কাটাখালী রাস্তা (গ) খামাইরতলা রতনের ঘাট হতে খামাইরতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভায়া শিলডোয়ার কলাছুন পর্যন্ত রাস্তা (ঘ) পলাশ পুলের ঘাট হতে রনবিদ্যা পর্যন্ত রাস্তা জরুরী ভিত্তিতে মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে "উপজেলা পরিষদের পুকুরে ঘাটলা নির্মাণ" প্রকল্পটির =৭,০১,৪৩২/-(সাত লক্ষ এক হাজার চারশত বত্রিশ) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। প্রকল্পটি বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন গ্রহণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, সাম্প্রতিক সময়ে মশার উৎপাত মারাত্মক হারে বৃদ্ধি পেয়েছে। মশা নির্মূলে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। প্রাথমিক অবস্থায় প্রত্যেক বাজারে যত্রতত্র ময়লা না ফেলা এবং ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল জনপ্রতিনিধিবৃন্দকে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলায় মোট সক্ষম দম্পতি: ৩১,৪০৮ জন<br>মোট পদ্ধতি গ্রহণকারী: ২৪,৬২৮ জন<br>হার ৭৮.৪১%।<br>প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা: ১৭ জন<br>এএনসি: ৩৪৯ জন<br>পিএনসি: ৮৮ জন<br>শিশু সেবা: ৬৩১ জন<br>কিশোর কিশোরী সেবা: ১২৮ জন<br>সাধারণ রোগী সেবা: ১৬৬৭ জন<br><br>তিনি আরো জানান, ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মাটি ভরাট এবং বাদাঘাট দ: ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের দৃষ্টিনন্দন গেইট নির্মাণ প্রক্রিয়াধীন।<br><br>**চেয়ারম্যান,ফতেপুর ইউপি জানান**, ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে এফডব্লিউভি না থাকায় জনগনের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা প্রদানে মারাত্মক সমস্যা হচ্ছে।<br>২৫-৩০ নভেম্বর পরিবার পরিকল্পনা সেবা ও প্রচার সপ্তাহ চলবে। এবারের সেবা সপ্তাহ উপলক্ষে কর্মপরিকল্পনাসমূহ নিম্নরূপ:<br><br>-স্যাটেলাইট ক্যাম্প-<br>পলাশ উপস্বাস্থ্য কেন্দ্র (২৬-১১-২০২৩)<br>সদর ক্লিনিক,স্বাস্থ্য কমপ্লেক্স (২৮-১১-২০২৩)<br>বাদাঘাট দ: ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র ( ২৫ হতে ২৯-১১-২০২৩)<br><br>-উঠান বৈঠক-<br>মথাইর মুজিব পল্লী (২৭-১১-২০২৩)<br>[illegible]( ১৮-১১-২০২৩)<br>শক্তিয়ারখলা গুচ্ছগ্রাম(২৬-১১-২০২৩)<br>ধনপুর গুচ্ছগ্রাম( ২৮-১১-২০২৩)<br>দুগনাকান্দা (২৬-১১-২০২৩)<br>ফতেপুর( ২৭-১১-২০২৩)<br><br>**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান**, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ৩০,০০০ পিস ক্যালসিয়াম ট্যাবলেট ও মাঠ পর্যায়ে সেবার মান উন্নয়নে ৩০টি বিপি ও স্টেথোস্কোপ মেশিন বরাদ্দের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ফতেপুর ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মাটি ভরাট ও রাস্তা নির্মাণ কাজের জন্য প্রয়োজনীয় বালি উত্তোলনে জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের অনুমতি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>০২। ২৫-৩০ নভেম্বর পর্যন্ত পরিবার পরিকল্পনা সেবা ও প্রচার সপ্তাহ পালন এবং সেবা সপ্তাহ উপলক্ষে গৃহীত কর্মপরিকল্পনাসমূহ যথাযথভাবে পালনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>০৩। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ৩০,০০০ পিস ক্যালসিয়াম ট্যাবলেট ও মাঠ পর্যায়ে সেবার মান উন্নয়নে ৩০টি বিপি ও স্টেথোস্কোপ মেশিন উপজেলা পরিষদ রাজস্ব/এডিপি তহবিলের অর্থায়নে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান**, রোপা আমন ধান কর্তন চলমান। যারা রোপা আমন ধান বিক্রি করতে আগ্রহী তাদের তালিকা উপজেলা খাদ্য অফিসে প্রেরণ করা হয়েছে। রবি/২০২৩-২৪ বোরো ধানের হাইব্রীড জাতের ধান বিতরণ প্রায় শেষ এবং উফশী জাতের প্রনোদনার সার ও বীজ বিতরন চলমান। | ০১। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নসহ উক্ত পরিকল্পনার অংশ হিসেবে রাস্তার দুই পাশের অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা কৃষি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ফসল পরিবহন করা হয়। বর্ণিত রাস্তা দুটি জরুরী ভিত্তিতে মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**চেয়ারম্যান,ধনপুর ইউপি জানান,** ইসলামপুর-কাটাখালী রাস্তা এবং গামাইরতলা রতনের ঘাট হতে গামাইরতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভায়া শিলডোয়ার কবরস্থান পর্যন্ত রাস্তাটি গুরুত্বপূর্ণ। বর্ণিত রাস্তাটি জরুরী-ভিত্তিতে মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি জানান,** পলাশ পুলের ঘাট হতে বর্ণনিদা পর্যন্ত রাস্তাটি জনগুরুত্বপূর্ণ। বর্ণিত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামতের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের পুকুরে ঘাটলা নির্মাণের প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান পলাশ ইউপি জানান,** এলজিইডি কর্তৃক নির্মিত গ্রামীন সড়কের ধার ঘেঁষে পুকুর বা সেচ নালা খনন করার ফলে সড়কের পার্শ্ব-ঢাল এবং আড়-ঢাল ক্ষতিগ্রস্ত হয়। এসব ক্ষেত্রে সড়ক সীমানার বাইরে ন্যূনতম দূরত্ব বজায় রেখে ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত কার্যক্রম গ্রহণ নিশ্চিত করা না হলে সরকারি রাস্তার ক্ষতিসাধন কমানো সম্ভব হবেনা। | ০৫। এলজিইডি কর্তৃক নির্মিত গ্রামীন সড়কের ধার ঘেঁষে প্রচলিত আইন/বিধি-বিধানের ব্যত্যয় ঘটিয়ে ন্যূনতম দূরত্ব বজায় না রেখে পুকুর বা সেচ নালা খননকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান,** হাসপাতালে এক্সরে টেকনিশিয়ানসহ অন্যান্য টেকনিশিয়ান পদে জনবল না থাকাই অত্যন্ত মূল্যবান মেশিনগুলো ব্যবহার অনুপযোগি হয়ে পড়ছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ১জন জুনিয়র কনসালটেন্ট (গাইনি),১জন জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) এবং ১জন জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) এই ০৩টি গুরুত্বপূর্ণ পদ শূণ্য থাকায় স্বাস্থ্য সেবা প্রদানে সমস্যা হচ্ছে। তিনি উল্লিখিত পদে জনবল পদায়ন করার জন্য উর্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণের জন্য মতামত ব্যক্ত করেন।<br>**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান,** সাম্প্রতিক সময়ে ডেঙ্গু নিয়ে সকলেই উদ্বিগ্ন। ঢাকা থেকে আগতদের মধ্যে ডেঙ্গুর লক্ষণ দেখা দিলে দ্রুত ডাক্তারের শরনাপন্ন হওয়ার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। এছাড়াও জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি,রোগ নিয়ন্ত্রণ শাখা,স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য জনপ্রতিনিধিসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ০১। বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ১জন জুনিয়র কনসালটেন্ট (গাইনি),১জন জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) এবং ১জন জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) পদে জনবল পদায়নের জন্য উর্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। সাম্প্রতিক সময়ে মশার উৎপাত মারাত্মক হারে বৃদ্ধি পাওয়ায় মশা নির্মূলে প্রাথমিক অবস্থায় প্রত্যেক বাজারে যত্রতত্র ময়লা না ফেলা এবং ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সকল জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়।<br>০৩। মশার বিস্তার প্রতিরোধে বাড়ির আশপাশের ঝোপঝাড়,স্কুলের টব,জঙ্গল,জলাশয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা,মশা নিধন স্প্রে ও কয়েল ব্যবহারের পাশাপাশি দিনে ও রাতে মশারি ব্যবহার,বাসার চারপাশে জমে থাকা পানি অবশ্যই তিন দিনের মধ্যে ফেলে দেয়া সহ জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী,রোগ নিয়ন্ত্রণ শাখা,স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউপিকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর ও চেয়ারম্যান,সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি এখন পর্যন্ত আবাদের আওতায় না আনায় ক্ষোভ প্রকাশ করেন এবং উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** সকল বিদ্যালয়ে শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>তিনি আরো জানান শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধির কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) জানান,** কুটিপাড়া পাখিজান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি সংক্রান্ত সমস্যার কারণে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা সম্ভব হচ্ছেনা। এছাড়াও রামপুর,বিষ্ণুরপুর আদর্শ ও আদুখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ করা হবে। ওয়াশ ব্লক নির্মাণের নির্ধারিত স্থানের গাছ কর্তনের জন্য নিলাম বিজ্ঞপ্তি প্রদান করা হবে।<br><br>**উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) জানান,** উপজেলা সদর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনটিতে শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে। নতুন ভবনের জন্য একমাত্র ভবনটি ভেঙে শ্রেণি কার্যক্রম পরিচালনার সুবিধার্থে অস্থায়ীভাবে পাঠদান কেন্দ্র নির্মাণ করার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**চেয়ারম্যান,ধনপুর ইউপি জানান,** চিনাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ করা হচ্ছেনা। এ বিষয়ে ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করা হলেও কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি।<br><br>**সভাপতি জানান,**জুলাই-২০২৩ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের সময়মত বিদ্যালয়ে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণের সিদ্ধান্ত হয়। সে প্রেক্ষিতে আপলোডকৃত ছবি পর্যালোচনাক্রমে বাস্তবতার আলোকে উপজেলা শিক্ষা অফিসারের প্রস্তাবমতে প্রথম পর্যায়ে ৫৭ টি ও ২য় পর্যায়ে ১৯টিসহ মোট ৭৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকদের ছবি আপলোড হতে অব্যাহতি প্রদান করা হয়। কিন্তু উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত অমান্য করে গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ফুলভরি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণ না করায় উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষকদেরকে সতর্ক করার জন্য প্রস্তাব করেন।<br><br>**চেয়ারম্যান,ধনপুর ইউপি জানান,** কাইতকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মো: নুরুল ইসলাম বিদ্যালয়ে উপস্থিত থাকেননা। | ২য়: গৃহীত কার্যক্রমের উপর একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী মাসিক সাধারণ সভায় উপস্থাপনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০২। শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধিসহ শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০৩। উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত অমান্য করে গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ফুলভরি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উপস্থিত শিক্ষকদের গ্রুপ ছবি উপজেলা শিক্ষা অফিসারের নিকট অনলাইনে প্রেরণ না করায় উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষকদেরকে প্রাথমিকভাবে সতর্ক করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০৪। কুটিপাড়া পাখিজান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা নির্ধারণ সংক্রান্ত জটিলতা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা প্রকৌশলী,উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। এছাড়াও রামপুর,বিষ্ণুরপুর আদর্শ ও আদুখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণের নির্ধারিত স্থানের গাছ কর্তন ও নিলাম কার্যক্রমে এতদসংক্রান্ত বিধি/বিধান যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০৫। উপজেলা সদর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একমাত্র ভবনটি ভাঙ্গা পরবর্তী সময়ে শ্রেণি কার্যক্রম পরিচালনার সুবিধার্থে উপজেলা পরিষদ ও এসএমসি কমিটির সমন্বয়ে অস্থায়ীভাবে পাঠদান কেন্দ্র নির্মাণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৬। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিতভাবে অভিভাবক সমাবেশ আয়োজনের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০৭। কাইতকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মো: নুরুল ইসলাম-কে তার কর্মস্থলে স্থলাভিষিক্ত করে তার স্থলে অভিজ্ঞতা সম্পন্ন ২জন শিক্ষক সংযুক্ত করে উপজেলা শিক্ষা অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০৮। ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো নভেম্বর-২০২৩ মাসের মধ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা [illegible] |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান**, বিনামূল্যে কৃষকের মাঝে সরিষার বীজ বিতরন করার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের প্রস্তাব করেন। তিনি জানান অনাবাদি জমি আবাদ ও উচ্চ ফলনশীল শস্য রোপন করার জন্য কৃষক পর্যায়ে সংশ্লিষ্ট সদস্য ও চেয়ারম্যানবৃন্দকে নিয়ে উদ্বুদ্ধকরণ সভা আহবান করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ উক্ত পরিকল্পনার অংশ হিসেবে রাস্তার দুই পাশের অনাবাদি জমিও আবাদের আওতায় আনার জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা কৃষি কর্মকর্তা জানান**, সেচ মৌসুম প্রায় আসন্ন। চলতি মাসে উপজেলা সেচ সংক্রান্ত কমিটির সভা আহবান করার জন্য প্রস্তাব করেন। | ০২। বিনামূল্যে কৃষকের মাঝে সরিষার বীজ বিতরন করার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। চলতি মাসে উপজেলা সেচ সংক্রান্ত কমিটির সভা আহবান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৪। অনাবাদি জমি আবাদ ও উচ্চ ফলনশীল শস্য রোপনে কৃষকদেরকে উদ্বুদ্ধকরনে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মৎস্য বিভাগ | **উপজেলা মৎস্য কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ২০২২-২৩ অর্থ বছরের জেলেদের ফিশারিজ আইডি কার্ড প্রদান কার্যক্রম চলমান।<br>**চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি জানান**, চলতি নদীতে সরকারিভাবে নিষিদ্ধ বিভিন্ন প্রকারের জাল ও চাই ব্যবহার করে কতিপয় জেলে পোনা মাছ নিধন করছে। | মৎস্যসম্পদ বৃদ্ধির লক্ষ্যে পোনা মাছ নিধন ও নিষিদ্ধ জাল ও চাই ব্যবহার বন্ধ করার বিষয়ে অভিযান পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত হওয়ার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিনা অনুমতিতে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম নিয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হচ্ছেনা; ফলে উক্ত দপ্তরের কার্যক্রমে স্থবিরতা দেখা দিয়েছে। তিনি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার অনুপস্থিতির বিষয়ে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক,বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। | অননুমোদিতভাবে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার অনুপস্থিতির বিষয়ে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক,বিআরডিবি,সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান ২০২৩-২৪ অর্থ বছরে ২য় পর্যায়ে টিআর = ১৮,৫৪,০৬৮ /- টাকা এবং কাবিখা (গম) = ২২.০৮০ মে: টন এবং চাল =২২.০৮০ মে: টন বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ বিভাজন সাপেক্ষে তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ২০২৩-২৪ অর্থ বছরে ২য় পর্যায়ের টিআর এবং কাবিখা'র প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং ২০২৩-২৪ অর্থ বছরে ১ম পর্যায়ে টিআর,কাবিটা'র কার্যক্রম তদারকী করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা প্রাথমিক শিক্ষা | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের আওতায় আনার সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত থাকা সত্ত্বেও | ০১। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নের সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার ও |

| | | | |
|---|---|---|---|
| জেলা পরিষদ ও অন্য বিভাগ | বিআর কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিআর কর্মকর্তা, পরিকল্পনা-কে অনুরোধ করা হয়। | বিআর কর্মকর্তা পরিকল্পনা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক এর প্রতিনিধি জানান**, ঋন বিতরন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ৫৮লক্ষ টাকা ঋণ আদায় এবং ৫২ লক্ষ টাকা ঋন বিতরন করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহনের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক এর প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ঋন বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। খেলাপী ঋন আদায়ে ঋন গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, পলাশ ইউনিয়নের খাদ্য বান্ধব কর্মসূচির ডিলার বিদেশ চলে যাওয়ায় উক্ত শূন্য পদে ডিলার নিয়োগসহ বানাঘাট দঃ ইউনিয়নের খাদ্য বান্ধব ডিলার জনাব মোঃ জুয়েল আলম এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রমে জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। পলাশ ইউনিয়নের খাদ্য বান্ধব ডিলার বিদেশ চলে যাওয়ায় উক্ত শূন্য পদে ডিলার নিয়োগসহ বানাঘাট দঃ ইউনিয়নের খাদ্য বান্ধব ডিলার জনাব মোঃ জুয়েল আলম এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা পরিষদের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত "অফিস সহায়ক" পদে জনবল নিয়োগ সংক্রান্ত | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, স্থানীয় সরকার বিভাগের আওতায় উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে অফিস সহায়ক (তৎকালীন এম,এল,এস,এস) পদে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ এর ১৪-০৮-২০১৪ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৪.২০১৪-৭৫১ নং স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। উক্ত ছাড়পত্রের ভিত্তিতে ২জন এম,এল,এস,এস নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির বিরুদ্ধে উক্ত পদে আত্মীকরণের দাবীতে বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদে অস্থায়ীভাবে অফিস সহায়ক (তৎকালীন এম,এল,এস,এস) হিসেবে কর্মরত জনাব শফিকুল ইসলাম,পিতাঃ মোঃ আব্দুল মান্নান,মাতাঃ মোছাঃ বেগম আক্তার,গ্রামঃ আমড়াপাড়া,পোঃ রঙারচর,ইউপিঃ সলুকাবাদ,উপজেলাঃ বিশ্বম্ভরপুর,জেলাঃ সুনামগঞ্জ মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ১৫৩৫/২০১৫ দায়ের করেন। মাননীয় আদালত কর্তৃক উক্ত মামলা শুনানীঅন্তে গত ১২/০৭/২০১৮ তারিখে নিম্নবর্ণিত রায়/আদেশ প্রদান করা হয়ঃ<br>"Accordingly,the Rule is disposed of The respondents are directed to absorb the petitioner in his respective /equivalent post in | (১)ঃ- স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০১ শাখার ০২-১০-২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১১.০০৪.২০১৪-৫৭৬ নং স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত " অফিস সহায়ক " এর ০১টি পদে জনবল নিয়োগ সংক্রান্ত নিম্নবর্ণিত বাছাই কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়ঃ<br>(ক) উপজেলা নির্বাহী অফিসার ------ আহবায়ক<br>(খ) উপজেলা কৃষি অফিসার ---- সদস্য<br>(গ) উপজেলা [illegible] অফিসার --- সদস্য<br>(ঘ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ---সদস্য<br>(২)ঃ-গঠিত বাছাই কমিটিকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত " অফিস সহায়ক " এর ০১টি পদে জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করে জনবল নিয়োগের তথ্যাদি জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর<br>ও<br>বাছাই কমিটির সকল |

| | | | |
|---|---|---|---|
| | তিনি বিদ্যালয়ে অনুপস্থিত থেকে নীতিমালা বহির্ভূতভাবে শিক্ষা অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করেন। যার ফলে তার প্রতি কোমলমতি শিক্ষার্থী ও অভিভাবকদের অনীহা, ক্ষোভ ও বিরূপ ধারণা তৈরি হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো নভেম্বর-২০২৩ মাসের মধ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করতে হবে। | | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো নভেম্বর-২০২৩ মাসের মধ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করতে হবে। | ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো নভেম্বর-২০২৩ মাসের মধ্যে প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান**, ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় বয়স্ক ভাতা: ১৬৬৮ জন, বিধবা ভাতা: ১৬৫০ জন, প্রতিবন্ধী ভাতা: ১৬৪৫ জন অনলাইন আবেদন করেছেন। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারের নির্দেশনা অনুযায়ী উন্মুক্ত পদ্ধতিতে ভাতাভোগী বাছাই সম্পন্ন হবে। এছাড়াও অনগ্রসর জনগোষ্ঠির বিশেষ ভাতা চালুর জন্য চাহিদা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও সুদমুক্ত ক্ষুদ্রঋণ, মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান। | ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনসমূহ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারের নির্দেশনা অনুযায়ী উন্মুক্ত পদ্ধতিতে ভাতাভোগী বাছাই সম্পন্নকরণ এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় লাইভ ভেরিফিকেশন কার্যক্রমে অনুপস্থিত এমন ভাতাভোগীদের বাছাই সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহ: জনস্বাস্থ্য প্রকৌশলী** জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর ৫২টি এবং অগভীর ১৩টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রাপ্ত নলকূপের বরাদ্দ বিভাজন ও সাইট সিলেকশন করার নিমিত্ত উপজেলা ওয়াটসন কমিটির সভা আহবানের জন্য সহ: জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ১লা নভেম্বর জাতীয় যুব দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। যুব দিবস উপলক্ষ্যে ১,২০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২২৬৩ জন উপকারভোগীদেরকে ৩০ কেজি হারে মোট ৬৭.৮৯০ মে: টন চালের অক্টোবর-২০২৩ মাসের ডিও ছাড় করা হয়েছে।<br>তিনি আরো জানান, মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, স্বল্প পরিসরে ব্লক-বাটিক ও অন্যান্য আয়বর্ধন মূলক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে তার কার্যালয়ে একটি ওয়াশরুম নির্মাণের প্রস্তাব করেন। | ০১। মা শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০২। স্বল্প পরিসরে ব্লক-বাটিক ও অন্যান্য আয়বর্ধন মূলক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে একটি ওয়াশরুম নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | the revenue budget, on being satisfied that he is otherwise not disqualified subject to availability of post."<br>মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৫৩৫/২০১৫-এর ১২/০৭/২০১৮ তারিখের রায়/আদেশের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য উক্ত রায়/আদেশের ছায়ালিপি এবং আনুষঙ্গিক কাগজপত্র সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং দৃষ্টি আকর্ষণপূর্বক উপসচিব,উপজেলা-১শাখা,স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ করা হয়। উক্ত রায়/আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে গত ৩০/০৫/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত কোন মামলা দায়ের/রুজু করা হয়নি। এমতাবস্থায় উক্ত রীট পিটিশন নং- ১৫৩৫/২০১৫ এর আলোকে "অফিস সহায়ক" এর ০২টি পদের মধ্যে ০১টি পদ শূন্য রেখে স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০১ শাখা এর ০২-১০-২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.০১১.০০৪.২০১৪-৫৭৬ নং স্মারকে প্রাপ্ত পত্রের আলোকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত " অফিস সহায়ক " অপর ০১টি পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণপূর্বক নিয়োগের তথ্যাদি জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা পাওয়া যায়। উক্ত নির্দেশনার আলোকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত " অফিস সহায়ক " অপর ০১টি পদে জনবল নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি গঠনের প্রস্তাব করেন;<br>(ক) উপজেলা নির্বাহী অফিসার --- আহবায়ক<br>(খ) উপজেলা কৃষি অফিসার --- সদস্য<br>(গ) উপজেলা মৎস্য অফিসার --- সদস্য<br>(ঘ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা --- সদস্য | | |
| বিবিধ | | | |
| | ক. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে: উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর অক্টোবর-২০২৩ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের জিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১০০২৯ জ্বালানী বিল বাবদ= ২,০২,৫৩৩/- টাকা, উপজেলা আনসার ক্যাম্পের নভেম্বর-২৩ মাসের জ্বালানী বিল বাবদ= ৩১৫০/- টাকা,উপজেলা পর্যায়ে কাব ক্যাম্পুরী ও স্কাউট সমাবেশ এর ৩৭,০০০/- টাকা, উপজেলা আনসার ক্যাম্প সংস্কার বাবদ =২০,০০০/- টাকা, অফিস সরঞ্জামাদি মেরামত বাবদ = ৫০,০০০/- টাকা ও আসবাবপত্র মেরামত বাবদ =৩৭,০০০/- টাকাসহ সর্বমোট = ৮৭,০০০/- টাকার বর্ণিত বিল অনুমোদনের প্রস্তাব করেন। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর অক্টোবর-২০২৩ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের জিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১০০২৯ জ্বালানী বিল বাবদ= ২,০২,৫৩৩/- টাকা,উপজেলা আনসার ক্যাম্পের নভেম্বর-২৩ মাসের জ্বালানী বিল বাবদ= ৩১৫০/- টাকা,উপজেলা পর্যায়ে কাব ক্যাম্পুরী ও স্কাউট সমাবেশ আয়োজন বাবদ = ৩৭,০০০/- টাকা, উপজেলা আনসার ক্যাম্প সংস্কার বাবদ =২০,০০০/- টাকা, অফিস সরঞ্জামাদি মেরামত বাবদ = ৫০,০০০/-টাকা ও আসবাবপত্র মেরামত বাবদ =৩৭,০০০/- টাকাসহ সর্বমোট = ৮৭,০০০/- টাকার বর্ণিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়. অনুমোদিত বিলসমূহ পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |
| | খ. পল্লী বিদ্যুৎ সংক্রান্ত: এজিএম (ওএন্ডএম), বিশ্বম্ভরপুর সাব-জোন জানান, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য রাইট অব ওয়ে সহ অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজ চলমান। তিনি সরকারি | ০২। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য রাইট অব ওয়ে সহ অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজ পর্যবেক্ষণ করার জন্য এজিএম (ওএন্ডএম) বিশ্বম্ভরপুর সাব-জোনকে অনুরোধ করা হয়। | (খ) এজিএম (ওএন্ডএম) বিশ্বম্ভরপুর সাব-জোন |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিষ্ঠানসমূহের বকেয়া বিদ্যুত বিল পরিশোধ করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>গ. মহান বিজয় দিবস-২০২৩ উদযাপন বাবদ অগ্রীম বিল উত্তোলন প্রসঙ্গে: উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩(খ) মোতাবেক (খাত: জাতীয় দিবস উদযাপন) মহান বিজয় দিবস-২০২৩ যথাযথভাবে উদযাপন করার নিমিত্ত =১,০০০০০/- (এক লক্ষ) টাকার অগ্রীম বিল উত্তোলন করার প্রস্তাব করেন। | ০৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩(খ) মোতাবেক (খাত: জাতীয় দিবস উদযাপন)মহান বিজয় দিবস-২০২৩ যথাযথভাবে উদযাপন করার নিমিত্ত =১,০০০০০/- (এক লক্ষ) টাকার বিল অগ্রীম উত্তোলন করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিল পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | (৭) উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১১/২৩

(মো: সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০২.২১- ৪৭

তারিখ: ২৩-১১-২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা............................................ কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দ:,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব.............................................
১২। অফিস কপি।

২৩/১১/২০২৩

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

॥ উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ॥

সভাপতি : জনাব মো: সফর উদ্দিন,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৭-১২-২০২৩ খ্রি:

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত উপজেলা পরিষদের **নভেম্বর-২০২৩** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | **নভেম্বর-২০২৩** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | **নভেম্বর-২০২৩** মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | **সভাপতি বলেন**, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন করার লক্ষে সকলকে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তাছাড়া উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার বিষয়ে অনুরোধ জানান।<br>**অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা জানান**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, বিতর্কিত বক্তা নিয়ে যাতে ওয়াজ মাহফিল না করা হয় সে বিষয়টি নিশ্চিত করা এবং ওয়াজ মাহফিল/কীর্তন/বিভিন্ন ওরশ প্রশাসনের পূর্বানুমতি নিয়ে করার বিষয়ে সভায় প্রস্তাব করেন এবং এ বিষয়টি বহুল প্রচারের লক্ষ্যে | ০১। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন করার লক্ষে সকলকে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।<br>০২। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার অনুরোধ করা হয়।<br>০৩। গ্রামীণ ছোট-খাটো দোকানসমূহের মাদক দ্রব্য বিক্রি ও অনলাইনে জুয়া খেলা,কেরাম বোর্ড খেলা ও ইয়াবাসহ অন্যান্য মাদকদ্রব্য বিক্রি/সেবন প্রতিরোধে পুলিশি তৎপরতা আরো বৃদ্ধির জন্য অফিসার ইনচার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এতসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>০৪। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি ~~ও নাশকতা রোধে~~ প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও | উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |

| | | | |
|---|---|---|---|
| | ইসলামিক ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি ও নাশকতা রোধে প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা আহবানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি বলেন,** তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। তবে ইদানিং জামায়াতকর্মীদের তৎপরতা বেশী লক্ষ্য করা যাচ্ছে। তাছাড়া তার ইউনিয়নের গ্রামীণ ছোট-খাটো দোকানসমূহের মাদক দ্রব্য বিক্রি ও জুয়া খেলা প্রতিরোধে পুলিশি তৎপরতা আরো বৃদ্ধির জন্য অফিসার ইনচার্জ,বিশ্বম্ভরপুর থানার দৃষ্টি আকর্ষণ করেন। সকল ইউপি চেয়ারম্যানবৃন্দ উপরোক্ত বিষয়ে একই মতামত ব্যক্ত করেন।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ও ফতেপুর ইউপি বলেন,** তাদের ইউনিয়নে গ্রাম পুলিশের শূন্য পদে জনবল নিয়োগ দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | নাশকতা প্রতিরোধ কমিটির সভা আহবানসহ কমিটির কার্যক্রম জোরদার করনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়<br>০৫। উপজেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত ফরম পূরণপূর্বক অঙ্গিকারনামা প্রদানসহ পূর্বানুমতি গ্রহন করে ওয়াজ মাহফিল/কীর্তণ/বিভিন্ন ওরশ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও বিতর্কিত বক্তা দিয়ে ওয়াজ মাহফিল না করার বিষয়টি নিশ্চিত করার জন্য ইসলামিক ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৬। বাদাঘাট দঃ ও ফতেপুর ইউনিয়নে গ্রাম পুলিশের শূন্য পদে জনবল নিয়োগ দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা নির্বাহী অফিসার বলেন,** আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে ভোট কেন্দ্রের মেরামতযোগ্য সংযোগ রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ বলেন,** আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে চলবন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তা জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি জানান,** পলাশ-মুক্তির বাজার রাস্তার মেরামতযোগ্য ০০-২৬০০ মিটার পর্যন্ত রাস্তা ডিপিপিতে অন্তর্ভুক্ত না হওয়া পর্যন্ত চলাচলের সুবিধার্থে আপাতত উপজেলা পরিষদের এডিপি তহবিলের অর্থায়নে মেরামতের প্রস্তাব করেন।<br>**উপজেলা প্রকৌশলী জানান,** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহ (পরিশিষ্ট 'ঋ' তে সংযুক্ত) অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি জানান,** উপজেলা প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন আরএমপি মহিলা শ্রমিকরা সঠিকভাবে কাজ করেননা। যার ফলে গ্রামীণ রাস্তাসমূহ রক্ষণাবেক্ষণে মারাত্মক সমস্যা হচ্ছে। তাদের নিয়োগ বাতিল করে নতুন করে আরএমপি মহিলা শ্রমিক নিয়োগ দেয়ার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা প্রকৌশলী জানান,** আরএমপি মহিলা শ্রমিকদের নিয়োগ সময়কাল সর্বনিম্ন ১ বছর ও সর্বোচ্চ ৩ বছর। বর্তমানে নিয়োগপ্রাপ্ত আরএমপি মহিলা শ্রমিকদের কাজ মনিটরিং করার জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করেন। যেসকল | ০১। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে ভোট কেন্দ্রের সংযোগ রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামত করা নির্বাচনের পূর্বেই গাড়ি চলাচলের উপযোগী করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০২। পলাশ-মুক্তির বাজার রাস্তার মেরামতযোগ্য ০০-২৬০০ মিটার পর্যন্ত রাস্তা ডিপিপিতে অন্তর্ভুক্ত না হওয়া পর্যন্ত চলাচলের সুবিধার্থে আপাতত উপজেলা পরিষদের এডিপি তহবিলের অর্থায়নে মেরামতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প অর্থায়নে গৃহীত (পরিশিষ্ট 'ঋ' তে সংযুক্ত) প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৪। গ্রামীণ রাস্তাসমূহ রক্ষণাবেক্ষণের জন্য নিয়োগপ্রাপ্ত আরএমপি মহিলা শ্রমিকদের কাজ মনিটরিং করার জন্য জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়। যেসকল শ্রমিকদের কাজে গাফিলতি লক্ষ করা যায় তাদের বিষয়ে সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেলে অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>-এ-<br>উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | ...দের কাজে পরিলক্ষিত লক্ষ করা যায় যাদের ...কে দুর্নীতি অভিযোগ পাওয়া গেলে অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় অবহিত করেন। | | |
| [illegible] | **উপজেলা নির্বাহী অফিসার** জানান, বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ১জন জুনিয়র কনসালটেন্ট (গাইনি),১জন জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) এবং ১জন জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) এই ০৩টি শূণ্য পদে জনবল পদায়ন করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে কিনা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধির নিকট জানতে চান।<br>**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি** জানান, বর্ণিত ০৩টি শূণ্য পদে জনবল পদায়ন করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, সাম্প্রতিক সময়ে মশার উৎপাত মারাত্মক হারে বৃদ্ধি পেয়েছে। মশা নির্মূলে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। প্রাথমিক অবস্থায় প্রত্যেক বাজারে যত্রতত্র ময়লা না ফেলা এবং ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল জনপ্রতিনিধিবৃন্দকে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। | ০১। বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য ১জন জুনিয়র কনসালটেন্ট (গাইনি),১জন জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) এবং ১জন জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) এই ০৩টি শূণ্য পদে জনবল পদায়ন করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর সার্বিক যোগাযোগ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। সাম্প্রতিক সময়ে মশার উৎপাত মারাত্মক হারে বৃদ্ধি পাওয়ায় মশা নির্মূলে প্রাথমিক অবস্থায় প্রত্যেক বাজারে যত্রতত্র ময়লা না ফেলা এবং ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সকল জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>বিশ্বম্ভরপুর<br>ও<br>চেয়ারম্যান,সকল ইউপি |
| ...জেলা<br>...বার<br>...কল্পনা<br>...ভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তার দপ্তরের কার্যক্রম নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন:<br>উপজেলায় মোট সক্ষম দম্পতি: ৩১,৪৮৮ জন<br>খাবার বড়ি: ১০,৯৪১ জন<br>কনডম: ১৯১৪ জন<br>ইনজেকশন: ৬০৭৭ জন<br>আই ইউ ডি: ৮৩২<br>ইমপ্লান্ট: ১০৮৩ জন<br>পুরুষ স্থায়ী: ১২০৮ জন<br>মহিলা স্থায়ী: ১৮২২ জন<br>মোট পদ্ধতি গ্রহণকারী: ২৪,৪০৭ জন<br>হার ৭৭.৭৫%<br>প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা: ১৯ জন<br>প্রসবপূর্ব: ৩৪৮ জন<br>প্রসবোত্তর: ১০৩ জন<br>শিশু সেবা: ৮৩১ জন<br>কিশোর কিশোরী সেবা: ১১৮ জন<br>সাধারণ রোগী সেবা: ১৩১৭ জন<br>**চেয়ারম্যান,ফতেপুর ইউপি** জানান, ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে এফডব্লিউভি না থাকায় জনগণের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা প্রদানে মারাত্মক সমস্যা হচ্ছে। | ০১। পরিবার পরিকল্পনার স্থায়ী/অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী কমানোর বিষয়ে গুরুত্বারোপসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>বিশ্বম্ভরপুর<br>ও<br>উপজেলা প্রকৌশলী |
| ...লা কৃষি<br>...গ | **উপজেলা কৃষি কর্মকর্তা** জানান, আমন ধান কর্তন শেষ হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। হাওরে বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা: ৭০৩০ হেক্টর এবং অনাবাদি ৩২০ হেক্টর আবাদ হয়েছে। বীজতলার কোন সংকট নেই।<br>সভাপতি জানান, আঙ্গারুলি হাওরের ফুলছড়ি গ্রাম সংলগ্ন (সবেক ১৪ নং পিআইসি) হাওরে প্রায় ২৫০ হেক্টর জমিতে পানি আটকে থাকায় প্রান্তিক কৃষকগণের জমি আবাদ করা যাচ্ছেনা। আবাদের | ০১। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নসহ উক্ত পরিকল্পনার অংশ হিসেবে রাস্তার দুই পাশের অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। অনাবাদি জমি আবাদ ও উচ্চ ফলনশীল ও আগাম কর্তনযোগ্য শস্য রোপনে কৃষকদেরকে | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা কৃষি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | সুবিধার্থে পানি উন্নয়ন বোর্ডের আংশিক বাঁধ কেটে উক্ত হাওরের খাদা ওনাম সংলগ্ন এলাকায় পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ উক্ত পরিকল্পনার অংশ হিসেবে রাস্তার দুই পাশের অনাবাদি জমিও আবাদের আওতায় আনার জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | উদ্বুদ্ধকরনে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০৩। আক্তারদি হাওরের ফুলতড়ি গ্রাম সংলগ্ন (সাবেক ১৪ নং পিআইসি) হাওরে প্রায় ২৫০ হেক্টর জমিতে পানি আটকে থাকায় প্রান্তিক কৃষকগনের জমি আবাদের সুবিধার্থে পানি উন্নয়ন বোর্ডের আংশিক বাঁধ কেটে উক্ত হাওরের খাদা ওনাম সংলগ্ন এলাকায় পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মৎস্য বিভাগ | **উপজেলা মৎস্য কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে; ২০২২-২৩ অর্থ বছরের জেলেদের ফিশারিজ আইডি কার্ড প্রদান কার্যক্রম চলমান।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি জানান**, বিল শুকিয়ে মৎস্য আহরণসহ অবৈধভাবে নিষিদ্ধ বিভিন্ন প্রকারের জাল ও চাই ব্যবহার করে কতিপয় জেলে পোনা মাছ নিধন করছে। | মৎস্যসম্পদ বৃদ্ধির লক্ষ্যে বিল শুকিয়ে মৎস্য আহরণসহ পোনা মাছ নিধন ও নিষিদ্ধ জাল ও চাই ব্যবহার বন্ধ করার বিষয়ে অভিযান পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, ২০২১ সালের অক্টোবর মাস হতে ২০২৩ সালের নভেম্বর মাস পর্যন্ত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কিংবা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-পরিচালক,বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড,সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের করা হয়েছে। পত্র প্রেরণ পরবর্তী সময়েও তিনি অদ্যকের সভায় অনুপস্থিত আছেন। এ বিষয়ে করনীয় নির্ধারণে সভায় সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**সভাপতি বলেন**, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কিংবা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব,পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য প্রস্তাব করেন। | অননুমোদিতভাবে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কিংবা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব,পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>তিনি জানান ২০২৩-২৪ অর্থ বছরে ২য় পর্যায়ে টিআর,কাবিখা,কাবিটা কার্যক্রম চলমান। | ২০২৩-২৪ অর্থ বছরে ২য় পর্যায়ের টিআর,কাবিটা'র কার্যক্রম তদারকী করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের আওতায় আনার সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত থাকা সত্ত্বেও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনাবাদি জমি এখন পর্যন্ত আবাদের আওতায় না আনায় ক্ষোভ প্রকাশ করেন এবং উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও এসডিজি-২ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনাবাদি জমি আবাদের আওতায় আনয়নের সার্বিক পরিকল্পনা বাস্তবায়নে জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়; গৃহীত কার্যক্রমের উপর একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী মাসিক সাধারণ সভায় উপস্থাপনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা শিক্ষা অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার জানান, সকল বিদ্যালয়ে শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>তিনি আরো জানান শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা শিক্ষা অফিসার জানান, ১ জানুয়ারি,২০২৪ তারিখ পাঠ্যপুস্তক বিতরণের মাধ্যমে "বই উৎসব" শিক্ষার্থী বরণ দিনে আনুষ্ঠানিকভাবে সমাবেশে উদযাপন করা হবে। সার্বিক সহযোগিতার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভাপতি জানান, কাইতকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মো: নুরুল ইসলাম-কে তার কর্মস্থলে স্থানান্তর করে তার স্থলে অভিজ্ঞতা সম্পন্ন ২জন শিক্ষক সংযুক্ত করে উপজেলা শিক্ষা অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার বিষয়ে উপজেলা পরিষদের সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হলেও কার্যকর পদক্ষেপ গ্রহণ না করায় ক্ষোভ প্রকাশ করেন এবং উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, জানুয়ারি মাসে এ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়সমূহে স্কুলে ভর্তি উপযোগী প্রতিটি শিশু ভর্তি হয়েছে কিনা তা প্রাথমিক বিদ্যালয়সমূহের ক্লাস্টার ভিত্তিক রিপোর্ট সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর মাধ্যমে উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট উপস্থাপন করে ২০ জানুয়ারি ২০২৪ এর মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর নিকট উপস্থাপন করার প্রস্তাব করেন। | ০২। শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধসহ শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। ০১ জানুয়ারি,২০২৪ তারিখ পাঠ্যপুস্তক বিতরণের মাধ্যমে "বই উৎসব" সুষ্ঠুভাবে উদযাপনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৪। কাইতকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মো: নুরুল ইসলাম-কে তার কর্মস্থলে স্থানান্তর করে তার স্থলে অভিজ্ঞতা সম্পন্ন ২জন শিক্ষক সংযুক্ত করে উপজেলা শিক্ষা অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০৫। ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৬। জানুয়ারি মাসে এ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়সমূহে স্কুলে ভর্তি উপযোগী প্রতিটি শিশু ভর্তি হয়েছে কিনা তা প্রাথমিক বিদ্যালয়সমূহের ক্লাস্টার ভিত্তিক রিপোর্ট সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর মাধ্যমে উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট উপস্থাপন করে ২০ জানুয়ারি ২০২৪ এর মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর নিকট উপস্থাপন এর সিদ্ধান্ত গৃহীত হয়। এবং কোন ক্লাস্টারে কোনো শিশু ভর্তি না হয়ে থাকলে কেন ভর্তি হলোনা তা উদঘাটনক্রমে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত।<br>চেয়ারম্যান,পলাশ ইউপি বলেন, মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি নীতিমালা অনুযায়ী প্রতি ক্লাসে ৫৫জন শিক্ষার্থী ভর্তি হতে পারবে। উক্ত নীতিমালার কারণে আসন সংকটের কারণে অনেক শিক্ষার্থী ভর্তি হতে পারবেনা। ফলে শিক্ষার্থী ঝরে পড়ার হার বৃদ্ধি পাবে। শিক্ষার্থী ঝরে পড়া রোধে নতুন সেকশন খোলার জন্য যথাযথ কর্তৃপক্ষের বরাবর আবেদন করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করতে হবে। | ০১। ভোট কেন্দ্র হিসেবে যে সকল বিদ্যালয় নির্বাচিত সেগুলো প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করে উপজেলা প্রশাসনকে অবগত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করনের লক্ষ্যে নতুন সেকশন খোলার অনুমতি গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের বরাবর আবেদন করার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। ০১ জানুয়ারি,২০২৪ তারিখ পাঠ্যপুস্তক বিতরণের মাধ্যমে "বই উৎসব" সুষ্ঠুভাবে উদযাপনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যাণ সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন | ০১। উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যাণ সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রমসহ সুদমুক্ত ক্ষুদ্রঋণ,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি বলেন**, এ উপজেলার ব্যাংক এশিয়া কর্তৃক সেবা গ্রহিতাদের কাঙ্খিত সেবা প্রদানের পরিবর্তে বয়স্ক ভাতাধারীদেরকে ভাতা উত্তোলনের ক্ষেত্রে হয়রানি করা হচ্ছে। এ বিষয়ে তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান**, এবিষয়ে ব্যাংক এশিয়ার প্রতিনিধির সাথে যোগাযোগ করা হলে জনবল সংকটের কারনে সেবা গ্রহিতাদের সেবা প্রদানে সমস্যা হচ্ছে বলে জানান। তিনি জনবল সংকট নিরসনসহ বিভিন্ন ভাতা বিতরনের অগ্রিম সময়সূচি প্রদানপূর্বক সেবা গ্রহীতাদের সেবা প্রদান নিশ্চিত করার জন্য ব্যাংক এশিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করেন। | নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। কোন প্রকার হয়রানি ব্যতিরেকে সেবা গ্রহীতাদের কাঙ্খিত সেবা প্রদান নিশ্চিতকরতঃ জনবল সংকট নিরসনসহ বিভিন্ন ভাতা বিতরনের অগ্রিম সময়সূচি সম্পর্কে স্থানীয় সকল ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য ব্যাংক এশিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী জানান**, ২০২৩-২৪ অর্থ বছরের হাওর প্রকল্পের আওতায় ১৭টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক বরাদ্দ বিভাজনের জন্য সভায় প্রস্তাব করেন। | ২০২৩-২৪ অর্থ বছরের হাওর প্রকল্পের আওতায় প্রাপ্ত নলকূপের বরাদ্দ বিভাজন ও সাইট সিলেকশন করার নিমিত্ত উপজেলা ওয়াটসান কমিটির সভা আহবানের জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২২৬৩ জন উপকারভোগীদেরকে ৩০ কেজি হারে মোট ৬৭.৮৯০ মেঃ টন চালের নভেম্বর-২০২৩ মাসের ডিও ছাড় করা হয়েছে।<br>তিনি আরো জানান, মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, স্বল্প পরিসরে ব্লক-বাটিক ও অন্যান্য আয়বর্ধন মূলক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০২। স্বল্প পরিসরে ব্লক-বাটিক ও অন্যান্য আয়বর্ধন মূলক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | বিট কর্মকর্তা,শশ্বিয়ারকলা বিট সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শশ্বিয়ারকলা-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শশ্বিয়ারকলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান**, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ৯২ লক্ষ টাকা ঋণ আদায় এবং ৮৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহনের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক এর প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ঋন বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। খেলাপী ঋন আদায়ে ঋন গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ও<br>চেয়ারম্যান |

| | | | |
|---|---|---|---|
| | [illegible] করার কারণে [illegible] ২০২৪ [illegible] নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক** জানান, টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রমে জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | ০২। খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | সকল ইউপি |
| | **বিবিধ** | | |
| | ক. <u>উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:</u> **উপজেলা নির্বাহী অফিসার জানান**, উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১০০২১ জ্বালানী বাবদ নভেম্বর-২০২৩ মাসের=২,০২,৫৩৩/-টাকা,ডিসেম্বর-২০২৩ মাসের= ২,১৪,৩০৯/- উপজেলা আনসার ক্যাম্পের ডিসেম্বর-২৩ মাসের জ্বালানী বিল বাবদ= ৩২০০/- টাকা, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাথরুমের ট্যাংকি পরিষ্কার বাবদ =৭৮৫০/- টাকা, মহান বিজয় দিবস-২০২৩ যথাযথভাবে উদযাপন বাবদ=১,০০০০০/- টাকার বাছিত বিল অনুমোদনের প্রস্তাব করেন।<br>খ. <u>পল্লী বিদ্যুৎ প্রসঙ্গে:</u> **এজিএম (ওএন্ডএম), বিশ্বম্ভরপুর সাব-জোন জানান,** আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নিরবিচ্ছিন্ন বিদ্যুত সরবরাহ নিশ্চিত করার জন্য রাইট অব ওয়ে সহ অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজ চলমান। তিনি সরকারি প্রতিষ্ঠানসমূহের বকেয়া বিদ্যুত বিল পরিশোধ করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা প্রকৌশলী বলেন**, চন্দ্রপাটি মডেল স্কুলের আইটি সেন্টার ও কমিউনিটি সেন্টারে বিদ্যুত সংযোগ দেওয়ার জন্য এজিএম(ওএন্ডএম)বিশ্বম্ভরপুর সাব-জোন এর দৃষ্টি আকর্ষণ করেন।<br>গ. <u>উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্প অনুমোদন প্রসঙ্গে:</u> **উপজেলা নির্বাহী অফিসার** সভায় জানান, ২৪-১২-২০২৩ তারিখের উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>ঘ. <u>উপজেলা পরিষদের আবাসিক এরিয়ার অভ্যন্তরে পুকুর ও পুকুরপাড়ের আগাছা পরিষ্কার করণ:</u> **উপজেলা নির্বাহী অফিসার** সভায় জানান, উপজেলা পরিষদের আবাসিক এরিয়ার অভ্যন্তরে পুকুরটি ময়লা আবর্জনাপূর্ন হয়ে থাকায় এবং মশা প্রজননের আবাসস্থল হিসেবে গড়ে উঠায় এবং পুকুরপাড়ে বেত ও অন্যান্য আগাছা দ্বারা বেষ্টিত হয়ে উঠায় তা পরিষ্কার করার প্রস্তাব করেন। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল, আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল, নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল, জীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১০০২১ জ্বালানী বাবদ নভেম্বর-২০২৩ মাসের=২,০২,৫৩৩/-টাকা,ডিসেম্বর-২০২৩ মাসের=২,১৪,৩০৯/- উপজেলা আনসার ক্যাম্পের ডিসেম্বর-২৩ মাসের জ্বালানী বিল বাবদ= ৩২০০/- টাকা, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাথরুমের ট্যাংকি পরিষ্কার বাবদ =৭৮৫০/- টাকা, মহান বিজয় দিবস-২০২৩যথাযথভাবে উদযাপন বাবদ=১,০০৫৮০/- টাকার,বাছিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিলসমূহ পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নিরবিচ্ছিন্ন বিদ্যুত সরবরাহ নিশ্চিত করার জন্য রাইট অব ওয়ে সহ অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজ পর্যবেক্ষণ করার জন্য এজিএম (ওএন্ডএম) বিশ্বম্ভরপুর সাব-জোনকে অনুরোধ করা হয়।<br>০৩। চন্দ্রপাটি মডেল স্কুলের আইটি সেন্টার ও কমিউনিটি সেন্টারে বিদ্যুত সংযোগ দেওয়ার জন্য এজিএম(ওএন্ডএম)বিশ্বম্ভরপুর সাব-জোনকে অনুরোধ করা হয়।<br>০৪। ২৪-১২-২০২৩ তারিখের উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৫। উপজেলা পরিষদের আবাসিক এরিয়ার অভ্যন্তরে পুকুরটি ময়লা আবর্জনাপূর্ন হয়ে থাকায় এবং মশা প্রজননের আবাসস্থল হিসেবে গড়ে উঠায় এবং পুকুরপাড়ে বেত ও অন্যান্য আগাছা দ্বারা বেষ্টিত হয়ে উঠায় তা পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বাবদ ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর<br>(খ) এজিএম (ওএন্ডএম) বিশ্বম্ভরপুর সাব-জোন |

| | | | |
|---|---|---|---|
| | ৬. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা প্রকৌশলীর বাসভবন মেরামত করন। উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা প্রকৌশলীর বাসভবনে প্রয়োজনীয় ক্ষুদ্র মেরামত করার প্রস্তাব করেন। | ০৬। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা প্রকৌশলীর বাসভবনে প্রয়োজনীয় ক্ষুদ্র মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বাবদ ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
তারিখ: ০১-০১-২০২৪ খ্রি:

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪-০১
অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, ২২৭, সুনামগঞ্জ-৪।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৮। উপজেলা........................................................কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, সলুকাবাদ, পলাশ, ধনপুর, বাদাঘাট দ:, ফতেপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
১১। জনাব........................................................।
১২। অফিস কপি।

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

[illegible], সুনামগঞ্জ।

॥ উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ॥

পরিশিষ্ট 'খ'

| [illegible] | প্রকল্পের নাম | মোট বরাদ্দ | খাতের নাম |
|---|---|---|---|
| ১ | শক্তিয়ারখলা বাজার [illegible] পূর্ব পার্শ্বের মসজিদের সামনে ইউড্রেন নির্মাণ<br>[illegible] রাস্তায় ইউড্রেন নির্মাণ<br>[illegible] রাম দাশের বাড়ীর পার্শ্বে ইউড্রেন নির্মাণ<br>[illegible] আলী পাবলিক উচ্চ বিদ্যালয়ের পার্শ্বে ইউড্রেন নির্মাণ<br>[illegible] শাহজাহানের বাড়ীর পার্শ্বে ইউড্রেন নির্মাণ | ১০ লক্ষ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প |

[illegible] ০৭/০৩/২০২৪

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

[[ উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]]

সভাপতি : জনাব মোঃ সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২২-০১-২০২৪ খ্রি:

সভার সময় : সকাল ১২, ০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | ডিসেম্বর-২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | ডিসেম্বর-২০২৩ মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | **সভাপতি বলেন**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার বিষয়ে অনুরোধ জানান।<br>**অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা জানান**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরনের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, বিতর্কিত বক্তা দিয়ে যাতে ওয়াজ মাহফিল না করা হয় সে বিষয়টি নিশ্চিত করা এবং ওয়াজ মাহফিল/কীর্তন/বিভিন্ন ওরশ প্রশাসনের পূর্বানুমতি নিয়ে করার বিষয়ে সভায় প্রস্তাব করেন এবং এবিষয়টি বহুল প্রচারের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। | ০১। নারী নির্যাতন, বাল্যবিবাহ, ধর্ষণ, ইভটিজিং, মাদক, ধর্মীয় উষ্কানিসহ আইন শৃঙ্খলা পরিপন্থি সকল অপরাধ প্রতিরোধে পুলিশী তৎপরতা আরোও জোরদারপূর্বক সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য স্থানীয় পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>০২। এ উপজেলার আইন শৃঙ্খলা পরিবেশ সমুন্নত রাখার স্বার্থে স্থানীয় প্রশাসনের অনুমতি ব্যতীত যাতে কেহ কোন প্রকার সভা/সমাবেশ/ধর্মীয় সম্মেলন/যাত্রা/সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি না করতে পারে তা নিশ্চিত করার জন্য অফিসার ইনচার্জ, বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। তাছাড়া ইসলামী সভা/ওয়াজ মাহফিল করার জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে এ উপজেলার ইসলামিক ফাউন্ডেশনের দায়িত্বরত মডেল কেয়ারটেকারের সুপারিশসহ অনুমতি চেয়ে সংশ্লিষ্ট সকলকে স্থানীয় প্রশাসনের নিকট আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলী** জানান, ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহ (পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত) অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহ (পরিশিষ্ট 'খ' তে সংযুক্ত) সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা** জানান, হাওরে বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা ৭০৩০ হেক্টর,লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। নন হাওরে বোরো আবাদ চলমান। বীজতলার কোন সংকট নেই। রবি/বোরো মৌসুমে অত্র উপজেলার সকল কর্মকর্তা মাঠ পর্যায়ে থেকে কৃষকগণকে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিচ্ছে। ফতেপুর ইউনিয়নের খরচার হাওরে সিংড়াঘাট এলাকায় পানির জলাবদ্ধতার বিষয়ে স্থায়ী খননের প্রস্তাব করেন। | ০১। ফতেপুর ইউনিয়নের খরচার হাওর সিংড়াঘাট এলাকায় প্রান্তিক কৃষকগনের জমি আবাদসহ জলাবদ্ধতা নিরসনের সুবিধার্থে বিএডিসি (সেচ) এর মাধ্যমে খালের দুই পার্শে চুক দিয়ে খাল খনন ও পুনরাবৃত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী,বিএডিসি (সেচ),সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০২। রবি/বোরো মৌসুমে অত্র উপজেলার কৃষি অফিসের সকল উপ: সহকারী কৃষি কর্মকর্তাকে মাঠ পর্যায়ে থেকে কৃষকগণকে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা** জানান, হাসপাতালের এক্সরে মেশিন সচল হয়েছে। শিশু ও বয়স্ক রোগীদের এক্সরে করানো হচ্ছে বাহিরের একটি ক্লিনিকের সাথে সমন্বয় করে। তিনি হাসপাতালের ল্যাব চালু রাখার স্বার্থে আউটসোর্সিং পদ্ধতিতে প্রয়োজনীয় জনবল সরবরাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br><br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, হাসপাতালের ল্যাব চালু রাখার স্বার্থে আউটসোর্সিং পদ্ধতিতে উপজেলা পরিষদের অর্থায়নে প্রয়োজনীয় জনবল সরবরাহের কোন সুযোগ নেই। তিনি জানান, প্রয়োজনীয় ল্যাব টেকনিশিয়ান পদায়নের জন্য জেলা উন্নয়ন সমন্বয় সভায় প্রস্তাব উত্থাপন করবেন।<br><br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, হাসপাতালে কর্মরত চিকিৎসকগন অফিস সময়ে বাহিরের বিভিন্ন ক্লিনিকে রোগী দেখেন মর্মে বিভিন্ন অভিযোগ পাওয়া যাচ্ছে। এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**সভাপতি** জানান, হাসপাতালে মানসম্মত ও পরিমানমত খাবার সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা** জানান, হাসপাতালে মানসম্মত ও পরিমানমত খাবার সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করা হচ্ছে। | বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত চিকিৎসকগন অফিস সময়ের মধ্যে যাতে বাহিরের ক্লিনিকে কিংবা চেম্বারে রোগী দেখতে না পারেন সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখাসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তার দপ্তরের কার্যক্রম নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন:<br>উপজেলায় মোট সক্ষম দম্পতি: ৩১,৫৩৮ জন<br>মোট পদ্ধতি গ্রহণকারী: ২৪,৪৮৩ জন<br>হার ৭৭.৬৩%।<br>প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা: ৩০ জন | ০১। পরিবার পরিকল্পনার স্থায়ী/অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা** জানান, বাদাঘাট দঃ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সম্মুখভাগে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা জরুরী। এছাড়াও বাজারে আগত ক্রেতা/বিক্রেতা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পার্শ্বে মলমূত্র ত্যাগ করে পরিবেশ বিনষ্ট করছে।<br>**চেয়ারম্যান,ফতেপুর ইউপি** জানান, ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ভিজিটর না থাকায় জনগনের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা প্রদানে মারাত্মক সমস্যা হচ্ছে। | ০২। বাদাঘাট দঃ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সম্মুখভাগে অবৈধ স্থাপনা উচ্ছেদসহ বাজারে আগত ক্রেতা/বিক্রেতারা যাতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পার্শ্বে মলমূত্র ত্যাগ করে পরিবেশ বিনষ্ট করতে না পারে সেজন্য কাটাতারের বেড়া দিয়ে ফুলের বাগান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| উপজেলা মৎস্য বিভাগ | **উপজেলা মৎস্য কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ২০২২-২৩ অর্থ বছরের জেলেদের ফিশারিজ আইডি কার্ড প্রদান কার্যক্রম চলমান।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি** জানান, বিল শুকিয়ে মৎস্য আহরণসহ সরকারিভাবে নিষিদ্ধ বিভিন্ন প্রকারের জাল ও চাই ব্যবহার করে কতিপয় জেলে পোনা মাছ নিধন করছে। | মৎস্যসম্পদ বৃদ্ধির লক্ষ্যে বিল শুকিয়ে মৎস্য আহরণসহ পোনা মাছ নিধন ও নিষিদ্ধ জাল ও চাই ব্যবহার বন্ধ করার বিষয়ে অভিযান পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি** জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গরু,ছাগল,হাঁস,মুরগী ও পোষা প্রাণীদের চিকিৎসা ও টিকা প্রদান এবং কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনাসহ গরু,ছাগল,হাঁস,মুরগী ও পোষা প্রাণীদের চিকিৎসা ও টিকা প্রদান এবং কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিআরডিবির আওতাধীন ০৩টি আবাসিক ভবন রয়েছে সীমান্ত ভবনের জরুরী মেরামতের জন্য ০৪ সদস্য বিশিষ্ট পিআইসি কমিটি গঠন করে কমিটির আহবায়ক জনাব মোঃ নয়ন মিয়া,উপজেলা কৃষি অফিসারকে ২লক্ষ টাকার ক্রস চেক প্রদান করা হয়। | ২৭ মাস পর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত থাকায় উষ্মা প্রকাশ করা হয় এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>তিনি জানান ২০২৩-২৪ অর্থ বছরে ২য় পর্যায়ে টিআর=১৮,৫৪,০৬৮/-,কাবিখা= চাল ২২.০৬০৮ মেঃটন,গমঃ ২২.০৬০৮ মেঃটন, বরাদ্দের বিপরীতে প্রাপ্ত প্রকল্পগুলো অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে। অনুমোদন সাপেক্ষে মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়ন করা হবে। | ২০২৩-২৪ অর্থ বছরে ১ম পর্যায়ের টিআর,কাবিটা'র কার্যক্রম তদারকী করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | **উপজেলা শিক্ষা অফিসার** জানান, বিদ্যালয় পর্যায়ে শিশু জরিপ অনুযায়ী শিশুদের ভর্তি কার্যক্রম চলমান। বর্তমান শৈত্য প্রবাহের কারনে শিক্ষার্থীদের উপস্থিতির হার কিছুটা কম। তাপমাত্রা ১০ ডিগ্রী সেলসিয়াসের নীচে নামলে বিদ্যালয় বন্ধ করার নির্দেশনা রয়েছে। শিক্ষার্থী ভর্তির জন্য জন্মনিবন্ধন সনদ জরুরী। এ জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>**উপজেলা নির্বাহী অফিসার** জানান, সকল বিদ্যালয়ে শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধসহ শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। কাইতকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মোঃ নুরুল ইসলাম-কে তার কর্মস্থলে ছাড়পত্র করে তার স্থলে অভিজ্ঞতা সম্পন্ন ২জন শিক্ষক সংযুক্ত করে উপজেলা শিক্ষা অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার বিষয়ে উপজেলা পরিষদের সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হলেও কার্যকর পদক্ষেপ গ্রহণ না করায় আগামী ০২(দুই) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরো জানান, শিক্ষার হার,বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**সভাপতি জানান**, কাইতকোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক জনাব মোঃ মুকুল ইসলাম-কে তার কর্মস্থলে স্থানান্তর করে তার স্থলে অভিজ্ঞতা সম্পন্ন ২জন শিক্ষক সংযুক্ত করে উপজেলা শিক্ষা অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার বিষয়ে উপজেলা পরিষদের সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হলেও কার্যকর পদক্ষেপ গ্রহণ না করায় ক্ষোভ প্রকাশ করেন এবং আগামী ০২(দুই) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিত ব্যাখ্যা দেয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, জানুয়ারি মাসে এ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়সমূহে স্কুলে ভর্তি উপযোগী প্রতিটি শিশু ভর্তি হয়েছে কিনা তা প্রাথমিক বিদ্যালয়সমূহের ক্লাস্টার ভিত্তিক রিপোর্ট সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর মাধ্যমে উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট উপস্থাপন করে ২৯ ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর নিকট উপস্থাপন করার প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান,বাদামাটি নং ইউপি সভাই জানান, বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত জুনিয়র স্কুল চালু রয়েছে। শিক্ষক সংকটের অজুহাতে উক্ত বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করাতে অনীহা প্রকাশ করছেন। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির জুনিয়র স্কুল চালু রাখার সম্মতি থাকা সত্ত্বেও উপজেলা শিক্ষা অফিসার,প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষকবৃন্দ জুনিয়র স্কুল শাখা বন্ধ করার চেষ্টা করছে। | অফিসার বরাবর লিখিত ব্যাখ্যা দেয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। জানুয়ারি মাসে এ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়সমূহে স্কুলে ভর্তি উপযোগী প্রতিটি শিশু ভর্তি হয়েছে কিনা তা প্রাথমিক বিদ্যালয়সমূহের ক্লাস্টার ভিত্তিক রিপোর্ট সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর মাধ্যমে উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট উপস্থাপন করে ২৯ ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর নিকট উপস্থাপন এর সিদ্ধান্ত গৃহীত হয় এবং কোন ক্লাস্টারে কোন শিশু ভর্তি না হয়ে থাকলে কেন ভর্তি হলোনা তা উদ্‌ঘাটনক্রমে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত জুনিয়র স্কুল চালু রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। জরুরী ভিত্তিতে আগামী ২৩-০১-২০২৪ তারিখ উক্ত বিদ্যালয় পরিদর্শন করে জুনিয়র স্কুল বহাল রাখার স্বার্থে পর্যাপ্ত শিক্ষক পদায়নসহ সার্বিক বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি বলেন**, মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি নীতিমালা অনুযায়ী প্রতি ক্লাসে ৫৫জন শিক্ষার্থী ভর্তি হতে পারবে। উক্ত নীতিমালার কারনে আসন সংকটের কারনে অনেক শিক্ষার্থী ভর্তি হতে পারবেনা। ফলে শিক্ষার্থী ঝরে পড়ার হার বৃদ্ধি পাবে। শিক্ষার্থী ঝরে পড়া রোধে, নতুন সেকশন খোলার জন্য যথাযথ কর্তৃপক্ষের বরাবরে আবেদন করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করনের লক্ষ্যে নতুন সেকশন খোলার অনুমতি গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের বরাবর আবেদন করার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান**, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রমসহ সুদমুক্ত ক্ষুদ্রঋন,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান। ২০২৩-২৪ অর্থ বছরের বয়স্ক,বিধবা,প্রতিবন্ধী মোট ১৭১৪ জনের বরাদ্দ পাওয়া গেছে। | ০১। উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। কোন প্রকার হয়রানি ব্যতিরেকে সেবা গ্রহীতাদের কাঙ্খিত সেবা প্রদান নিশ্চিতকরতঃ জনবল সংকট নিরসনসহ বিভিন্ন ভাতা বিতরনের | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান,পলাশ ইউপি বলেন, এ উপজেলার ব্যাংক এশিয়া কর্তৃক সেবা গ্রহিতাদের কাছি... প্রদানের পরিবর্তে বয়স্ক ভাতাধারীদের... উত্তোলনের ক্ষেত্রে হয়রানি করা হচ্ছে... বিষয়ে তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | অগ্রিম সময়সূচি সম্পর্কে স্থানীয় সকল ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য ব্যাংক এশিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী জানান**, ২০২৩-২৪ অর্থ বছরের হাওর প্রকল্পের আওতায় ১৭টি নলকূপের বরাদ্দ পাওয়া যায়। উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক বরাদ্দ বিভাজনের জন্য সভা প্রস্তাব করেন। | ২০২৩-২৪ অর্থ বছরের হাওর প্রকল্পের আওতায় প্রাপ্ত নলকূপের বরাদ্দ বিভাজন ও সাইট সিলেকশন করার নিমিত্ত উপজেলা ওয়াটসান কমিটির সভা আহবানের জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ডিসেম্বর-২৩ মাসে ঋন বিতরন ৪,৭০,০০০/-টাকা,ঋন আদায় ৩৫,৪৩০/- টাকা। প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন,অর্জন: ২৪০জন। পুরুষ: ২১ জন,মহিলা: ২১৯ জন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২২৬৩ জন উপকারভোগীদেরকে ৩০ কেজি হারে মোট ৬৭.৮৯০ মে: টন চালের ডিসেম্বর-২০২৩ মাসের ডিও ছাড় করা হয়েছে।<br>তিনি আরো জানান, মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে অধিকতর যাচাইপূর্বক ত্রুটিমুক্ত এনআইডি কার্ডসহ প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। | ০১। মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম (স্বাক্ষরযুক্ত সম্পূর্ণ এনআইডি কার্ডসহ) প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০২। স্বল্প পরিসরে ব্লক-বাটিক ও অন্যান্য আয়বর্ধন মূলক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | **বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় জানান**, সুনামগঞ্জ রেঞ্জের অধীন শক্তিয়ারখলা বিটের আওতায় ৫৪৪৯ একর জমি রয়েছে। উক্ত ভূমির অধিকাংশ বেদখল অবস্থায় রয়েছে। বেদখলকৃত ভূমি উদ্ধারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, সুনামগঞ্জ রেঞ্জের অধীন শক্তিয়ারখলা বিটের আওতায় বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে স্থাপিত ও পরিচালিত করাতকল পরিদর্শন করে অবৈধভাবে স্থাপিত লাইসেন্সবিহীন করাতকল বন্ধ করার জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিটের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১।শক্তিয়ারখলা বিটের মালিকানাধীন বেদখলকৃত ভূমি উদ্ধারের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। সুনামগঞ্জ রেঞ্জের অধীন শক্তিয়ারখলা বিটের আওতায় বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে স্থাপিত ও পরিচালিত করাতকল পরিদর্শন করে অবৈধভাবে স্থাপিত লাইসেন্সবিহীন করাতকল বন্ধ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান**, ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ৪৫ লক্ষ টাকা ঋণ আদায় এবং ৪০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক এর দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ঋন বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। খেলাপী ঋন আদায়ে ঋন গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা-লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও চেয়ারম্যান সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। মজুদ বিরোধী অভিযান চলমান। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষনের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন করা হচ্ছে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | ০২। জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br>০৪। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষনের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শনসহ মজুদ বিরোধী অভিযান পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | |
| উপজেলা পরিষদের জনবল নিয়োগ সংক্রান্ত | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, স্থানীয় সরকার বিভাগের আওতায় উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে অফিস সহায়ক (তৎকালীন এম,এল,এস,এস) পদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের নিমিত্ত ১৪-০৮-২০১৪তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০৬.০০৪.২০১৪-৭৫১ স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। উক্ত ছাড়পত্রের ভিত্তিতে ২জন এম,এল,এস,এস নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় । উক্ত বিজ্ঞপ্তির বিরুদ্ধে উক্ত পদে স্থায়ীকরণের দাবীতে বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদে অস্থায়ীভাবে অফিস সহায়ক (তৎকালীন এম,এল,এস,এস) হিসেবে কর্মরত জনাব শাহিনুর ইসলাম,পিতাঃ মোঃ আব্দুল মান্নান,মাতাঃ মোছাঃ বেগম আক্তার,গ্রামঃ আমড়াপাড়া,পোঃরতারগাও,ইউপিঃসলুকাবাদ,উপজেলাঃ বিশ্বম্ভরপুর,জেলাঃ সুনামগঞ্জ মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ১৫৩৫/২০১৫ দায়ের করেন। দায়েরকৃত পিটিশনের আলোকে স্মারক নং ০৫.৯১২.০০০.০০.০০১.২০১৫-১৮৫(৩০) তারিখঃ ২৫-০২-২০১৫ মূলে পত্রিকায় বিজ্ঞপ্তি মারফত নিয়োগ বিজ্ঞপ্তি ও নিয়োগ কার্যক্রম স্থগিত করা হয় । পরবর্তীতে মাননীয় আদালত কর্তৃক উক্ত মামলা শুনানীঅন্তে গত ১২/০৭/২০১৮ তারিখে নিম্নবর্ণিত রায়/আদেশ প্রদান করা হয়:<br>"Accordingly,the Rule is disposed of. The respondents are directed to absorb the petitioner in his respective /equivalent post in the revenue budget, on being satisfied that he is otherwise not disqualified subject to availability of post."<br>মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৫৩৫/২০১৫-এর ১২/০৭/২০১৮ তারিখের রায়/আদেশের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য উক্ত রায়/আদেশের ছায়ালিপি এবং আনুষংগিক কাগজপত্র সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং দৃষ্টি আকর্ষণপূর্বক উপসচিব,উপজেলা-১শাখা স্থানীয় সরকার বিভাগ | ০১। স্থানীয় সরকার বিভাগ এর ১৪-০৮-২০১৪ খ্রি তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৪.২০১৪-৭৫১ নং স্মারকের আলোকে আবেদনকৃত প্রার্থীদের আবেদনের সকল প্রকার তথ্যাদি ২০২২ সালের প্রলয়ংকারী বন্যায় সম্পূর্ণভাবে বিনষ্ট হয়ে যাওয়ায় রীট পিটিশন নং- ১৫৩৫/২০১৫ এর আলোকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত 'অফিস সহায়ক' এর ০২টি পদের মধ্যে ০১টি পদ শূন্য রেখে উক্ত ছাড়পত্রের কার্যকারিতা বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়; 'অফিস সহায়ক' এর অপর ০১টি শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০১ শাখা কর্তৃক নতুন করে ছাড়পত্র গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের মাধ্যমে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ছাড়পত্র গ্রহন করে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত " অফিস সহায়ক " এর ০১টি পদে জনবল নিয়োগ সংক্রান্ত নভেম্বর-২০২৩ মাসের মাসিক সাধারণ সভায় গঠিত বাছাই কমিটিকে জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করে জনবল নিয়োগের তথ্যাদি জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | বরাবর প্রেরণ করা হয়। উক্ত রায়/আদেশের বিরুদ্ধে আপীল বিভাগে গত ৩০/০৫/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত কোন মামলা দায়ের/রুজু করা হয়নি। স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০১ শাখা'র ০২-১০-২০২৩তারিখের৪৬.০০.০০০০.০৪৬.০১১.০০৪.২০১৪-৫৭৬ নং স্মারকে অফিস সহায়ক পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণপূর্বক তথ্যাদি জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০১ শাখা কর্তৃক পত্র পাওয়া যায়। প্রাপ্ত পত্রের ভিত্তিতে রীট পিটিশন নং-১৫৩৫/২০১৫ এর আলোকে 'অফিস সহায়ক' এর ০২টি পদের মধ্যে ০১টি পদ শূন্য রেখে অপর ০১টি পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণের নিমিত্ত স্থগিতকৃত বিজ্ঞপ্তির আলোকে আবেদনকৃত প্রার্থীদের অনুকূলে প্রবেশপত্র ইস্যুকরণের প্রাথমিক উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু ২০২২ সালের প্রলয়ংকরী বন্যায় উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরের স্টোর রুমে রক্ষিত স্থানীয় সরকার বিভাগ এর ১৪-০৮-২০১৪ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৪.২০১৪-৭৫১ নং স্মারকের ছাড়পত্রের উপর আবেদনকৃত প্রার্থীদের আবেদনের সকল প্রকার তথ্যাদি সম্পূর্ণভাবে বিনষ্ট হয়ে যাওয়ায় জনবল নিয়োগ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগ এর ১৪-০৮-২০১৪ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০০৪.২০১৪-৭৫১ নং স্মারকের আলোকে আবেদনকৃত প্রার্থীদের আবেদনের সকল প্রকার তথ্যাদি সম্পূর্ণভাবে বিনষ্ট হয়ে যাওয়ায় উক্ত ছাড়পত্রের কার্যকারিতা বাতিল করে রীট পিটিশন নং- ১৫৩৫/২০১৫ এর আলোকে উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর এর রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত 'অফিস সহায়ক' এর ০২টি পদের মধ্যে ০১টি পদ শূন্য রেখে অপর ০১টি পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-০১ শাখা কর্তৃক নতুন করে ছাড়পত্র গ্রহণের জন্য জেলা প্রশাসক,সুনামগঞ্জ মহোদয়ের মাধ্যমে পত্র প্রেরণের প্রস্তাব করেন। | | |
| বিবিধ | | | |
| | ক. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে: **উপজেলা নির্বাহী অফিসার জানান,** উপজেলা পরিষদের আবাসিক এরিয়ার অভ্যন্তরস্থ পুকুরের ময়লা আবর্জনা, মশা প্রজননের আবাসস্থল এবং পুকুরপাড়ের বেত ও অন্যান্য আগাছা পরিষ্কারকরণসহ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা প্রকৌশলীর বাসভবনে প্রয়োজনীয় ক্ষুদ্র মেরামত বাবদ=১,০০০০০/- টাকা,ধনপুর ইউনিয়নের কিসতলা পয়েন্টে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন,[illegible] আবাসিক ভবনসহ অবকাশ ভবন সংস্কার বাবদ =৩৯,২৪০/- টাকা, উপজেলা আনসার ক্যাম্পের জানুয়ারি-২৪ মাসের জ্বালানী বিল বাবদ= ৩২০০/- টাকা, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন রংকরণসহ মেরামত বাবদ =১,৫৪,৮৭০/- টাকার বর্ণিত বিল অনুমোদনের প্রস্তাব করেন। | ০১। উপজেলা পরিষদের আবাসিক এরিয়ার অভ্যন্তরস্থ পুকুরের ময়লা আবর্জনা, মশা প্রজননের আবাসস্থল এবং পুকুরপাড়ের বেত ও অন্যান্য আগাছা পরিষ্কারকরণসহ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা প্রকৌশলীর বাসভবনে মেরামত বাবদ=১,০০০০০/- টাকা,ধনপুর ইউনিয়নের কিসতলা পয়েন্টে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন,[illegible] আবাসিক ভবনসহ অবকাশ ভবন সংস্কার বাবদ =৩৯,২৪০/- টাকা, উপজেলা আনসার ক্যাম্পের জানুয়ারি-২৪ মাসের জ্বালানী বিল বাবদ= ৩২০০/- টাকা,উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন রংকরণসহ মেরামত বাবদ =১,৫৪,৮৭০/- টাকার বর্ণিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিলসমূহ পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |

| | | | |
|---|---|---|---|
| | খ. উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্প অনুমোদন প্রসঙ্গে: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, ২১-০১-২০২৪ তারিখের উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। | ০২। ২১-০১-২০২৪ তারিখের উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| | গ. উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের উল্টো পার্শ্বে রেস্ট হাউজ নির্মাণ প্রসঙ্গে: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের উল্টো পার্শ্বে রেস্ট হাউজ নির্মাণের প্রস্তাব করেন। | ০৩। উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের উল্টো পার্শ্বে রেস্ট হাউজ নির্মাণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| | ঘ.পল্লী বিদ্যুত সংক্রান্ত: এজিএম (ওএন্ডএম), বিশ্বম্ভরপুর সাব-জোন জানান, নিরবিচ্ছিন্ন বিদ্যুত সরবরাহ নিশ্চিত করার জন্য রাইট অব ওয়ে সহ অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজ চলমান। তিনি সরকারি প্রতিষ্ঠানসমূহের বকেয়া বিদ্যুত বিল পরিশোধ করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | ০৪। নিরবিচ্ছিন্ন বিদ্যুত সরবরাহ নিশ্চিত করার জন্য রাইট অব ওয়ে সহ অন্যান্য রক্ষণাবেক্ষণ কাজ পর্যবেক্ষণ করার জন্য এজিএম (ওএন্ডএম) বিশ্বম্ভরপুর সাব-জোনকে অনুরোধ করা হয়। | (ঘ) এজিএম (ওএন্ডএম) বিশ্বম্ভরপুর সাব-জোন |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪- ০৯

তারিখ: ২৫-০১-২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা........................................................ কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দ:,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব.......................................................................।
১২। অফিস কপি।

২৫/০১/২০২৪

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

২২-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সাধারণ সভার হাজিরা:

পরিশিষ্ট 'ক'

| ক্রমিক | নাম/পদবি (অক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মো: সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ। |
| ২ | জনাব মাহফুজা আক্তার শীমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ। |
| ৩ | জনাব মো: আজমত খান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | জনাব মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী, চেয়ারম্যান, সলুকাবাদ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৫ | জনাব সোহেল আহমদ, চেয়ারম্যান, পলাশ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৬ | জনাব মো: মিলন মিয়া, চেয়ারম্যান, ধনপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৭ | জনাব এড: মো: ছবাব মিয়া, চেয়ারম্যান, বাদাঘাট দ: ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৮ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, ফতেপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক | নাম/পদবি |
|---|---|
| ১ | |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রমিক | নাম/পদবি (অক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | জনাব ডা: আব্দুল্লাহেল মারুফ ফারুকী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৩ | জনাব মো: হাসান মিয়া, উপজেলা কৃষি অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | জনাব মোহাম্মদ আব্দুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৫ | জনাব মো: ইকরামুল হোসেন, উপজেলা প্রকৌশলী, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৬ | জনাব কৌশিক সরকার, উপজেলা মৎস্য অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৭ | জনাব মৃদুল কান্তি সরকার, উপ: স: জনস্বাস্থ্য প্রকৌশলী, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৮ | জনাব মো: এনায়েত হোসেন, এজিএম (ওএন্ডএম), পল্লী বিদ্যুৎ সমিতি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৯ | জনাব সজীব দাশ, ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১০ | জনাব বিকাশ চন্দ্র সাহা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১১ | জনাব ডা: সংগীতা সাহা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ (প্রতিনিধি) |
| ১২ | জনাব ফারহিনা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৩ | জনাব মো: সাইফুল ইসলাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | জনাব রবীন্দ্র কিশোর রায়, বিউ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৫ | জনাব মো: শফিকুল ইসলাম, শিক্ষাইও, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৬ | জনাব মোছা: শিউলী বেগম, উপজেলা আনসার ভিডিপি অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৭ | জনাব মোহাম্মদ আব্দুল বারেক, উপজেলা শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ (প্রতিনিধি) |
| ১৮ | জনাব মোহাম্মদ ফজলুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৯ | জনাব মোহাম্মদ সাইফুল আলম ভুঁইয়া, উপজেলা সমাজসেবা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ (প্রতিনিধি) |

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রমিক | নাম/পদবি |
|---|---|
| ১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) এর আওতায় ১ম, ২য়, ৩য় কিস্তিতে প্রাপ্ত বরাদ্দ এবং ৪র্থ কিস্তিতে সম্ভাব্য বরাদ্দ প্রাপ্তীর ভিত্তিতে বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা

(১ম + ২য়+ ৩য়) কিস্তিতে প্রাপ্ত বরাদ্দ ঃ ৮৭.০০ লক্ষ টাকা এবং ৪র্থ কিস্তিতে সম্ভাব্য বরাদ্দঃ ২৯.০০ লক্ষ টাকা) মোট = ১১৬.০০ লক্ষ টাকা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সলুকাবাদ ইউনিয়নে রতারগাঁও উচ্চ বিদ্যালয় হতে আদাং মুখী রাস্তা সি,সি করন। | ২,০০,০০০/- | পিআইসি | |
| ০২ | সলুকাবাদ ইউনিয়নে চালবন RHD হইতে লালপুর রাস্তা ভায়া গজারিয়া রাবার ড্যাম্প রাস্তার ৮৬০.০০ মিটার চেইনেজের উভয় পার্শ্বে স্লোপ প্রটেকশন | ১,৫০,০০০/- | আরএফকিউ | |
| ০৩ | সলুকাবাদ ইউনিয়নে রতারগাঁও বাবুল মিয়ার বাড়ী হতে আদাং মুখী রাস্তা সি.সি. করন। | ৪,৫০,০০০/- | টেন্ডার | |
| ০৪ | ধনপুর ইউনিয়নে মধ্যনগর রিজার্ভএর সহিদের বাড়ি হতে জলালের বাড়ি পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন। | ৪,৮০,০০০/- | টেন্ডার | |
| ০৫ | ধনপুর ইউনিয়নে হালাবাসী আসাদের বাড়ীর সামনে সড়কের পার্শ্বে স্লোপ প্রটেকশন কাজ। | ২,০০,০০০/- | পিআইসি | |
| ০৬ | ফতেপুর ইউনিয়নে সত্তামপুর মোহাম্মদ এর বাড়ি হইতে আব্দুল হকের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা পাকা করণ। | ৪,৮০,০০০/- | টেন্ডার | |
| ০৭ | ফতেপুর ইউনিয়নে জুলভারচর বাজারের গলি সিসি দ্বারা পাকা করণ। | ২,০০,০০০/- | পিআইসি | |
| ০৮. | বাদাঘাট (দঃ) ইউনিয়নে ০৪ নং ও ০৬ নং ওয়ার্ডে ১ টি গভীর ও ১ অগভীর টিউবওয়েল স্থাপন। | ২,০০,০০০/- | পিআইসি | |
| ০৯ | বাদাঘাট (দঃ) ইউনিয়নে ইকরদাড়িয়া শাহজাহান মিয়ার জমির নিকট হতে ঈদগাহ পর্যন্ত সড়কের প্যালাসাইডিং কাজ। | ৪,৯০,০০০/- | টেন্ডার | |
| ১০ | সলুকাবাদ ইউনিয়নে কুচগাঁও কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মান। | ৬০,০০০/- | টেন্ডার | |
| ১১ | পলাশ ইউনিয়নে নতুন পোকগাঁও সিদ্দিকের বাড়ি হইতে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা পাকা করণ। | ২,০০,০০০/- | পিআইসি | |
| ১২ | পলাশ ইউনিয়নে রসুলপুর নাওডালা নুরুল ইসলাম মাষ্টারের বাড়ীর পার্শ্বে কালভার্ট নির্মান। | ২,২৯,০০০/- | টেন্ডার | |
| ১৩ | পলাশ ইউনিয়নে মাকাইর মনমোহন এর বাড়ি হতে রনজিত শীলের বাড়ি পর্যন্ত ইউ ড্রেন নির্মান। | ২,৫১,০০০/- | টেন্ডার | |
| ১৪ | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের সামনে হাওড় ভিউ রিসোর্ট নির্মান। | ৯,০০,০০০/- | আরএফকিউ | |
| ১৫ | সলুকাবাদ ইউনিয়নে তাহেরপুর উত্তরপাড়া মাটির রাস্তায় রাশিদের বাড়ির পার্শ্বে ইউ ড্রেন নির্মান। | ১,৫৪,০০০/- | টেন্ডার | |
| ১৬ | ফতেপুর ইউনিয়ন সাতগাঁও বাজার হতে সাতগাঁও উচ্চ বিদ্যালয়ের রাস্তা নির্মান। | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ১৭ | বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন স্থানে ০২ টি গভীর নলকূপ স্থাপন। | ৩,২০,০০০/- | টেন্ডার | |
| ১৮ | সলুকাবাদ ইউনিয়নে মধুরকান্দি বাজার হতে দীঘলবাগ রাশিদ মাস্টারের বাড়ীর নিকট কালভার্ট নির্মান। | ১,৫৫,০০০/- | টেন্ডার | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | সলুকাবাদ ইউনিয়নে ডাদেরটেক উত্তর পাড়া মসজিদ উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ২০ | সলুকাবাদ ইউনিয়নে ডাদেরটেক-মনিপুর হাটি মসজিদ উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ২১ | সলুকাবাদ ইউনিয়নে চাঙ্গবন পয়েন্টের মসজিদ উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ২২ | সলুকাবাদ ইউনিয়নে জগন্নাথপুর মসজিদ উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ২৩ | বাদাঘাট (দঃ) ইউনিয়নে বাগগাঁও মসজিদ উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ২৪ | সলুকাবাদ ইউনিয়নে বাগবের মাকেরটেক কবরস্থানের বাউন্ডারি ওয়াল নির্মান। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ২৫ | বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন স্থানে ০৪(চার) টি সাব মার্জিবল নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | পিআইসি | |
| ২৬ | বাদাঘাট (দঃ) ইউনিয়নে ওমরপুর ঈদগাহের মিম্বর নির্মান। | ৮০,০০০/- | টেন্ডার | |
| ২৭ | পলাশ ইউনিয়নে কাঁচিরগাতি ঈদগাহের মিম্বর নির্মান। | ৮০,০০০/- | টেন্ডার | |
| ২৮ | বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে গরীব মানুষের মাঝে সেলাই মেশিন বিতরণ। | ২,০০,০০০/- | আরএফকিউ | |
| ২৯ | বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে অসহায় মহিলাদের মাঝে স্যানিটারি ন্যাপকিন সরবরাহ। | ১,৪০,০০০/- | | |
| ৩০ | ধনপুর ইউনিয়নে শিলডোয়ার মূল রাস্তা আঃ খালেকের কবরস্থান হতে ইয়াকুল ইসলামের বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ। | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ৩১ | বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | পিআইসি | |
| ৩২ | বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে অসহায় গরীব মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ। | ১,৫০,০০০/- | টেন্ডার | |
| ৩৩ | ধনপুর ইউনিয়নে আমির আলী চেয়ারম্যানের বাড়ির পাশে ইসলামপুর কবরস্থান উন্নয়ন, ফতেপুর ইউনিয়নে বাগুরা মসজিদ উন্নয়ন, সলুকাবাদ ইউনিয়নে রতারগাঁও মসজিদ উন্নয়ন, পলাশ ইউনিয়নে কেশিকোনা মসজিদ উন্নয়ন। | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ৩৪ | ধনপুর ইউনিয়নে মেরুয়াখলা ঈদগাহ মাঠ উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ৩৫ | বাদাঘাট (দঃ) ইউনিয়নে পুরানগাঁও ঈদগাহ মাঠ উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ৩৬ | ধনপুর ইউনিয়নে মধ্যনগর জামে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৩৭ | সলুকাবাদ ইউনিয়নে গড়কাগাঁও জামে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৩৮ | পলাশ ইউনিয়নে কাঁচিরগাতি পূবপাড়া জামে মসজিদ উন্নয়ন | ৫০০০০/- | টেন্ডার | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৯ | পলাশ ইউনিয়নে আলীপুর জামে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৪০ | ফতেপুর ইউনিয়নে কাটাখালী আহমদ আলী মহিলা মাদ্রাসা উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ৪১ | ধনপুর ইউনিয়নে শিলডোয়ার এলজিইডি রাস্তা হতে শিলডোয়ার মসজিদ রাস্তায় ইউ ড্রেন নির্মান। | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ৪২ | বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নের অগভীর নলকূপ স্থাপন। | ২,০০,০০০/- | টেন্ডার | |
| ৪৩ | পলাশ ইউনিয়নে পলাশ বাজার মসজিদ উন্নয়ন। | ৯,০০,০০০/- | আরএফকিউ | |
| ৪৪ | পলাশ ইউনিয়নে ছয়হাড়া মসজিদ উন্নয়ন। | ৪,০০,০০০/- | পিআইসি | |
| ৪৫ | পলাশ ইউনিয়নে মুক্তিখলা মসজিদ উন্নয়ন। | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ৪৬ | পলাশ ইউনিয়নে বনবিলা মসজিদ উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ৪৭ | পলাশ ইউনিয়নে জয়নগর মহিলা মাদ্রাসার উন্নয়ন। | ৫০,০০০/- | পিআইসি | |
| ৪৮ | সলুকাবাদ ইউনিয়নে আদাং খেলার মাঠের বাউন্ডারী নির্মান। | ১,০০,০০০/- | টেন্ডার | |
| ৪৯ | সলুকাবাদ ইউনিয়নে কাপনা ফয়জুর রহমানের বাড়ীর পার্শে মসজিদের উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ৫০ | সলুকাবাদ ইউনিয়নে কাপনা আঃ কাদিরের বাড়ীর পার্শে মসজিদ উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ৫১ | ধনপুর ইউনিয়নে চলিতাতলাবা খাদিজাতুল কোবরা মহিলা মাদ্রাসা উন্নয়ন। | ৫০,০০০/- | টেন্ডার | |
| ৫২ | ধনপুর ইউনিয়নে ধনপুর বাজারে মুক্তিযোদ্ধা কমান্ড অফিস নির্মান। | ১,০০০০০/- | টেন্ডার | |
| ৫৩ | ধনপুর ইউনিয়নে গামছিরতলা মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৫৪ | সলুকাবাদ ইউনিয়নে তাহেরটেক মজিদ মেম্বারের বাড়ীর পার্শ্বে মসজিদ উন্নয়ন | ৫০০০০/- | টেন্ডার | |
| ৫৫ | পলাশ ইউনিয়নে বাগগাঁও (পলাশ) মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৫৬ | পলাশ ইউনিয়নে পলাশগাঁও গ্রামে বাদল মিয়ার বাড়ীর পার্শে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৫৭ | পলাশ ইউনিয়নে রসুলপুর জামে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৫৮ | সলুকাবাদ ইউনিয়নে চালবন মুসলিম মিয়ার বাড়ীর পার্শ্বে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫৯ | ফতেপুর ইউনিয়নে উঃ রাজেন্দ্রপুর বায়তুল মামুর জামে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | পিআইসি | |
| ৬০ | বাদাঘাট (দঃ) ইউনিয়নে জলিলপুর (দঃ) পাড়া জামে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৬১ | পলাশ ইউনিয়নে ধরেরপাড় জলিলের বাড়ীর পার্শ্বে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৬২ | ধনপুর ইউনিয়নে পশ্চিম ইসলামপুর জামে মসজিদ। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৬৩ | বাদাঘাট (দঃ) ইউনিয়নে সিরাজপুর বাগগাঁও ~~জামে মসজিদ~~ উন্নয়ন। কবরস্থান উন্নয়ন | ৫০০০০/- | টেন্ডার | |
| ৬৪ | ফতেপুর ইউনিয়নে লক্ষিপুর কালি মন্দির উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৬৫ | বাদাঘাট (দঃ) ইউনিয়নে ভাটিপাড়া মন্দির উন্নয়ন। | ৫০০০০/- | টেন্ডার | |
| ৬৬ | বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নের অসহায় গরীব মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ। | ২০০০০০/- | পিআইসি | |
| ৬৭ | সলুকাবাদ ইউনিয়নে গড়কাটি পূর্ব পাড়া হোসাইনিয়া জামে মসজিদ উন্নয়ন | ৫০০০০/- | পিআইসি | |
| ৬৮ | সলুকাবাদ ইউনিয়নে রাঙামাটিয়া উঃ পাড়া ফজর আলীর বাড়ীর পার্শ্বের জামে মসজিদ উন্নয়ন ও মনিপুর সাইদুরের বাড়ীর পার্শ্বের জামে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | পিআইসি | |
| ৬৯ | সলুকাবাদ ইউনিয়নে বেড়েরগাঁও বায়তুল মামুর জামে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | পিআইসি | |
| ৭০ | সলুকাবাদ ইউনিয়নে মৌয়াকুড়া কুইকারপাড় জামে মসজিদ ও কাদিরের বাড়ীর পার্শ্বের জামে মসজিদ উন্নয়ন। | ৫০০০০/- | পিআইসি | |
| ৭১ | আনুষঙ্গিক ব্যয়। | ১,০০,০০০/- | বিল ভাউচার | |
| ৭২ | এলজিইডি অফিসে কম্পিউটার সরবরাহ ব্যয়। | ৪২,০০০/- | বিল ভাউচার | |
| ৭৩ | হাওর ভিও রিসোর্ট এর আসবাবপত্র সরবরাহ। | ৫০,০০০/- | আরএফকিউ | |
| | মোট টাকা = | ১,০৭,০০,০০০/- | | |

(মোঃ ইকরামুল হোসেন)
উপজেলা প্রকৌশলী
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

( মফিজুর রহমান )
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

( মোঃ সফর উদ্দিন )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ বিশ্বম্ভরপুর।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

[[ উপজেলা পরিষদের <u>ফেব্রুয়ারি-২০২৪</u> মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ]]

সভাপতি : জনাব মোঃ সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৯-০২-২০২৪ খ্রিঃ

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত উপজেলা পরিষদের **জানুয়ারি-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারো কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | **জানুয়ারি-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | **জানুয়ারি-২০২৪** মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | **সভাপতি বলেন**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার বিষয়ে অনুরোধ জানান।<br>**অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা জানান**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, ওয়াজ মাহফিল/কীর্তণ/বিভিন্ন ওরশ প্রশাসনের পূর্বানুমতি নিয়ে করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন এবং এবিষয়টি বহুল প্রচারের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন।<br>**উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান**, তার দপ্তরের কার্যক্রম সুন্দরভাবে চলছে। | ০১। নারী নির্যাতন, বাল্যবিবাহ, ধর্ষণ, ইভটিজিং, মাদক, ধর্মীয় উগ্রবাদসহ আইন শৃঙ্খলা পরিপন্থি সকল অপরাধ প্রতিরোধে পুলিশী তৎপরতা আরেও জোরদারপূর্বক সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য স্থানীয় পুলিশ, বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>০২। এ উপজেলার আইন শৃঙ্খলা পরিবেশ সমুন্নত রাখার স্বার্থে স্থানীয় প্রশাসনের অনুমতি ব্যতীত যাতে কেহ কোন প্রকার সভা/সমাবেশ/ধর্মীয় সম্মেলন/যাত্রা/সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি না করতে পারে তা নিশ্চিত করার জন্য অফিসার ইনচার্জ, বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। তাছাড়া ইসলামী সভা/ওয়াজ মাহফিল করার জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে এ উপজেলার ইসলামিক ফাউন্ডেশনের দায়িত্বরত মডেল কেয়ারটেকারের সুপারিশসহ অনুমতি চেয়ে সংশ্লিষ্ট সকলকে স্থানীয় প্রশাসনের নিকট আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান, ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম চলমান। তিনি আরো জানান, উপজেলা পরিষদের আবাসিক এলাকার পানির সংকট স্থায়ীভাবে সমাধানের জন্য অভারহেড ট্যাংকিসহ সাব মার্সিবল পাম্প ও গভীর নলকূপ স্থাপন করার জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য মতামত ব্যক্ত করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের নভেম্বর-২০২৩ মাসের মাসিক সাধারন সভার সিদ্ধান্তের আলোকে " উপজেলা পরিষদের পুকুরে ঘাটলা নির্মাণ " প্রকল্পটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-১ শাখা'র ১৮-০২-২০২৪ তারিখের ১৩৫ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। তিনি প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনসহ উপজেলা পরিষদের আবাসিক এলাকার কয়েকটি ভবনে সম্প্রতি অগ্নিকান্ডের ঘটনা ঘটে; ফলশ্রুতিতে বসবাসরত লোকজনের মধ্যে আতংক বিরাজ করছে। সকল আবাসিক ভবনের বৈদ্যুতিক ওয়ারিং কাজ পরীক্ষান্তে ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক ওয়ারিং কাজ দ্রুততার সাথে মেরামত করার জন্য প্রস্তাব করেন।<br><br>উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবনের সামনে মাটি ও বালি ভরাট করে আরসিসি দ্বারা উন্নয়ন করার জন্য প্রাক্কলন সংশোধন করে এলজিইডি সদর দপ্তরে প্রেরণের জন্য প্রস্তাব করেন।<br><br>উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিশ্বম্ভরপুর উপজেলায় প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু বেঞ্চ সরবরাহ প্রকল্পটি ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক সম্পন্ন করা হয়েছে। নির্বাচিত ঠিকাদার মেসার্স অমল কান্তি চৌধুরী,সুনামগঞ্জ চূড়ান্ত বিল বাবদ সর্বমোট=১৬,৪৬,৩৪২/- টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল হতে ভ্যাট বাবদ =২,৪৬,৯৫২/- টাকা,আয়কর বাবদ=৪৯,৩৯০/- টাকা কর্তন করে মোট =১৩,৫০,০০০/- টাকা নীট দাবী করেছেন। ঠিকাদারের বিল পরিশোধের নিমিত্ত বিল অনুমোদন ও বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব),উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প,স্থানীয় সরকার বিভাগ,জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ঢাকা বরাবর পত্র প্রেরণের জন্য সভায় প্রস্তাব করেন। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>০২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-১ শাখা'র ১৮-০২-২০২৪ তারিখের ১৩৫ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত উপজেলা পরিষদের পুকুরে ঘাটলা নির্মাণ প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের প্রস্তাব সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।<br><br>০৩। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনসহ উপজেলা পরিষদের আবাসিক এলাকার কয়েকটি ভবনে সম্প্রতি অগ্নিকান্ডের ঘটনায় সকল আবাসিক ভবনের বৈদ্যুতিক ওয়ারিং কাজ পরীক্ষান্তে ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক ওয়ারিং কাজ দ্রুততার সাথে মেরামতসহ প্রয়োজনীয় অগ্নি নির্বাপনী যন্ত্র ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৪। উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবনের সামনে মাটি ও বালি ভরাট করে আরসিসি দ্বারা উন্নয়ন করার জন্য প্রাক্কলন সংশোধন পূর্বক এলজিইডি সদর দপ্তরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৫। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিশ্বম্ভরপুর উপজেলায় প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু বেঞ্চ সরবরাহ প্রকল্পটি ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক সম্পন্ন হওয়ায় প্রকল্পটির ভ্যাট বাবদ =২,৪৬,৯৫১/-,আয়করবাবদ=৪৯,৩৯০/-টাকা, নীট দাবী বাবদ মোট =১৩,৫০,০০০/- টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। ঠিকাদারের বিল পরিশোধের নিমিত্ত বিল অনুমোদন ও বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব),উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প,স্থানীয় সরকার বিভাগ,জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ঢাকা বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, ২০২১-২২ অর্থ বছরে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় মোঃ রফিক মিয়া,পিতাঃ মোঃ আব্দুল হামিদ,গ্রামঃ বসন্তপুর,ইউপিঃ ফতেপুর এর নামে একটি কম্বাইন হারভেস্টার মেশিন বরাদ্দ আসার পর বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি জনাব মোঃ রফিক মিয়া | ২০২১-২২ অর্থ বছরে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় বরাদ্দকৃত কম্বাইন হারভেস্টার মেশিনটি যথাযথ নিয়মে ফতেপুর ইউপির বর্তমান চেয়ারম্যান জনাব মোঃ ফারুক আহমদ এর নিকট হতে বুঝে নেওয়ার জন্য জনাব মোঃ রফিক মিয়া,পিতাঃ মোঃ আব্দুল | উপজেলা কৃষি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | অফিস থেকে মেশিন গ্রহণ করার জন্য প্রত্যয়নপত্র গ্রহণ করেন এবং ২০২২ সালের জুন মাসে প্রবল বন্যার কারনে লিখিতভাবে এবং মৌখিকভাবে তার পক্ষে ফতেপুর ইউপির বর্তমান চেয়ারম্যান জনাব মোঃ ফারুক আহমদকে মেশিন গ্রহণ করার জন্য অনুমতি দেয়ার পর যথানিয়মে জনাব ফারুক আহমদকে মেশিন প্রদান করা হয়। কিন্তু এখন জনাব মোঃ রফিক মিয়া কৃষি অফিসের সাথে চুক্তিনামায় স্বাক্ষর করতে গড়িমসি করছে এবং উপজেলা কৃষি অফিসের নামে বিভিন্ন অপপ্রচার করছে। তিনি বরাদ্দকৃত কম্বাইন হারভেস্টার মেশিনটি যথাযথ নিয়মে ফতেপুর ইউপির বর্তমান চেয়ারম্যান জনাব মোঃ ফারুক আহমদ এর নিকট হতে বুঝে নেওয়ার জন্য জনাব মোঃ রফিক মিয়া,পিতাঃ মোঃ আব্দুল হামিদ,গ্রামঃ কসবপুর,ইউপিঃ ফতেপুর-কে অনুরোধ জানান এবং বিভিন্ন অপপ্রচার বন্ধ করার জন্য সভার সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | হামিদ,গ্রামঃ কসবপুর,ইউপিঃ ফতেপুর-কে অনুরোধ করা হয়। এছাড়াও বিভিন্ন অপপ্রচার বন্ধ করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান**, হাসপাতালের এক্সরে মেশিন সচল রয়েছে। শিশু ও বয়স্ক রোগীদের এক্সরে করানো হচ্ছে বাহিরের একটি ক্লিনিকের সাথে সমন্বয় করে। তিনি হাসপাতালের ল্যাব চালু রাখার স্বার্থে আউটসোর্সিং পদ্ধতিতে প্রয়োজনীয় জনবল সরবরাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>তিনি আরো জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি ৫০ শয্যায় উন্নীত হলেও ৩১ শয্যার জনবল দিয়ে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।জনবল সংকট রয়েছে।<br>তিনি আরো জানান, হাসপাতালের মূল ফটকের সামনে প্রায় ২০ফুট জায়গা নীচু থাকায় সামান্য বৃষ্টিতে পানি জমে আগত রোগী ও স্বজনদের মারাত্মক সমস্যা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, হাসপাতালের রান্না ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ মানসম্মত ও পরিমানমত খাবার সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। হাসপাতালের রান্না ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ মানসম্মত ও পরিমানমত খাবার সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। হাসপাতালে আগত রোগী ও স্বজনদের সমস্যা লাঘবে বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মূল ফটকের সামনে প্রায় ২০ ফুট নীচু জায়গা উঁচু করে পাকাকরনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ৫-৭ মার্চ/২০২৪ স্থায়ী ও দীর্ঘ মেয়াদি পদ্ধতি কার্যক্রম সংক্রান্ত বিষয়ে সারা দেশে ক্যাম্প পরিচালিত হবে।<br>চেয়ারম্যান,ফতেপুর ইউপি জানান, ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ভিজিটর না থাকায় জনগনের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা প্রদানে মারাত্মক সমস্যা হচ্ছে। | ০১। পরিবার পরিকল্পনার স্থায়ী/অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। ৫-৭ মার্চ/২০২৪ স্থায়ী ও দীর্ঘ মেয়াদি পদ্ধতি বিষয়ক ক্যাম্প যথাযথভাবে পালনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা মৎস্য বিভাগ | **উপজেলা মৎস্য কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে ২০২২-২৩ অর্থ বছরের জেলেদের কিশোরীর আইডি কার্ড প্রদান কার্যক্রম চলমান।<br>চেয়ারম্যান,পলাশ ইউপি জানান, বিল শুকিয়ে মৎস্য আহরণসহ সরকারিভাবে নিষিদ্ধ বিভিন্ন প্রকারের | মৎস্যসম্পদ বৃদ্ধির লক্ষ্যে বিল শুকিয়ে মৎস্য আহরণসহ পোনা মাছ নিধন ও নিষিদ্ধ জাল ও চাই ব্যবহার বন্ধ করার বিষয়ে অভিযান পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা -কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | জাল ও চাই ব্যবহার করে কতিপয় জেলে পোনা মাছ নিধন করছে। | | |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিআরডিবির আওতাধীন ০৩টি আবাসিক ভবন রয়েছে। পর্যাপ্ত বরাদ্দ না থাকায় ভবনের রক্ষণাবেক্ষণ করা সম্ভব হচ্ছেনা। উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরনের জন্য প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** বিআরডিবির আওতাধীন বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। বিআরডিবির আওতাধীন ০৩টি আবাসিক ভবন রক্ষণাবেক্ষণ ও মেরামত করার নিমিত্ত বরাদ্দ প্রাপ্তির লক্ষে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। বিআরডিবির আওতাধীন বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান, ২০২৩-২৪ অর্থ বছরে ৩য় পর্যায়ে টিআর=১৯ লক্ষ টাকা,কাবিটা= ২৬ লক্ষ টাকা ও চাল: ১৯ মেট্রিন,গম: ১৯ মেট্রিন, বরাদ্দের বিপরীতে প্রাপ্ত প্রকল্পগুলো অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে। অনুমোদন সাপেক্ষে মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়ন করা হবে। | ২০২৩-২৪ অর্থ বছরে ২য় পর্যায়ের টিআর,কাবিটা'র কার্যক্রম তদারকী করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | **উপজেলা নির্বাহী অফিসার জানান,** সকল বিদ্যালয়ে শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>তিনি আরো জানান, শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা শিক্ষা অফিসার জানান, বিদ্যালয় ভিত্তিক শিশু জরীপ সম্পন্ন করে ভর্তি চলছে। ২৯/০২/২০২৪ তারিখ পর্যন্ত আনুষ্ঠানিকভাবে ভর্তি চলবে। ৪+ হতে ১০+ বছর পর্যন্ত জরীপকৃত শিশুর সংখ্যা ২৭,৬৮৩ জন। ইতিমধ্যে ভর্তিযোগ্য সকল শিশু ভর্তির আওতায় এসেছে।<br>চেয়ারম্যান,খাদাঘাট নং ইউপি সভায় জানান, বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত জুনিয়র স্কুল চালু রয়েছে। শিক্ষক সংকটের অজুহাতে উক্ত বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করাতে অনীহা প্রকাশ করছেন। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির জুনিয়র স্কুল চালু রাখার সম্মতি থাকা সত্ত্বেও উপজেলা শিক্ষা অফিসার,প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষকবৃন্দ জুনিয়র স্কুল শাখা বন্ধ করার চেষ্টা করছে। | ০১। শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধসহ শুদ্ধভাবে জাতীয় সংগীত চর্চা হচ্ছে কিনা সে বিষয়টি সার্বিক তদারকি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত জুনিয়র স্কুল চালু রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। জরুরী ভিত্তিতে উক্ত বিদ্যালয় পরিদর্শন করে জুনিয়র স্কুল শাখা চালু রাখার স্বার্থে পর্যাপ্ত শিক্ষক পদায়নসহ সার্বিক বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি নীতিমালা অনুযায়ী প্রতি ক্লাশে ৫৫জন শিক্ষার্থী ভর্তি হতে পারবে। উক্ত নীতিমালা মোতাবেক আসন সংকটের কারনে অনেক শিক্ষার্থী | ০১। শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করনের লক্ষ্যে নতুন সেকশন খোলার অনুমতি গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দেওয়ার জন্য | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ভর্তি হতে পারবেনা। ফলে শিক্ষার্থী ঝরে পড়ার হার বৃদ্ধি পাবে। শিক্ষার্থী ঝরে পড়া রোধে নতুন সেকশন খোলার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। ২০২৪ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা নকল মুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে চলমান রয়েছে।<br>**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান,** বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য প্রস্তাব করেন। | উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত।**<br>চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি বলেন, এ উপজেলার বয়স্ক ভাতাধারীদের ভাতা উত্তোলনসহ বিভিন্ন দাপ্তরিক কাজে সমাজসেবা অফিসে আগত ভাতাধারীদের বসার জন্য উপজেলা সমাজসেবা অফিসের পশ্চিম পার্শ্বে পর্যাপ্ত চেয়ারের ব্যবস্থা করার প্রস্তাব করেন। | বয়স্ক ভাতাধারীদের ভাতা উত্তোলনসহ বিভিন্ন দাপ্তরিক কাজে সমাজসেবা অফিসে আগত ভাতাধারীদের বসার জন্য উপজেলা সমাজসেবা অফিসের পশ্চিম পার্শ্বে পর্যাপ্ত চেয়ারের ব্যবস্থা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলী** জানান, ২০২৩-২৪ অর্থ বছরের বিভিন্ন প্রকল্পের আওতায় বরাদ্দ প্রাপ্ত নলকূপের কাজ চলমান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সহঃ জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান,** ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২২৬৩ জন উপকারভোগীদেরকে ৩০ কেজি হারে মোট ৬৭.৮৯০ মেঃ টন চালের জানুয়ারি ও ফেব্রুয়ারি-২০২৪ মাসের ডিও ছাড় করা হয়েছে।<br>তিনি আরো জানান; মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে অধিকতর যাচাইপূর্বক ত্রুটিমুক্ত এনআইডি কার্ডসহ প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান,** ভিডব্লিউবি কর্মসূচির আওতায় প্রতি উপকারভোগীর স্ব-স্ব হিসাব নাম্বারে ২২০/- টাকা হারে মাসিক সঞ্চয় যথাযথভাবে জমা করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম (স্বাক্ষরলীন যুক্ত সম্পূর্ণ এনআইডি কার্ডসহ) প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০২। ভিডব্লিউবি কর্মসূচির আওতায় প্রতি উপকারভোগীর স্ব-স্ব হিসাব নাম্বারে ২২০/- টাকা হারে মাসিক সঞ্চয় যথাযথভাবে জমা করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | **বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় জানান,** অত্র উপজেলায় ২৫টি বৈধ/অবৈধ করাত কল রয়েছে। অতি সম্প্রতি এবং অনেক পূর্বে যেগুলো খালি জায়গা অথবা বাজারের পার্শ্ববর্তী স্থানে স্থাপন করা হয়েছিল; বাজারের পরিসর বৃদ্ধি পাওয়ায় বর্তমানে সেগুলো বাজারের মধ্য স্থলে অবস্থিত। ফলশ্রুতিতে বাজারে যানজট বৃদ্ধিসহ বাজারে আগত ক্রেতা বিক্রেতাদের চলাচলে সমস্যা সৃষ্টি হচ্ছে।<br>তিনি আরো জানান, করাতকল স্থাপনের পূর্বেই সরকারি রাজস্ব জমা করে লাইসেন্স গ্রহণ করার বিধান থাকা সত্ত্বেও অনেকেই বিধান লঙ্ঘন করে করাত কল স্থাপন করেছে। এছাড়াও লাইসেন্স প্রাপ্ত করাতকলের প্রতি বছর লাইসেন্স নবায়নের জন্য | ০১।শক্তিয়ারখলা বিটের মালিকানাধীন বেদখলকৃত ভূমি উদ্ধারের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। সুনামগঞ্জ রেঞ্জের অধীন শক্তিয়ারখলা বিটের আওতায় বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে স্থাপিত ও পরিচালিত করাতকল পরিদর্শন করে অবৈধভাবে স্থাপিত লাইসেন্সবিহীন কিংবা লাইসেন্স নবায়ন কি প্রদানে ব্যর্থ করাতকল বন্ধ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩।যানজট নিরসনসহ আগত ক্রেতা বিক্রেতাদের চলাচলের সুবিধার্থে বাজারের মধ্যস্থলে অবস্থিত করাতকলগুলো পার্শ্ববর্তী সুবিধাজনক স্থানে স্থানান্তর করার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |

| | | | |
|---|---|---|---|
| | সরকারি ফি জমা দেয়ার বিধান থাকা সত্ত্বেও অনেকেই বিধান লঙ্ঘন করে করাত কল চালু রাখছে।<br>**বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় জানান,** সরকারি কিংবা বেসরকারি কোন গাছ কর্তন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সুপারিশক্রমে আবেদন করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>**তিনি আরো জানান,** বন বিভাগের জবর দখলকৃত ভূমি পুনরুদ্ধারের জন্য বিভিন্ন প্রক্রিয়া চলমান। বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর বিষয় হওয়ায় সুনামগঞ্জ রেঞ্জের অধীন শক্তিয়ারখলা বিটের আওতায় ৫৪৪৯ একর বেদখলকৃত ভূমি উদ্ধারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | ০৪। সরকারি কিংবা বেসরকারি কোন গাছ কর্তন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর সুপারিশক্রমে আবেদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান,** ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ৪৫ লক্ষ টাকা ঋণ আদায় এবং ৪০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক এর দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ঋন বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। খেলাপী ঋন আদায়ে ঋন গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান,** নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান,** টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। বাজার মনিটরিংসহ মজুদ/ভেজাল বিরোধী অভিযান চলমান। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষনের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন করা হচ্ছে। আমন সংগ্রহের শতভাগ চাল সংগ্রহ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করতে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br>০৪। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন,বাজার মনিটরিং মজুদ/ভেজাল মজুদ বিরোধী অভিযান পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| হাটবাজার ও নৌকাঘাট/খেয়াঘাটসমূহ ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদান সংক্রান্ত | **উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান,** উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন হাটবাজারসমূহ ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদান সংক্রান্ত উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটির ০৮-০২-২০২৪ ও ২৮-০২-২০২৪ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ ডাক প্রদানকারী ব্যক্তির অনুকূলে ইজারা প্রদানের প্রস্তাবনা সভায় তুলে ধরেন। | | |

| ক্রমঃ | বাজারের নাম | সভার সরকারি মূল্য | সর্বোচ্চ দরদাতা ব্যক্তির নাম | সর্বোচ্চ দরের পরিমান |
|---|---|---|---|---|
| ০১. | পলাশ বাজার | ০১,৬৮,৫৬৯/- | জনাব মো: শফিকুল্লাহ<br>পিতা: নুরুল হক | = ৪,০০০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | |
| ০২. | বিশ্বম্ভরপুর বাজার | =১৭,১৪,৯৫০/- | জনাব জুবায়ের আহমদ<br>পিতা: মৃত আব্দুল হামিদ<br>গ্রাম: বাগানবাড়ি<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =২৩,০০০০০/- |
| ০৩. | ধনপুর বাজার | =১,৪৩,৬৩০/- | জনাব মো: রফিক মিয়া<br>পিতামৃত: মো: গোলাপ মিয়া গ্রাম: ধনপুর<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =১,৪৫,০০০/- |
| ০৪. | দুলালকারর বাজার | =২১,৪১২/- | জনাব শাহ্ব পাঠান<br>পিতা: নজির আলী পাঠান<br>গ্রাম: দুলালারচর<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৩০,০০০/- |
| ০৫. | কৃষ্ণনগরপুর বাজার | =২০০০/- | জনাব মো: আব্দুল মালেক<br>পিতামৃত: আব্দুল কাদির<br>গ্রামকৈলাশপাড়া<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৩১০০/- |
| ০৬. | মথুরকান্দি বাজার | =২৪,২০৫/- | জনাব রুহুল আমিন<br>পিতা: মৃত আব্দুল হামিদ<br>গ্রাম: জিনারপুর<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৬০,০০০/- |
| ০৭. | কারেন্টের বাজার | =২০,৯৭,৭৬৪/- | জনাব মো: এমদাদুল হক<br>পিতা: মো: দুলাল মিয়া<br>গ্রাম: কাদিরপাড়া<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =২৬,৩০,০০০/- |
| ০৮. | জিনারপুর বাজার | =৮০,০১৩/- | জনাব মো: নাসির উদ্দিন<br>পিতা: মো: হোসেন আলী<br>গ্রাম: বাগবেড়<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৪,৫২,২০০/- |
| ০৯. | মাহিমপুর বাজার | =২১২৩/- | জনাব মো: লাল মিয়া<br>পিতা: মৃত আব্দুল কাদির<br>গ্রাম: মাহিমপুর<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =২৫৫০/- |
| ১০. | ভাদেরটেক বাজার | =২২৫০/- | জনাব মো: আনোয়ার হোসেন<br>পিতা: মো: সাগর ইসলাম<br>গ্রাম: ভাদেরটেক<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৬০০০/- |
| ১১. | শক্তিয়ারখলা বাজার | =১৫৯০/- | জনাব মো: কবিরুর আলম<br>পিতা: মো: আমিনুল ইসলাম<br>গ্রাম: বাগবাড়ী<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৬০০০/- |
| ১২. | ডলুরা বাজার | =৭৯৮৭/- | জনাব মো: রাহু মিয়া<br>পিতা: মৃত ইসকন্দর আলী<br>গ্রাম: মুক্তিখলা<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৮০০০/- |
| ১৩. | নারাকপুর বাজার | =৩০০৫/- | জনাব মো: রাহু মিয়া<br>পিতা: মৃত ইসকন্দর আলী<br>গ্রাম: মুক্তিখলা<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৩২০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়।

০১। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সর্বোচ্চ দরদাতাগণের অনুকূলে বর্ণিত বাজারসমূহ ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদানের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান**, বিশ্বম্ভরপুর উপজেলাধীন নৌকাঘাট/ফেরীঘাটসমূহ ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদান সংক্রান্ত উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটির ১২-০২-২০২৪ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ ডাক প্রদানকারী ব্যক্তির অনুকূলে ইজারা প্রদানের প্রস্তাবনা সভায় তুলে ধরেন।

| ক্রম: | নৌকাঘাটের নাম | সভায় সরকারি মূল্য | সর্বোচ্চ দরদাতা ব্যক্তির নাম | সর্বোচ্চ দরের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১. | বিশ্বম্ভরপুর বাজার নৌকাঘাট | =১,১৮,৯৫০/- | জনাব মো: কবির আহমদ<br>পিতা: মৃত আলকাছ উদ্দিন<br>গ্রাম: বিশ্বম্ভরপুর<br>উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা:সুনামগঞ্জ | =১,৩৯,৪০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২. | বিশ্বম্ভরপুর থানা সদর নৌকাঘাট | =১৬,৫০০/- | জনাব আব্দুল কাদের<br>পিতাঃ মৃত আ: মোতালিব<br>গ্রামঃ মুক্তিখলা<br>উপজেলাঃ বিশ্বম্ভরপুর,জেলাঃসুনামগঞ্জ | =২৩,৫২১/- |
| ০৩. | ডলুরা নৌকাঘাট | =১,১১,৬৫০/- | জনাব মোঃ নাছির উদ্দিন<br>পিতাঃ মৃত মীর হোসেন<br>গ্রামঃ মধুরকান্দি<br>উপজেলাঃ বিশ্বম্ভরপুর,জেলাঃসুনামগঞ্জ | =১,২৬,৬৫০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত ও অনুমোদিত হয়।

০১। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে বর্ণিত নৌকাঘাটসমূহ সর্বোচ্চ দরদাতার অনুকূলে ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদানের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ

| | | |
|---|---|---|
| ক. <u>উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:</u> **উপজেলা নির্বাহী অফিসার জানান**, ক. উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর ফেব্রুয়ারি-২০২৪ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ মোট =২,০৩,৭০৫/- টাকা<br>খ. উপজেলা পর্যায়ে জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৪ উদযাপন বাবদ=২৫,০০০/- টাকা<br>গ. পলাশ ইউনিয়নের মাধাইর গ্রামে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তির পুনর্বাসন,প্রাক্তন ও নিজস্ব আবাসিক ভবন মেরামত বাবদ =২৬,২০০/- টাকা<br>ঘ. অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত =১,২৫,০০০/-<br>ঙ. মহান স্বাধীনতা দিবস-২০২৪ উদযাপন বিল =১,০০০০০/-<br>চ.বন্যায় ক্ষতিগ্রস্ত পলাশ উচ্চ বিদ্যালয়ের ড্রেন পুনঃনির্মাণ বিল = ৪১,২৫০/-<br>ছ. আনসার ক্যাম্পের ফেব্রুয়ারি-২৪ মাসের জ্বালানী বিল বাবদ= ৩২০০/- টাকার বাছিত বিল অনুমোদনের প্রস্তাব করেন।<br><br>খ. <u>জনাব শফিউল আলম,প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার সাংবাদিক ইউপি: ফতেপুর এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে:</u> **উপজেলা নির্বাহী অফিসার** সভায় জানান, জনাব শফিউল আলম কথিত প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার সাংবাদিক পরিচয় দিয়ে উপজেলার সরকারি বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তাবৃন্দকে অনৈতিক প্রস্তাব করেন। তার প্রস্তাবে রাজি না হলে সে অপসাংবাদিকতাসহ হয়রানি ও কর্মকর্তাবৃন্দের নামে বিভিন্ন অপপ্রচার করেন। এছাড়াও সে একটি মাদ্রাসার নাম করে সরকারি বিভিন্ন দপ্তর হতে বিভিন্ন অনুদান নিয়ে আত্নসাৎ করেন। তার সকল কার্যক্রম এবং মাদ্রাসার নাম করে সরকারি দপ্তর হতে বিভিন্ন অনুদান নিয়ে আত্নসাৎ করার বিষয়টি তদন্ত করার জন্য নিম্নবর্ণিত তদন্ত কমিটি গঠনের প্রস্তাব করেন:<br><br>ক. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - আহবায়ক<br>খ. চেয়ারম্যান,বাদাঘাট দ: ইউপি- সদস্য<br>গ. চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি- সদস্য<br>ঘ. উপজেলা প্রকৌশলী - সদস্য<br>ঙ. প্রতিনিধি, অফিসার ইনচার্জ- সদস্য<br>চ. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-সদস্য<br>ছ. সাধারণ সম্পাদক,প্রেস ক্লাব- সদস্য সচিব | ক. উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর ফেব্রুয়ারি-২০২৪ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ মোট =২,০৩,৭০৫/- টাকা<br>খ. উপজেলা পর্যায়ে জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৪ উদযাপন বাবদ=২৫,০০০/- টাকা<br>গ. পলাশ ইউনিয়নের মাধাইর গ্রামে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তির পুনর্বাসন,প্রাক্তন ও নিজস্ব আবাসিক ভবন মেরামত বাবদ =২৬,২০০/- টাকা<br>ঘ. অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত =১,২৫,০০০/-<br>ঙ. বন্যায় ক্ষতিগ্রস্ত পলাশ উচ্চ বিদ্যালয়ের ড্রেন পুনর্নির্মাণ বাবদ = ৪১,২৫০/-<br>চ. মহান স্বাধীনতা দিবস-২০২৪ উদযাপন বাবদ =১,০০০০০/-<br>ছ. আনসার ক্যাম্পের ফেব্রুয়ারি-২৪ মাসের জ্বালানী বিল বাবদ=৩২০০/- টাকার বাছিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত ক-ছ পর্যন্ত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক আত্তাপিত খাত এবং অন্যান্য অনুমোদিত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় বর্ণীত খাত মোতাবেক পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০২. জনাব শফিউল আলম,প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার সাংবাদিক পরিচয় দিয়ে উপজেলার সরকারি বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তাবৃন্দের সাথে অসদাচরণ,হয়রানি ও বিভিন্ন অপপ্রচার এবং মাদ্রাসার নাম করে সরকারি বিভিন্ন দপ্তর হতে অনুদান নিয়ে আত্নসাৎ করার বিষয়ে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য গঠিত তদন্ত কমিটিকে তদন্তপূর্বক দ্রুততর সময়ের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য সকলকে অনুরোধ করা হয়। | (ক)<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বিশ্বম্ভরপুর<br><br>(খ) তদন্ত কমিটির সকল |

| | | | |
|---|---|---|---|
| | ঘ.উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্প অনুমোদন প্রসঙ্গে: **উপজেলা নির্বাহী অফিসার** সভায় জানান, ২৮-০২-২০২৪ তারিখের উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। | ০৪। ২৮-০২-২০২৪ তারিখের উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪- ১৯

তারিখ: ০৩-০৩-২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা.............................................. কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দঃ,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব..............................................................
১২। অফিস কপি।

০৩/০৩/২৪

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

২৯-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সাধারণ সভার হাজিরা:

পরিশিষ্ট "ঙ"

| ক্রমিক | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মোঃ সদর উদ্দিন,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ২ | জনাব মাহফুজা আক্তার রীনা, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৩ | জনাব মোঃ আক্তার খান, ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৪ | প্রতিনিধি চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৫ | জনাব সোহেল আহমদ, চেয়ারম্যান,পলাশ ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৬ | জনাব মোঃ মিলন মিয়া, চেয়ারম্যান,ধনপুর ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৭ | জনাব এডঃ মোঃ হযরত মিয়া,চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৮ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান,ফতেপুর ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |

অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক | নাম/পদবি |
|---|---|
| ১ | |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রমিক | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মফিজুর রহমান,উপজেলা নির্বাহী অফিসার,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ২ | জনাব শ্যামল বণিক,ওসি,বিশ্বম্ভরপুর থানা,সুনামগঞ্জ |
| ৩ | জনাব মোঃ ইকরামুল হোসেন,উপজেলা প্রকৌশলী, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৪ | জনাব মোঃ শফিকুল ইসলাম, পিআইও, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৫ | জনাব মোঃ সাইফুল ইসলাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৬ | জনাব সৌমিক সরকার, উপজেলা মৎস্য অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৭ | জনাব আকম এহসানুল হক, উপজেলা শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৮ | জনাব ফাহমিদা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৯ | জনাব মোঃ দুলাল আলম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১০ | জনাব মোছাঃ শিউলী বেগম, উপজেলা আনসার ভিডিপি অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১১ | জনাব রবীন্দ্র কিশোর রায়, বিআরডিবি কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১২ | জনাব সজীব দাশ, ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৩ | জনাব ডাঃ আব্দুল্লাহেল মারুফ ফারুকী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৪ | জনাব মোহাম্মদ আনিসুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৫ | জনাব মোহাম্মদ ফয়জুল হক,উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৬ | জনাব চৌধুরী জিয়াউল হক,উপজেলা নির্বাচন অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৭ | জনাব মৃদুল কান্তি সরকার, উপঃ সঃ জনস্বাস্থ্য প্রকৌশলী, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৮ | জনাব মোঃ নয়ন মিয়া, উপজেলা কৃষি অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রমিক | নাম/পদবি |
|---|---|
| ১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ২ | উপজেলা সমাজসেবা অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৪ | এজিএম (ওএন্ডএম),পল্লী বিদ্যুৎ সমিতি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৫ | উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

॥ উপজেলা পরিষদের মার্চ-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ॥

সভাপতি : জনাব মোঃ সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ২৭-০৩-২০২৪ খ্রি:
সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়িকরণ | **সভায়** উপস্থাপিত উপজেলা পরিষদের **ফেব্রুয়ারি**-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | **ফেব্রুয়ারি**-২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | **ফেব্রুয়ারি**-২০২৪ মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | **সভাপতি বলেন**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার বিষয়ে অনুরোধ জানান।<br>**অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা'র প্রতিনিধি** জানান, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, ওয়াজ মাহফিল/কীর্তন/বিভিন্ন ধরণ প্রশাসনের পূর্বানুমতি নিয়ে করার বিষয়ে সভায় প্রস্তাব করেন এবং এবিষয়টি বহুল প্রচারের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। | ০১। নারী নির্যাতন, বাল্যবিবাহ, ধর্ষণ, ইভটিজিং, মাদক, ধর্মীয় উগ্রবাদসহ আইন শৃঙ্খলা পরিপন্থি সকল অপরাধ প্রতিরোধে পুলিশী তৎপরতা আরোও জোরদারপূর্বক সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য স্থানীয় পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>০২। এ উপজেলার আইন শৃঙ্খলা পরিবেশ সমুন্নত রাখার স্বার্থে স্থানীয় প্রশাসনের অনুমতি ব্যতীত যাতে কেহ কোন প্রকার সভা/সমাবেশ/ধর্মীয় সম্মেলন/যাত্রা/সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি না করতে পারে তা নিশ্চিত করার জন্য অফিসার ইনচার্জ, বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। তাছাড়া ইসলামী সভা/ওয়াজ মাহফিল করার জন্য নির্ধারিত তারিখের কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে এ উপজেলার ইসলামিক ফাউন্ডেশনের দায়িত্বরত মডেল কেয়ারটেকারের সুপারিশসহ অনুমতি চেয়ে সংশ্লিষ্ট সকলকে স্থানীয় প্রশাসনের নিকট আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, আগামী ০৩-০৭ এপ্রিল ২০২৪ খ্রি. পর্যন্ত শাহ আরেফিন (রাঃ) এর বাৎসরিক ওরশ এবং শ্রীঅদ্বৈত মহাপ্রভুর পণতীর্থ বারুণী গঙ্গাস্নান অনুষ্ঠিত হবে। সুন্দর ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের নিমিত্ত আইন-শৃঙ্খলা ব্যবস্থাপনা,ট্রাফিক ব্যবস্থাপনা ও পরিবহন ব্যবস্থা উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করেন। | ০৩। শাহ আরেফিন (রাঃ) এর বাৎসরিক ওরশ এবং শ্রীঅদ্বৈত মহাপ্রভুর পণতীর্থ বারুণী গঙ্গাস্নান সুন্দর ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের নিমিত্ত যানবাহন চলাচল নিয়ন্ত্রণসহ পূণ্যার্থী ও ভক্ত আশেকানদের নির্বিঘ্নে চলাচল নিশ্চিত করার জন্য ট্রাফিক ব্যবস্থাপনার নিমিত্ত পর্যাপ্ত পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অফিসার ইনচার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলী জানান**, ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম চলমান।<br><br>**চেয়ারম্যান,ধনপুর ইউপি সভায় জানান**, শাহ আরেফিন (রাঃ) এর বাৎসরিক ওরশ এবং শ্রীঅদ্বৈত মহাপ্রভুর পণতীর্থ বারুণী গঙ্গাস্নান সুন্দর ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের নিমিত্ত যানবাহন চলাচল নিয়ন্ত্রণসহ পূণ্যার্থী ও ভক্ত আশেকানদের নির্বিঘ্নে চলাচল নিশ্চিত করার সুবিধার্থে চিনাকান্দি-মাছিমপুর রাস্তার আঃ খালী মেম্বারের বাড়ীর পার্শ্বের ব্রীজ মেরামত করার প্রস্তাব করেন।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি সভায় জানান**, পাকিজান মসজিদ সংলগ্ন ব্রীজ মেরামত করার প্রস্তাব করেন।<br>**ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান**, ধনপুর-পলাশ রাস্তার ধনপুর বাজারের পূর্ব পার্শ্বের অংশ ও ধনপুর-চিনাকান্দি রাস্তার ধনপুর বাজারের উঃ পার্শ্বের মোড় প্রশস্তকরণের প্রস্তাব করেন।<br><br>**চেয়ারম্যান,ধনপুর ইউপি সভায় জানান**, কাটাখালী - চরগাঁও রাস্তার ভেঙ্গে পড়া ব্রীজটি দীর্ঘদিন যাবত পরিত্যক্ত অবস্থায় থাকায় জনদুর্ভোগ প্রকটভাবে বৃদ্ধি পাচ্ছে। উক্ত ব্রীজটি মেরামত করে বেইলি ব্রীজে রূপান্তর করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, মধুরকান্দি বাজারে কশাই শেড নির্মানের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা প্রকৌশলী জানান**, বিশ্বম্ভরপুর-তাহিরপুর সড়কের নতুনপাড়া অংশে রাস্তার উভয় পার্শ্বে জায়গা দখল করে অবৈধভাবে স্থাপনা নির্মান করার ফলে যানজটের সৃষ্টি হচ্ছে। অবৈধ স্থাপনা উচ্ছেদ করে সরকারি জায়গা উদ্ধারের জন্য সভায় প্রস্তাব করেন। | ০১। শাহ আরেফিন (রাঃ) এর বাৎসরিক ওরশ এবং শ্রীঅদ্বৈত মহাপ্রভুর পণতীর্থ বারুণী গঙ্গাস্নান সুন্দর ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের নিমিত্ত যানবাহন চলাচল নিয়ন্ত্রণসহ পূণ্যার্থী ও ভক্ত আশেকানদের নির্বিঘ্নে চলাচল নিশ্চিত করার সুবিধার্থে মেরামতযোগ্য রাস্তা/ব্রীজ মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>০২। কাটাখালী-চরগাঁও রাস্তার ভেঙ্গে পড়া ব্রীজটি মেরামতপূর্বক বেইলি ব্রীজে রূপান্তর করার প্রস্তাব জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০৩। ধনপুর-পলাশ রাস্তার ধনপুর বাজারের পূর্ব পার্শ্বের অংশ ও ধনপুর-চিনাকান্দি রাস্তার ধনপুর বাজারের উঃ পার্শ্বের মোড় প্রশস্তকরণ, চিনাকান্দি-মাছিমপুর রাস্তার আঃ খালী মেম্বারের বাড়ীর পার্শ্বের ব্রীজ,পাকিজান মসজিদ সংলগ্ন ব্রীজ মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৪। ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৫। মধুরকান্দি বাজারে কশাই শেড নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৬। বিশ্বম্ভরপুর-তাহিরপুর সড়কের নতুনপাড়া অংশে রাস্তার উভয় পার্শ্বের অবৈধ স্থাপনা উচ্ছেদ করে সরকারি জায়গা উদ্ধারের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান**, এ বছর হাওরে বোরো ধান আবাদ হয়েছে ৭০৪০ হেক্টর। আগামী ১৫ এপ্রিল থেকে ধান কাটা শুরু হবে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি ভর্তুকী মূল্যে বিতরনের লক্ষ্যে আগামী ১০ এপ্রিল,২০২৪ পর্যন্ত আবেদন করা যাবে। অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির টপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক করা হচ্ছে। | ০১। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি ভর্তুকী মূল্যে বিতরনের লক্ষ্যে আগ্রহী কৃষকদের আবেদন করার বিষয়টি নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br><br>০২। অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির টপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক আয়োজনসহ বিভিন্ন ধরনের উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান**, হাসপাতালের এক্সরে মেশিন সচল | ০১। হাসপাতালের রান্না ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ মানসম্মত ও পরিমানমত খাবার সরবরাহ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | রয়েছে। শিশু ও বয়স্ক রোগীদের এক্সরে করানো হচ্ছে বাহিরের একটি ক্লিনিকের সাথে সমন্বয় করে। তিনি হাসপাতালের ল্যাব চালু রাখার স্বার্থে আউটসোর্সিং পদ্ধতিতে প্রয়োজনীয় জনবল সরবরাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>**তিনি আরো জানান**, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি ৫০ শয্যায় উন্নীত হলেও ৩১ শয্যার জনবল দিয়ে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।জনবল সংকট রয়েছে।<br>**তিনি আরো জানান**, করোনার ভ্যাকসিন বরাদ্দ পাওয়া গেছে সরবরাহ অপর্যাপ্ত থাকায় প্রাথমিকভাবে উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা,জনপ্রতিনিধিবৃন্দ ও জরুরী পরিসেবায় নিয়োজিতদেরকে টিকা দেয়া হবে। পর্যায়ক্রমে সকলকে টিকা দেয়া হবে।<br>**তিনি আরো জানান**, হাসপাতালের মূল ফটকের সামনে প্রায় ২০ফুট জায়গা নীচু থাকায় সামান্য বৃষ্টিতে পানি জমে আগত রোগী ও স্বজনদের মারাত্মক সমস্যা হয়।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, হাসপাতালের রান্না ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ মানসম্মত ও পরিমানমত খাবার সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | করার বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। হাসপাতালে আগত রোগী ও স্বজনদের সমস্যা লাঘবে বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মূল ফটকের সামনে প্রায় ২০ ফুট নীচু জায়গা উঁচু করে পাকাকরনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৩। সকল কর্মকর্তা,জনপ্রতিনিধিবৃন্দ ও জরুরী পরিসেবায় নিয়োজিতদেরকে প্রাথমিকভাবে করোনার টিকা দেয়ার বিষয়টি নিশ্চিত করাসহ পর্যায়ক্রমে সকলকে করোনার টিকা দেয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, মুজিব পল্লী ও আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর জন্য কর্মীদেরকে তাগিদ দেয়া হয়েছে।<br>**চেয়ারম্যান,ফতেপুর ইউপি** জানান, ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ভিজিটর না থাকায় জনগনের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা প্রদানে মারাত্মক সমস্যা হচ্ছে। | ০১। পরিবার পরিকল্পনার স্থায়ী/অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। মুজিব পল্লী ও আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কর্মীদেরকে তাগিদ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রানীসম্পদ বিভাগ | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা** জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিআরডিবির আওতাধীন ০৩টি আবাসিক ভবন রয়েছে। পর্যাপ্ত বরাদ্দ না থাকায় ভবনের রক্ষণাবেক্ষণ করা সম্ভব হচ্ছেনা। উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরনের জন্য প্রস্তাব করেন।<br>**তিনি আরো জানান**, বিআরডিবি'র আওতায় অত্র উপজেলার সমিতি/দলের সদস্যদের কাছে সর্বমোট = ৫০,৮৭,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ ঋণ খেলাপী রয়েছে। উক্ত টাকা আদায়ে স্ব-স্ব সমিতি/দলের সদস্যদেরকে নোটিশ দেয়া হলেও তারা ঋণ পরিশোধ করছেনা। খেলাপী ঋণ আদায়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারের হস্তক্ষেপ কামনা করেন। | ০১। বিআরডিবির আওতাধীন ০৩টি আবাসিক ভবন রক্ষণাবেক্ষণ ও মেরামত করার নিমিত্ত বরাদ্দ প্রাপ্তির লক্ষে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। বিআরডিবির আওতাধীন বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। বিআরডিবি'র আওতায় অত্র উপজেলার সমিতি/দলের সদস্যদের কাছে সর্বমোট = ৫০,৮৭,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা নির্বাহী অফিসার জানান**, বিআরডিবির আওতাধীন বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান, ২০২৩-২৪ অর্থ বছরে ৩য় পর্যায়ে টিআর=১৯,৯৭,৮৫৩টাকা,কাবিটা=২৬,৩১,৬৮৩ টাকা ও চাল: ১৯.২০৪ মেটন,গম: ১৯.২০৪ মেটন, বরাদ্দের বিপরীতে প্রাপ্ত প্রকল্পগুলোর অনুমোদন পাওয়া গেছে। মাঠ পর্যায়ে বাস্তবায়ন কাজ চলমান।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, বর্ষা মৌসুমে বিশ্বম্ভরপুর উপজেলার অধিকাংশ এলাকা পানিতে নিমজ্জিত থাকায় এবং সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন থাকায় ত্রাণ বিতরণসহ সরকারি বিভিন্ন কার্যক্রম পরিচালনা করতে মারাত্মক সমস্যা হয়। উক্ত সমস্যা নিরসনে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে একটি ইঞ্জিনচালিত নৌকা ক্রয়ের প্রস্তাব করেন। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরে ৩য় পর্যায়ের টিআর,কাবিটা'র কার্যক্রম তদারকী করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। বর্ষা মৌসুমে বিশ্বম্ভরপুর উপজেলার অধিকাংশ এলাকা পানিতে নিমজ্জিত থাকায় এবং সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন থাকায় ত্রাণ বিতরণসহ সরকারি বিভিন্ন কার্যক্রম পরিচালনার সুবিধার্থে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে একটি ইঞ্জিনচালিত নৌকা ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় অনুপস্থিত।<br>**চেয়ারম্যান,বাদাঘাট দ. ইউপি সভায় জানান**, বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত জুনিয়র স্কুল চালু রয়েছে। শিক্ষক সংকটের অজুহাতে উক্ত বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করাতে অনীহা প্রকাশ করছেন। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির জুনিয়র স্কুল চালু রাখার সম্মতি থাকা সত্ত্বেও উপজেলা শিক্ষা অফিসার,প্রধান শিক্ষক ও অন্যান্য শিক্ষকবৃন্দ জুনিয়র স্কুল শাখা বন্ধ করার চেষ্টা করছে। | বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত জুনিয়র স্কুল চালু রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। জরুরী ভিত্তিতে উক্ত বিদ্যালয় পরিদর্শন করে জুনিয়র স্কুল শাখা চালু রাখার স্বার্থে পর্যাপ্ত শিক্ষক পদায়নসহ সার্বিক বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান**, এসএসসি ও সমমানের পরীক্ষা-২০২৪ নকলমুক্ত পরিবেশে সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। আগামী ২৪-০৪-২০২৪ হতে ২৫-০৪-২০২৪ এ জাতীয় শিক্ষা সপ্তাহ আয়োজন করা হবে। ১৪টি বিষয়ে শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।<br>**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান**, বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করার লক্ষ্যে ২০২৪ সালে কতজন শিক্ষার্থী প্রাথমিক সমাপনী পাশ করেছে এবং কতজন শিক্ষার্থী ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হয়েছে ও কতজন শিক্ষার্থী ভর্তি হতে পারেনি তার একটি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে জমা দেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও | ০১। শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করনের লক্ষ্যে নতুন সেকশন খোলার অনুমতি গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করার লক্ষ্যে ২০২৪ সালে কতজন শিক্ষার্থী প্রাথমিক সমাপনী পাশ করেছে এবং কতজন শিক্ষার্থী ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হয়েছে ও কতজন শিক্ষার্থী ভর্তি হতে পারেনি তার একটি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে জমা দেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান,** ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রমসহ সুদমুক্ত ক্ষুদ্রঋণ,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান।<br>**তিনি আরো জানান,** এ উপজেলার বয়স্ক ভাতাধারীদের ভাতা উত্তোলনসহ বিভিন্ন দাপ্তরিক কাজে সমাজসেবা অফিসে আগত ভাতাধারীদের বসার জন্য উপজেলা সমাজসেবা অফিসের পশ্চিম পার্শ্বে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পর্যাপ্ত চেয়ারের ব্যবস্থা করার প্রস্তাব করেন। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। কোন প্রকার হয়রানি ব্যতিরেকে সেবা গ্রহীতাদের কাঙ্খিত সেবা প্রদান নিশ্চিতকরত: ভাতা বিতরণের সময়সূচি সম্পর্কে সকল ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য ব্যাংক এশিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০৩। বয়স্ক ভাতাধারীদের ভাতা উত্তোলনসহ বিভিন্ন দাপ্তরিক কাজে সমাজসেবা অফিসে আগত ভাতাধারীদের বসার জন্য উপজেলা সমাজসেবা অফিসের পশ্চিম পার্শ্বে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পর্যাপ্ত চেয়ারের ব্যবস্থা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | সহ: জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য সহ: জনস্বাস্থ্য প্রকৌশলী কে অনুরোধ করা হয়। | সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান,** দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামি সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | বিট কর্মকর্তা,শক্তিমানপাড়া বিট সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শক্তিমানপাড়া বিটকে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিমানপাড়া |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান,** ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ৪০ লক্ষ টাকা ঋন আদায় এবং ৩৫লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** খেলাপী ঋন আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক এর দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ঋন বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। খেলাপী ঋন আদায়ে ঋন গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান,** নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান,** টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। বাজার মনিটরিংসহ মজুদ/ভেজাল বিরোধী | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br>০৪। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | অভিযান চলমান। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষনের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন করা হচ্ছে। আমন সংগ্রহের শতভাগ চাল সংগ্রহ করা হয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | মিল,গোদাম পরিদর্শন,বাজার মনিটরিং মজুদ/ভেজাল মজুদ বিরোধী অভিযান পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | |
| অ-ইজারাকৃত হাট-বাজারসমূহে ১৪৩১ বাংলা সনে খাস আদায় সংক্রান্ত | **উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান**, উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন মোট ২২টি হাটবাজার রয়েছে। ১৪৩১ বাংলা সনে মোট ১৩টি হাট-বাজার ইজারা দেয়া সম্ভব হয়েছে। ০১টি বাজারে (পাগনেড় বাজার) মামলা চলমান থাকায় বর্তমানে খাস আদায় চলমান রয়েছে। আগ্রহী দরদাতা না পাওয়ায় মোট ৮টি হাট-বাজার ইজারা দেয়া সম্ভব হয়নি। সরকারি রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে অ-ইজারাকৃত মোট ৮টি বাজারে ১৪৩১ বাংলা সনে খাস আদায়ের জন্য প্রস্তাব করেন। | সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন অ-ইজারাকৃত মোট ৮টি বাজারে ১৪৩১ বাংলা সনে খাস আদায়ের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সরকারি হাট-বাজারসমূহের,ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এর ২.১০ নং অনুচ্ছেদ ও ৪.১ নং অনুচ্ছেদ মোতাবেক পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |
| | বিবিধ | | |
| | ক. *উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসেবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে:* **উপজেলা নির্বাহী অফিসার জানান**, ক. উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর মার্চ-২০২৪ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ মোট = ২,০৩,৪৩৩/- টাকা<br>খ. উপজেলা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ বাবদ=৩০,০০০/- টাকা<br>গ. আনসার ক্যাম্পের মার্চ-২৪ মাসের জ্বালানী বিল বাবদ= ৩২০০/- টাকার বাছিত বিল অনুমোদনের প্রস্তাব করেন।<br><br>খ. *সর্বজনীন পেনশন স্কিমে ১৮-৫০ বছরের সকল নাগরিকের অংশগ্রহণ নিশ্চিতকরণ প্রসঙ্গে:* **উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান**, সকল নাগরিক এবং তার পরিবারের ভবিষ্যতের সুন্দর জীবন নিশ্চিত করনের জন্য সরকার সর্বজনীন পেনশন স্কিম চালু করেছে। উক্ত পেনশন স্কিমে ১৮ বছর থেকে ৫০ বছরের সকল নাগরিক অংশগ্রহণ করতে পারবে। এ বিষয়টি বহুল প্রচার ও প্রসারসহ সরকারের এ উদ্যোগটির সফল বাস্তবায়নের জন্য সকল দপ্তর প্রধান,জনপ্রতিনিধিবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>গ.*উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্প অনুমোদন প্রসঙ্গে:* **উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান**, ২৭-০৩-২০২৪ তারিখের উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>ঘ. *ধনপুর ইউনিয়নের রাজাপাড়ায় বর্ডার হাট স্থাপন প্রসঙ্গে:* **সভাপতি সভায় জানান**, বাংলাদেশ ও ভারতের সীমান্তে চোরাচালান রোধসহ ব্যবসা বাণিজ্যের সুবিধার্থে ধনপুর ইউনিয়নের রাজা পাড়ায় বর্ডার হাট স্থাপনের প্রস্তাব করেন। | (০১) ক.উপজেলা পরিষদ . চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর মার্চ-২০২৪ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা বিল বাবদ মোট = ২,০৩,৪৩৩/- টাকা<br>খ. উপজেলা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ বাবদ=৩০,০০০/- টাকা<br>গ. আনসার ক্যাম্পের মার্চ-২৪ মাসের জ্বালানী বিল বাবদ= ৩২০০/- টাকার বাছিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় বর্ণিত খাত মোতাবেক পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>(০২) সকল নাগরিক এবং তার পরিবারের ভবিষ্যতের সুন্দর জীবন নিশ্চিত করনের জন্য সরকারের গৃহীত সর্বজনীন পেনশন স্কিমে ১৮ বছর থেকে ৫০ বছরের সকল নাগরিক অংশগ্রহণ নিশ্চিত করণ, বহুল প্রচার ও প্রসারসহ সরকারের এ উদ্যোগটির সফল বাস্তবায়নের জন্য সকল দপ্তর [illegible] করা হয়।<br><br>(০৩) ২৭-০৩-২০২৪ তারিখের উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>(০৪) বাংলাদেশ ও ভারতের সীমান্তে চোরাচালান রোধসহ উভয় দেশের ব্যবসা বাণিজ্যের প্রসারের সুবিধার্থে ধনপুর ইউনিয়নের রাজা পাড়ায় বর্ডার হাট স্থাপনের নিমিত্ত জেলা প্রশাসক,সুনামগঞ্জ বরাবর প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
তারিখ: ০১-০৪-২০২৪ খ্রি:

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪- ২৪
অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, ২২৭, সুনামগঞ্জ-৪।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৮। উপজেলা........................................................ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, সলুকাবাদ, পলাশ, ধনপুর, বাদাঘাট দ:, ফতেপুর, ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
১১। জনাব..................................................................................।
১২। অফিস কপি।

০১/০৪/২৪
(মশিউর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

২৭-০৩-২০২৪ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সাধারণ সভার হাজিরা:

পরিশিষ্ট 'ক'

| ক্রমিক | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মো: সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | জনাব মাহফুজা আক্তার ঈমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৩ | জনাব মো: তাজ্জত খান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | জনাব সোহেল আহমদ, চেয়ারম্যান, পলাশ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৫ | জনাব মো: মিলন মিয়া, চেয়ারম্যান, ধনপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৬ | জনাব এড: মো: হাবিব মিয়া, চেয়ারম্যান, বাদাঘাট দ: ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৭ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, ফতেপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক | নাম/পদবি |
|---|---|
| ১ | চেয়ারম্যান, সলুকাবাদ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রমিক | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | জনাব মো: আ: সালাম ওসি (তদন্ত), বিশ্বম্ভরপুর থানা, সুনামগঞ্জ |
| ৩ | জনাব মোহাম্মদ ওবায়দুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | জনাব মো: আব্দুল আজিজ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৫ | জনাব মো: রুহুল হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৬ | জনাব সজীব দাশ, ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৭ | জনাব মো: এনায়েত হোসেন, এজিএম (ও এন্ড এম), পল্লী বিদ্যুৎ সমিতি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৮ | জনাব মো: সাইফুল ইসলাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৯ | জনাব মো: সাহান মিয়া, উপজেলা কৃষি অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১০ | জনাব মো: রুমান হাসান, উপজেলা সমাজসেবা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১১ | জনাব ডা: আব্দুল্লাহ আল মাহমুদ সালেহ, প্রতিনিধি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১২ | জনাব মো: শফিকুল ইসলাম, পিআইও, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৩ | জনাব মো: ইকরামুল হোসেন, উপজেলা প্রকৌশলী, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | জনাব মো: দুলাল আলম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৫ | জনাব ডা: সুমন চন্দ্র বর্মন, প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রমিক | নাম/পদবি |
|---|---|
| ১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | উপজেলা মৎস্য অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৩ | উপজেলা শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৫ | উপজেলা আনসার ভিডিপি অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৬ | উপ: স: জনস্বাস্থ্য প্রকৌশলী, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

‖ উপজেলা পরিষদের *<u>এপ্রিল-২০২৪</u>* মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ‖

সভাপতি : জনাব মোঃ সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ২৯-০৪-২০২৪ খ্রিঃ
সভার সময় : সকাল ১২. ০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | **সভায়** উপস্থাপিত উপজেলা পরিষদের **মার্চ-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | **মার্চ-২০২৪** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা করা হয়। অগ্রগতি সন্তোষজনক। | **মার্চ-২০২৪** মাসের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ। | সভায় উত্থাপনযোগ্য সুপারিশসমূহ বিভাগ ভিত্তিক আলোচনায় উপস্থাপন করা হয়। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা বিভাগ | **সভাপতি বলেন**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখাসহ শতভাগ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর সকল সদস্যকে তৎপর থাকার বিষয়ে অনুরোধ জানান।<br>**অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানা জানান**, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে। | নারী নির্যাতন, বাল্যবিবাহ, ধর্ষণ, ইভটিজিং, মাদক, ধর্মীয় উগ্রবাদসহ আইন শৃঙ্খলা পরিপন্থি সকল অপরাধ প্রতিরোধে পুলিশী তৎপরতা আরোও জোরদারপূর্বক সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য স্থানীয় পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |
| উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলী জানান**, ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম চলমান।<br>**উপজেলা প্রকৌশলী জানান**, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ০৫টি ইউড্রেন নির্মাণ বাবদ ভ্যাট আইটিসহ=১০,০৪,৯০০/-টাকা, | ০১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিশ্বম্ভরপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ০৫টি ইউড্রেন নির্মাণ (আইডিএনএফ: ০৬-২০২১-২২-৬০৯০১৮-০৪) বাবদ ভ্যাট আইটিসহ=১০,০৪,৯০০/-টাকা, মিহারচর এবং মাসোরটেক ক্লিনিকের ডেলিভারী কক্ষ নির্মাণ | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | মিয়ারচর এবং মাকেরটেক ক্লিনিকের ডেলিভারী কক্ষ নির্মাণ বাবদ ভ্যাট আইটিসহ= ১৫,০৪,০০০/- টাকা,উপজেলা কৃষি অফিসে ০৫টি পাওয়ার টিলার ক্রয় বাবদ ভ্যাট আইটিসহ= ১০,০৫৫৮৭/- টাকার বিল নির্বাচিত ঠিকাদারবৃন্দ ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক প্রকল্পসমূহের কাজ সম্পন্ন করে দাখিল করেছেন। ঠিকাদারের বিল পরিশোধের নিমিত্ত বিল অনুমোদন ও বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব),উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প,স্থানীয় সরকার বিভাগ,জনস্বাস্থ্য প্রকৌশল ভবন,ঢাকা বরাবর পত্র প্রেরণের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি সভায় জানান,** বিশ্বম্ভরপুর-আনোয়ারপুর রাস্তার কাজ চলমান থাকায় চলাচলের সুবিধার্থে বিকল্প রাস্তা হিসেবে নতুনপাড়া ভায়া বিশ্বম্ভরপুর বালিকা উচ্চ বিদ্যালয় রাস্তাটি মেরামতপূর্বক ব্যবহার উপযোগী করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি সভায় জানান,** বিশ্বম্ভরপুর-আনোয়ারপুর রাস্তার ভূমি অধিগ্রহণ কার্যক্রম নীতিমালা মোতাবেক সম্পন্ন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>**চেয়ারম্যান,ধনপুর ইউপি সভায় জানান,** কাটাখালী - বিশ্বম্ভরপুর রাস্তার আসামপাড়া গ্রামের জরাজীর্ণ ব্রীজটি ভেঙে নতুন ব্রীজ নির্মাণ কার্যক্রম খুব শীঘ্রই শুরু হবে। ব্রীজ নির্মাণকালীন চলাচলের সুবিধার্থে বিকল্প রাস্তা হিসেবে পার্শ্ববর্তী স্থানে একটি অস্থায়ী বেইলি সেতু নির্মাণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা প্রকৌশলী জানান,** ইউআরসি প্রশিক্ষণ কেন্দ্রে নতুন আসবাবপত্র সরবরাহ করার জন্য ২,৫৬,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ দিয়ে ০১টি প্রকল্প গ্রহণপূর্বক প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br>**উপজেলা প্রকৌশলী জানান,** বিশ্বম্ভরপুর উপজেলা কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ের ভবন জরাজীর্ণ অবস্থায় রয়েছে। জরাজীর্ণ ভবনসমূহ নিলাম ডাকের মাধ্যমে ভাঙার জন্য সভায় প্রস্তাব করেন। | (আইএনএফঃ ০৬-২০২১-২২-৬০৯০১৮-০২) বাবদ ভ্যাট আইটিসহ= ১৫,০৪,০০০/- টাকা,উপজেলা কৃষি অফিসে ০৫টি পাওয়ার টিলার ক্রয়(আইএনএফ: ০৬-২০২১-২২-৬০৯০১৮-০৩) বাবদ ভ্যাট আইটিসহ= ১০,০৫,৫৮৭/- টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। ঠিকাদারের বিল পরিশোধের নিমিত্ত বিল অনুমোদন ও বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব),উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প,স্থানীয় সরকার বিভাগ,জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ঢাকা বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>০২। বিশ্বম্ভরপুর-আনোয়ারপুর রাস্তার কাজ চলমান থাকায় চলাচলের সুবিধার্থে বিকল্প রাস্তা হিসেবে নতুনপাড়া ভায়া বিশ্বম্ভরপুর বালিকা উচ্চ বিদ্যালয় রাস্তাটি মেরামতপূর্বক ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৩। ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৪। বিশ্বম্ভরপুর-আনোয়ারপুর রাস্তার ভূমি অধিগ্রহণ কার্যক্রম নীতিমালা মোতাবেক সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৫। কাটাখালী -বিশ্বম্ভরপুর রাস্তার আসামপাড়া গ্রামের নতুন ব্রীজ নির্মাণকালীন চলাচলের সুবিধার্থে বিকল্প রাস্তা হিসেবে পার্শ্ববর্তী স্থানে একটি অস্থায়ী বেইলি সেতু নির্মাণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৬। ইউআরসি প্রশিক্ষণ কেন্দ্রে নতুন আসবাবপত্র সরবরাহ করনের জন্য বরাদ্দকৃত অর্থ দিয়ে ০১টি প্রকল্প গ্রহণপূর্বক প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৭। বিশ্বম্ভরপুর উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনসমূহ নিলাম ডাকের মাধ্যমে ভাঙার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা কৃষি বিভাগ | **উপজেলা কৃষি কর্মকর্তা জানান,** এ বছর হাওরে বোরো ধান আবাদ হয়েছে ৭০৪০ হেক্টর,কর্তন করা হয়েছে ৬৪৩৭ হেক্টর,হার ৯১%। নন্‌হাওরে বোরো ধান আবাদ হয়েছে ৩৫৪৩ হেক্টর,কর্তন করা হয়েছে ২৮৩ হেক্টর,হার ৮%।<br>তিনি আরো জানান, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি ভর্তুকী মূল্যে বিতরণের লক্ষ্যে ২টি কম্বাইন হারভেস্টার বরাদ্দ পাওয়া সাপেক্ষে বিতরণ করা হয়েছে।<br><br>**উপজেলা কৃষি কর্মকর্তা জানান,** আগামী ৩ মে হতে পাহাড়ী ঢল আসার সম্ভাবনা রয়েছে। পূর্ব প্রস্তুতি গ্রহণের জন্য সকল দপ্তর প্রধান ও জনপ্রতিনিধিগণকে | ০১। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি ভর্তুকী মূল্যে বিতরণের লক্ষ্যে আগ্রহী কৃষকদের আবেদন করার বিষয়টি নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br><br>০২। অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির টপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক আয়োজনসহ বিভিন্ন ধরনের উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>০৩। আগামী ৩ মে হতে পাহাড়ী ঢল আসার সম্ভাবনা থাকায় সর্বোচ্চ মোকাবেলায় পূর্ব প্রস্তুতি | উপজেলা কৃষি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | অনুরোধ করেন।<br>তিনি আরো জানান,অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়নে জমির উপ সয়েল রক্ষার্থে উঠান বৈঠক,তেল ফসলের আবাদ বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক করা হচ্ছে। | গ্রহণপূর্বক সতর্ত থাকার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য সকল দপ্তর প্রধান ও জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জনান, মুজিব পল্লী ও আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর জন্য সম্পতি রেজিস্ট্রেশন ও পরিবার পরিকল্পনার সেবা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার ভূমি মহোদয়গণকে অনুরোধ করা হয়েছে; এছাড়াও পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মীদেরকে তাগিদ দেয়া হয়েছে। তিনি আরো জানান, ইউনিসেফ কর্তৃক অত্র উপজেলার ১৭টি কমিউনিটি ক্লিনিক ও ০১টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে Reaching every mother and Newborn নামক প্রকল্প চলমান রয়েছে। এর ফলে মা ও শিশুদের স্বাস্থ্য সেবার মান আরো জোরদারকরা করা যাবে। | ০১। পরিবার পরিকল্পনার স্থায়ী/অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। মুজিব পল্লী ও আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর লক্ষ্যে কর্মীদেরকে তাগিদ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। মুজিব পল্লী ও আশ্রয়ন প্রকল্পগুলোতে পরিবার পরিকল্পনার সেবার মান আরো বাড়ানোর জন্য দম্পতি রেজিস্ট্রেশন কার্যক্রম জোরদারকরনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)-কে অনুরোধ করা হয়।<br>০৪। মা ও শিশুদের স্বাস্থ্য সেবার মান আরো জোরদারকরনের জন্য ইউনিসেফ কর্তৃক অত্র উপজেলার ১৭টি কমিউনিটি ক্লিনিক ও ০১টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে Reaching every mother and Newborn নামক চলমান প্রকল্পের কার্যক্রম সার্বিক তদারকি করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |
| উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিআরডিবির আওতাধীন ০৩টি আবাসিক ভবন রয়েছে। পর্যাপ্ত বরাদ্দ না থাকায় ভবনের রক্ষণাবেক্ষণ করা সম্ভব হচ্ছেনা। উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রস্তাব করেন।<br>**তিনি আরো জানান**, বিআরডিবি'র আওতায় অত্র উপজেলায় সমিতি/দলের সদস্যদের কাছে সর্বমোট = ৫০,৮৭,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ ঋণ খেলাপী রয়েছে। উক্ত টাকা আদায়ে স্ব-স্ব সমিতি/দলের সদস্যদেরকে নোটিশ দেয়া হলেও তারা ঋণ পরিশোধ করছেনা। খেলাপী ঋণ আদায়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারের হস্তক্ষেপ কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, বিআরডিবির আওতাধীন বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। বিআরডিবির আওতাধীন ০৩টি আবাসিক ভবন রক্ষণাবেক্ষণ ও মেরামত করার নিমিত্ত বরাদ্দ প্রাপ্তির লক্ষে প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। বিআরডিবির আওতাধীন বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। বিআরডিবি'র আওতায় অত্র উপজেলায় সমিতি/দলের সদস্যদের কাছে সর্বমোট = ৫০,৮৭,০০০/- টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সমবায় বিভাগ | **উপজেলা সমবায় কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা প্রাথমিক বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান**, ২৪-০৪-২০২৪ হতে ২৫-০৪-২০২৪ এ জাতীয় শিক্ষা সপ্তাহ আয়োজন করা হয়েছে। ১৪টি বিষয়ে শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।<br>**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান**, বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান**, শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করার লক্ষ্যে ২০২৪ সালে কতজন শিক্ষার্থী প্রাথমিক সমাপনী পাশ করেছে এবং কতজন শিক্ষার্থী ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হয়েছে ও কতজন শিক্ষার্থী ভর্তি হতে পারেনি তার একটি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে জমা দেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করনের লক্ষ্যে নতুন সেকশন খোলার অনুমতি গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। বাল্যবিবাহ ও মাদক থেকে শিক্ষার্থীদের বিরত রাখার জন্য এবং শিক্ষার হার বৃদ্ধি,উপস্থিতির হার বৃদ্ধি,শিক্ষার্থী ভর্তির হার শতভাগ, ঝরে পড়া রোধে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত অভিভাবক সমাবেশ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। শতভাগ শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করার লক্ষ্যে ২০২৪ সালে কতজন শিক্ষার্থী প্রাথমিক সমাপনী পাশ করেছে এবং কতজন শিক্ষার্থী ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হয়েছে ও কতজন শিক্ষার্থী ভর্তি হতে পারেনি তার একটি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে জমা দেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা বিভাগ | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান**, ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রমসহ সুদমুক্ত ক্ষুদ্রঋণ,মাতৃ ঋণ এবং প্রতিবন্ধী ঋণ কার্যক্রম চলমান। | ০১। ২০২৩-২৪ অর্থ বছরের সামাজিক নিরাপত্তা কার্যক্রম,পল্লী সমাজসেবা কার্যক্রম,রোগী কল্যান সমিতি,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণ,সমাজকল্যাণ পরিষদ এবং অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০২। কোন প্রকার হয়রানি ব্যতিরেকে সেবা গ্রহীতাদের কাঙ্খিত সেবা প্রদান নিশ্চিতকরতঃ ভাতা বিতরনের সময়সূচি সম্পর্কে সকল ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য ব্যাংক এশিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান**, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান**, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, সর্বজনীন পেনশন স্কীম গ্রহণের জন্য উপকারভোগীদের উদ্বুদ্ধ করণ অব্যাহত রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান**, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২২৬৩ জন উপকারভোগীদেরকে ৩০ কেজি হারে মোট ৬৭.৮৯০ মেঃ টন চালের এপ্রিল-২০২৪ মাসের ডিও ছাড় করা হয়েছে।<br>তিনি আরো জানান, মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে অধিকতর [illegible] | ০১। মা শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউপি হতে ৬জন উপকারভোগীর নাম (স্বাক্ষরসহ যুক্ত সম্পূর্ণ এনআইডি কার্ডসহ) প্রত্যেক মাসের ২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>০২। ভিডব্লিউবি কর্মসূচির আওতায় প্রতি উপকারভোগীর স্ব-স্ব হিসাব নাম্বারে ২২০/- টাকা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান,** ভিডব্লিউবি কর্মসূচির আওতায় প্রতি উপকারভোগীর স্ব-স্ব হিসাব নম্বরে ২২০/- টাকা হারে মাসিক সঞ্চয় যথাযথভাবে জমা করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। | হারে মাসিক সঞ্চয় যথাযথভাবে জমা করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা পরিবেশ ও বন বিভাগ | বিট কর্মকর্তা, শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা, শক্তিয়ারখলা বিটকে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | **শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান,** ঋণ বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান বিগত মাসে ৫০ লক্ষ টাকা ঋণ আদায় এবং ৪৫লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** খেলাপী ঋণ আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক এর দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়।<br>০২। খেলাপী ঋণ আদায়ে ঋণ গ্রহীতের প্রতি নোটিশ প্রদানসহ জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | **উপজেলা নির্বাহী অফিসার জানান,** নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান,** টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরণে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরণকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরণকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। বাজার মনিটরিংসহ মজুদ/ভেজাল বিরোধী অভিযান চলমান। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন করা হচ্ছে।<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান,** আগামী ৭ মে হতে জাতীয়ভাবে বোরো সংগ্রহ কার্যক্রম শুরু হবে। কৃষক তালিকা পাওয়ার পর অত্র উপজেলায় সংগ্রহ কার্যক্রম শুরু হবে।<br>**চেয়ারম্যান,পলাশ ইউপি জানান,** বোরো সংগ্রহ কার্যক্রম নীতিমালা মোতাবেক সম্পন্নকরনসহ কৃষক হয়রানীর বন্ধ এবং মধ্যস্বত্তভোগীদের দৌরাত্ম বন্ধসহ উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির কার্যক্রম জোরদার করনের জন্য প্রস্তাব করেন।<br>**উপজেলা নির্বাহী অফিসার জানান,** জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। জনপ্রতিনিধিবৃন্দকে সম্পৃক্ত করে খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৩। টিসিবিসহ খাদ্য বান্ধব কর্মসূচির চাল বিতরনে প্রাপ্ত অভিযোগ নিরসনে খাদ্য গোদাম হতে বিতরনকৃত চালের সেম্পল সংগ্রহ করে বিতরনকৃত চালের সাথে মিলিয়ে দেখার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়।<br>০৪। বাজারে বাজারে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে মিল,গোদাম পরিদর্শন,বাজার মনিটরিং মজুদ/ভেজাল মজুদ বিরোধী অভিযান পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।<br>০৫। বোরো সংগ্রহ কার্যক্রম নীতিমালা মোতাবেক সম্পন্নকরনসহ কৃষক হয়রানীর বন্ধ এবং মধ্যস্বত্তভোগীদের দৌরাত্ম বন্ধসহ উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির কার্যক্রম জোরদার করনের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |

বিবিধ

| | | | |
|---|---|---|---|
| | ০১. উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ও বিভিন্ন বিল অনুমোদন/পরিশোধ প্রসঙ্গে: **উপজেলা নির্বাহী অফিসার জানান**, ক. উপজেলা পরিষদ চেয়ারম্যান এর এপ্রিল-২০২৪ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল ও ঈদুল ফিতরের বকেয়া উৎসব ভাতা,আপ্যায়ন ও আনুষঙ্গিক বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা,উপজেলা পরিষদ আবাসিক ভবনসমূহের ক্ষুদ্র সংস্কারসহ পরিষ্কার পরিচ্ছন্নতা বিল বাবদ মোট = ১,৮৩,৩০৯/-টাকা<br>খ. আনসার ক্যাম্পের এপ্রিল-২৪ মাসের জ্বালানী বিল বাবদ= ৩৪০০/- টাকা<br>গ. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও অতিথি ভবন সংস্কার বাবদ = ৯৭,৪০০/- টাকা<br>ঘ. উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে সোলার প্যানেল স্থাপন,অফিস সরঞ্জাম ক্রয়,আসবাবপত্র ক্রয় এবং রাত্রি কালীন নিরাপত্তার জন্য নিরাপত্তা ছাউনী নির্মাণ কাজের জামানত বাবদ =৭০,০০০/- টাকার বাছিত বিল অনুমোদনের প্রস্তাব করেন।<br><br>০২. উপজেলা প্রকৌশলী সভায়, ২০২৩-২৪ অর্থ বছরের রাস্তাঘাট রক্ষণাবেক্ষণ খাতের অর্থায়নে গৃহীত (পরিশিষ্ট 'খ') তে সংযুক্ত প্রকল্প তালিকা অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>০৩. সোনালী ব্যাংক পিএলসি,বিশ্বম্ভরপুর শাখার সিনিয়র অফিসার (ক্যাশ) এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে: সভাপতি জানান, সোনালী ব্যাংক পিএলসি,বিশ্বম্ভরপুর শাখার সিনিয়র অফিসার (ক্যাশ) জনাব মারুফ আহমদ মল্লা'র বিরুদ্ধে ব্যাংকের সেবা গ্রহীতাদের সাথে দুর্ব্যবহারসহ কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তিতে নানাভাবে হয়রানি করেন। তার এহেন কর্মকাণ্ডে জনঅসন্তোষ প্রকটভাবে বৃদ্ধি পাচ্ছে। তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার,প্রিন্সিপাল অফিস,সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। | (০১) ক. উপজেলা পরিষদ চেয়ারম্যান এর এপ্রিল-২০২৪ মাসের সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল ও ঈদুল ফিতরের বকেয়া উৎসব ভাতা,আপ্যায়ন ও আনুষঙ্গিক বিল,জ্বালানী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা,উপজেলা পরিষদ আবাসিক ভবনসমূহের ক্ষুদ্র সংস্কারসহ পরিষ্কার পরিচ্ছন্নতা বিল বাবদ মোট = ১,৮৩,৩০৯/-টাকা<br>খ. আনসার ক্যাম্পের এপ্রিল-২৪ মাসের জ্বালানী বিল বাবদ= ৩৪০০/- টাকা<br>গ. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও অতিথি ভবন সংস্কার বাবদ = ৯৭,৪০০/- টাকা<br>ঘ. উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে সোলার প্যানেল স্থাপন,অফিস সরঞ্জাম ক্রয়,আসবাবপত্র ক্রয় এবং রাত্রি কালীন নিরাপত্তার জন্য নিরাপত্তা ছাউনী নির্মাণ কাজের জামানত বাবদ =৭০,০০০/- টাকার বাছিত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় বর্ণিত খাত মোতাবেক পরিশোধের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>(০২) ২০২৩-২৪ অর্থ বছরের রাস্তাঘাট রক্ষণাবেক্ষণ খাতের অর্থায়নে গৃহীত (পরিশিষ্ট 'খ') তে সংযুক্ত প্রকল্প তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>(০৩) সোনালী ব্যাংক পিএলসি,বিশ্বম্ভরপুর শাখার সিনিয়র অফিসার (ক্যাশ) জনাব মারুফ আহমদ মল্লা'র বিরুদ্ধে ব্যাংকের সেবা গ্রহীতাদের সাথে দুর্ব্যবহারসহ কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তিতে নানাভাবে হয়রানির অভিযোগের বিষয়টি তদন্তপূর্বক তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার,প্রিন্সিপাল অফিস,সুনামগঞ্জ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং- ৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০০৩.২৪- ২৯

তারিখ: ০২-০৫-২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা........................................ কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দঃ,ফতেপুর ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব...............................................................।
১২। অফিস কপি।

(মফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

২৯-০৪-২০২৪ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সাধারণ সভার হাজিরাঃ

পরিশিষ্ট 'ক'

| ক্রমঃ | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মোঃ সফর উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | জনাব সোহেল আহমদ, চেয়ারম্যান, পলাশ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৩ | জনাব মোঃ মিলন মিয়া, চেয়ারম্যান, ধনপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | জনাব এ্যাড: মোঃ [illegible] মিয়া, চেয়ারম্যান, বাদাঘাট দঃ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমঃ | নাম/পদবি |
|---|---|
| ১ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৩ | চেয়ারম্যান, সলুকাবাদ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | চেয়ারম্যান, ফতেপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রমঃ | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | শ্যামল বণিক, ওসি, বিশ্বম্ভরপুর থানা, সুনামগঞ্জ |
| ৩ | জনাব মোঃ দুলাল আলম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | জনাব মোঃ [illegible] হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৫ | জনাব সঞ্জীব দাশ, ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৬ | জনাব মোঃ আব্দুল আজিজ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৭ | জনাব ফাহমিদা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৮ | জনাব দেবল চন্দ্র পাল, প্রতিনিধি, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৯ | জনাব মোহাম্মদ ফজলুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১০ | জনাব মোঃ [illegible] হাসান, উপজেলা সমাজসেবা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১১ | জনাব মোঃ ইকরামুল হোসেন, উপজেলা প্রকৌশলী, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১২ | জনাব মৃদুল কান্তি সরকার, উপ. স. জনস্বাস্থ্য প্রকৌশলী, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৩ | জনাব মোঃ এনায়েত হোসেন, প্রতিনিধি (এজিএম), পল্লী বিদ্যুৎ সমিতি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | জনাব ডাঃ আব্দুল্লাহ আল মাহমুদ রাসেল প্রতিনিধি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৫ | জনাব মোঃ বুলবুল ইসলাম, [illegible], বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ১৬ | জনাব মোঃ [illegible] মিয়া, উপজেলা কৃষি অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্রমঃ | নাম/পদবি |
|---|---|
| ১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ২ | উপজেলা মৎস্য অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৩ | উপজেলা শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৫ | উপজেলা আনসার ভিডিপি অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |
| ৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ |

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর ,সুনামগঞ্জ ।

বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ মেরামত খাতের অর্থায়নে গৃহীত প্রকল্প তালিকা

পরিশিষ্ট 'খ'

| ক্রঃ নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমান | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত | ২০ লক্ষ টাকা | টেন্ডার | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত | ১০ লক্ষ টাকা | আরএফকিউ | |
| ০৩ | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন মেরামত | ৮ লক্ষ টাকা | টেন্ডার | |
| ০৪ | উপজেলা পরিষদ ডরমেটরি ভবন মেরামত | ৭ লক্ষ টাকা | টেন্ডার | |
| ০৫ | উপজেলা পরিষদ করবী ভবন মেরামত | ৮ লক্ষ টাকা | আরএফকিউ | |
| ০৬ | উপজেলা পরিষদ করবী ভবন মেরামত | ২ লক্ষ টাকা | পিআইসি | |
| ০৭ | উপজেলা পরিষদ পাহাড়িকা ও প্লাবন ভবন মেরামত | ১০ লক্ষ টাকা | আরএফকিউ | |

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

॥ উপজেলা পরিষদের **জুন-২০২৪ (৬ষ্ঠ উপজেলা পরিষদের ১ম মাসিক সভা)** মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ॥

সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ : ১০-০৬-২০২৪ খ্রি:
সভার সময় : বিকাল ৪.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্য-কে স্বাগত জানিয়ে ***৬ষ্ঠ উপজেলা পরিষদের ১ম মাসিক সভার*** কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত কর্মকর্তা/সদস্যকে স্ব-স্ব দপ্তরের চলমান গুরুত্বপূর্ণ কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন এবং প্রতিবন্ধকতা থাকলে উত্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অতঃপর বিভিন্ন বিভাগের কর্মকর্তা এবং সদস্যবৃন্দের অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

